The next morning we roamed within the village for a while. And during the process I could encounter some birds which resides in high altitude. I was not carrying any telephoto lens and very few bird oblige to give you clear shot. But Phugaon did yield 3 lifers to my kitty. We started descending down the same trail we came for last two days. Just before Meta the trail diverts to our next stop Nar-Phedi (3490m). It has a famous Mahendra Gompa and its Dharamsala is a cozy place trekkers need after a hard day's trek.



Next morning 2$^{nd}$ November we started a bit late after visiting the Monastery in the morning. From Nar-Phedi its all climb for 450m before a grassy meadow appears to slow down the heartbeat. From there its gradual climb to reach Nar village (4110m). Nar greeted us with huge chorten which resembles the BonPo ones  a branch of Tibetan Buddhism. Saw few villagers busy on slopes to collect vegetables like potato or garlic. Nar village is another example of ancient living, however their much-reserved culture is now vanishing. With excellent sunny day and pleasant sunshine, we decided to roam around the village and go for short climb behind the Gompa. Again Nar is connected to Mustang via Teri-La and we checked the trail that leads to it. The evening sunlight illuminated the plateau along with the peaks of Chombu and Kangaru. The Pisang peak was just in front of us and the huge Pisang wall continues to the point one can see towards our next day route to cross Kangla. Chulu East is a popular trekking peak on the Annapurna Circuit, was also visible. During the dinner we planned our next day's trek which would be arduous and ordered to pack our lunch by next morning 4.30am.



Next morning with all preparation and breakfast, the trek started finally on 5.30am with our headtorches on. During these early hours the verglasses formed, was easy to cross. Soon, the water crossings were over and we were on a relatively flat trail and little perceivable gradient. We were definitely climbing up as we regularly checked our altimeters. By 8am we crossed the last trekkers hut( closed) but recharged our body with few bites on chocolates. For next 3 and half hours it's a climb I will remember for my life but it was not all. Climbing to 5320m Kangla Pass is only interval of a thrilling movie and a job half done. Kangla is knife -edge pass on Pisang wall with barely a metre width available to stand. Full of flaky, pointed stones - sitting on it to pose for photograph was not a good idea at all. Our team had their brief lunch break there, but I did not feel the urge to eat anything. From Kangla the entire North Face of the Great Barrier ridge consisting entire Annapurna is visible Annapurna II, Annapurna IV, The Fang, Annapurna II, Gangapurna, Glacier Dome, Annapurna I upto Tilicho. Then comes the tricky part the descent. Climbing from 4110m to 5320m was not enough as this was the time to descend to Ngawal which sits in 3640m. We were heading down the steepest scree slope of my lifetime a roughly 70 degree descent. For over an hour or so, the focus was on to place was to each step precariously. With trekking poles to support we made the steep way down. Had it been any snow, it would be extremely difficult for this descent without any rope support. After about one and half hour we made it to the grassy slopes. Ngawal was visible but it was another 2 and half hours descend. To make things interesting we encountered a 80 degree rocky stepped patch to descend on our tired legs. Finally after 4 and half hours the 1700m drop from Kangla to Ngwal was achieved with knee crunching & toe crushing descent. The pleasures of good meals, hot shower & comfortable beds awaited us as we were back in the Annapurna circuit after 6 days!



# WHY LIFE BECOME STRESSFUL & HOW TO OVERCOME IT PERMANENTLY

Rajdeep Dutta
1988 EE

Do you sometimes ask yourself questions such as: How can we enjoy life in a world increasingly caught up in struggle? Why everywhere there is a lot of insecurity? Why I am putting in lot of efforts but not getting the desired result? etc. etc.

Whatever we do, most of the time they do not give expected results and increases our stress level which sooner or later impact our physical and mental wellbeing.

Mind, body and intellect is a package which is called 'ego'. If we are operating from this identity, then we will face all types of unforeseen obstacles which eventually make our life 'fear based'.

We will fear everything. We will fear about our economic stability, whether we can earn and survive. We will fear about our health, whether we can maintain a good health. What if some accident happens or what if we might lose our health falling prey to some diseases. We may worry about our relationships. All of us have different types of relationships, in working level, in the family level and so on we fear of losing good relationships and frustrated to see the increasing trend of painful ones.

We fear about all these. Fear about losing, fear about what will happen, fear about life going out of control, etc. etc. Whatever we want to do, when it does not happen, we become fearful, we get scared and we worry. Such fear-based existence often take toll on our physical and mental wellbeing. Our life become extremely stressful.

So, what is the solution to overcome such stressful life? The solution does NOT lie in the external world where our 'ego' operates. It is futile to seek solution outside. We must go to the next higher level, which is soul level. When we shift our operating level from ego (which is controlled by mind) to soul level, then our life transforms.

Soul level is a domain of pure love, power, creativity, joy, satisfaction and abundance. We must tap into that. Soul or our Higher Self exactly knows what our strength is and what is the best way forward for us in life.

When we operate in this world under the guidance of soul, then we will not consider the outside world as a threat to our lives. Because we will eventually know the truth that, nothing in the outside world can happen with us, without the consent of our soul. And at the soul level, there is nothing good or bad. All are just the experiences of life. When we depend completely on our soul or "Inner Guru", the sense of protection, the sense of security, the sense of joy, the sense of abundance automatically comes. So, we shall no longer looking for our happiness or achievement or satisfaction or success outside and in that process make our life stressful.

When we turn inward, we get unlimited fountain of joy. And when we touch upon that energy, that huge reservoir of joy, then there is nothing outside that matters anymore. So, we need to learn how to get into our soul consciousness. How to tap that energy. How to communicate with our soul. How to awaken our "Inner Guru" and take his guidance at each moment. This is exactly what spirituality is all about.

Thus spirituality is the key to permanently root out stress and fear from our lives. And enjoy the life to the fullest.

Om Mangalam

## Hariye Jawa Bikelbela

Subhashis Majumdar
1980 ME

Having lived in a city for more than sixty years, which is a rarity among the peers specially the school and college mates, one feels more nostalgic about the afternoons and evenings we seemed to have lost in the new millennium in this “globalised” city environment.

Only the other day, going past a well-known movie hall near a park in South Kolkata, I was quite excited to find a number of uniformed “Pointers” like us thronging the footpath near the entrance to the hall remembering my school days when we used to jump onto a tram to take us to this movie hall just in time for the evening show of a Bollywood romantic block buster!!

But hold on journey further into the lane, reveals the real truth !! The senior school students were all waiting to enter a much acclaimed tutorial centre located nearby for their guidance classes for entry into the premier institutes of India.

Like the movie theatres craving for viewers for the afternoon and evening shows, the playgrounds of the city whatever still remains after the real estate onslaughts have a futile wait for the merrymakers and the footballers to descend on these green turfs for an afternoon bout. Memories of taking a ferry from the Ramkrishnapur Ghat of Howrah to Babughat on the other side and then running to catch a public bus towards home every Saturday afternoon after the class hours at B E College- to be on time for the football sessions to begin lingers in the mind.

The nobel laureate was mentioning about a tea-stall adda he used to enjoy during his high school days and the undergraduate college days in the city near a Gol Park bus stand-which has passed into oblivion. This was a favourite joint for the “Pointers” and even for the college goers of our time with a majority of Jadavpur University participants but bit of other colleges like the Xavier's and B E C, Shibpur as well.

The Saturday and Sunday evenings of the seventies were vibrant with all these “intellectual minds” pouring in from different corners of the city and spending hours and hours on the never ending debates involving the football clubs, political parties, Indian cricket and Bollywood movies. The Bus route is discontinued, the bus-stand has disappeared and the nearby tea-stall which used to provide the appetizers for the debates to linger have been converted to an eating joint for the Police Station which is housed in the newly constructed building on the same plot. No *Comrades* are on sight !!

Musical shows and the Group theatre plays ruled the evenings in our youthful days. Not that they too have become low priority choices among the city-dwellers today. But do they still have patronage from the passionate cultural connoisseurs of the city ? A leading Bengali newspaper used to carry all the announcements in its Sunday edition enabling us to plan our entertainment route during the week be it a Tagore's dance drama at Rabindra Sadan, a Nandikar play at the Academy of Fine Arts or some time later- an award winning Movie of Gautam Ghosh or Buddhadev Dasgupta at the newly built film hub at Nandan.

To cap it all, there were the afternoon football league matches on the Mohun Bagan and East Bengal grounds which had most of our attention during the college days. Selecting the team to support was easy normally on the basis of your family linkages in the Eastern or Western part of Bengal or as in my case- the place of birth !! Mohun Bagan crowd seemed more decent in appearance and behavior pattern the makeshift stands of the club seemed to be more hardy to withstand the onslaughts of the supporters and also appeared to be better off with more corporate patronage so as to hire outstation players. So off to the ground once or twice a week again aided by Route 55 and the ferry service. The mud and the slash, the mountaineering police , the crowd yelling for the ball to be somehow put in the opponent's net and the heavenly choral “sound of achievement”

when a goal for Mohun Bagan really happened who can forget all these golden images which were so real in your college days !! Do the students of the Institute still have a same kind of passion ? Do they still cherish these afternoons on the Kolkata Maidan- as we did for all the years we spent on the other side of the Ganges?

Practicing performing arts or fine arts was part of almost Bengali households of our time. One still remember the difficulties one had to pass through in continuing with this passion hindered by career goals and the family pressure. Yet the evenings of the locality used to become colourful and vibrant with the sound of an instrumentalist or a vocalist rehearsing the musical lessons somewhere in the adjacent house. There were music schools in most localities mostly founded in the early days of India's Independence or the birth centenary of Rabindranath Tagore. How effectively these schools contributed in shaping the minds of our generation!! To take an example of our batchmates of B E College (1980), one gets a surprise almost every day with their rekindled creative efforts in music, literature and fine arts - once they are free from their working lives.

The friends of North Kolkata were lucky to find another afternoon charm as well the flying of kites once the monsoon clouds disappeared and the afternoon skies got cleared. Fascinating stories of such kite-flying exercises occupy most of the conversational space when we visit their newly built houses in the outskirts of the city. The open environment surrounding them now offers more exciting possibilities but who has the time to rewind the “Kati Patang” ?

Creativity blossoms in isolation. On a lazy autumn or winter afternoon- when the sun set early and you were left with a prolonged evening in your room- one used to get drowned with the classical strings of a Nikhil Banerjee or the soulful rendition of a Kanika Bandopadhyay Baje Karuno Surey. Or sit in the wide open verandah or roof top joint to finish the last few pages of a Sunil Gangopadhyay or a Shankar latest novel. The ears and the eyes get trained in the process the signals get transmitted to your inner soul to churn out a creative exercise !! Do we still have the same induction process carried with our cell-phones ?

Kolkata offered seasonal charms as well. The evenings spent at the Maidan during the Boi-Mela, the winter attractions of a Circus , the glittering film screenings during a festival , the musical soirees , the drama festivals, the inter-college events, the quiz shows and the fascinating evening strolls by the Ganges . Compare these with the aimless roaming and munching exercises at a City Mall, the hangover joints of a Salt Lake Shopping arcade or the Roof Top Musical blasts with Hookah and pre-paid companionship at the Dating clubs.

The family bondage has lost its strength in a gradual process. The grannies have all taken to the skies with their bountiful fairy tales and the adventurous stories. The working couples have become too busy with their “sustenance” or “wealth amassing” exercises the generation next are busy with their cell phones or work stations while the grandchildren born to our sixty plus clan are only available on a virtual platform from the other parts of the globe. So in this “peaceful equilibrium of sorts” who cares for an afternoon or an evening to add to the grey flavor of life ?

## If I wish to live a hundred years

Suman Deb Ray
1991 B Arch

Ever wondered what it would take to live a 100 years and where the elixir lies. Unfortunately, we are yet to figure out if it is lifestyle, food or the place we live that gives the extra 30 years. I came across a clipping in a random periodical and the answer was quite straight forward. Adjust your sail in the direction of one of the cities discussed, should you intend to live a century.

According to an expert in a radio show, this was a much serious matter than I had initially envisaged and starts much earlier. One has to begain with the right set of genes, she suggested and that is nothing less than winning a jackpot. Moreover, one's lifestyle and geographical location plays equal vital roles.

The dilemma however, is many of us have either known or heard of individuals who despite years of a diet rich in fat, cigarettes, and scotch, managed to live way, way longer than modern medicine could account for.

“My doctor tells me I should start slowing it down - but there are more old drunks than there are old doctors so let's all have another round,” says Willie Nelson and few will disagree with that.

But what I discovered about the world of centenarians is simply amazing. An article published on 12 July 2011 reported that the highest number of centenarians of the world resides in the US. Japan does not have as many centenarians but it has a higher proportion of its population aged 100 years or more. Japan's average life expectancy of 82.9 years is the longest lifespan among the countries illustrated below.

On 11 September 2015, Japan Times quoted Ministry of Health, Labor and Welfare estimating the number of centenarians in Japan at 61568, hitting a record high for the 45th straight year.

Italy might not feature in the list of countries with high number of centenarians, but people living in a remote town in the western coast of southern Italy are subject of study. Independent of UK recently reported that the town of Acciaroli has a disproportionately high number of centenarians in its population of about 2,000.Researchers have shortlisted 4 cities where the "fountain of youth" seems to flow freely as narrated in a feature in the Huffington Post.

It appears that people there eat more vegetables and did not abandon the earlier food habits under pressure of fast foods reports another post. The top Longevity Foods from Okinawa are Bitter melons, Tofu, Sweet potatoes, Turmeric, Brown rice, Shiitake mushrooms and Seaweeds (kombu & wakame)

Find in faith appears to be the secret of their longevity as the Seventh-day Adventists in Loma Linda don't smoke, drink alcohol or consume caffeine and some of them are on vegetarian diet like Okinawa. The tradeoff is eight to ten years longer life span than the average American. Like the people of Okinawa, some (but not all) Seventh-day Adventists of Loma Linda consume a mostly vegetarian diet.

The fountain of youth flows here and this place is dubbed the “island where people forget to die.” Centenarians here enjoy long lives without fear of dementia and other age-related chronic diseases. Their Mediterranean mountain lifestyle of laughing and playing often up until the wee hours of morning kept them well even in their 90s. Their diet is mostly fruits, vegetables, beans and olive oil.

The Nicoyans follow two principles in life. They have a clear sense of purpose in life and sense of belonging with a strong community and family ties. Like people of Okinawa, they also age slowly than their compatriots.

.....If you are leading the right lifestyle in the right place, better start preparing for the guest list for the 100th Birthday Celebrations. If you are lucky, few of your friends will be around to give you the bumps!

# কলেজবেলা

অর্ণব ব্যানার্জী
1990 EE

ভালবাসা জের, হাওয়া মোরোগের,
সুসময়ে ডাক শুনে
ঘড়ি থেমে যায়, ঠিক আটটায়,
আছো কারো দিন গুণে
ধূসরে বিলীন, ফেলে আসা দিন,
যদি একদিন ফেরে
যদি পুনরায়, পুরানো পাতায়,
চেনা গাছ যায় ভরে।

জোড়া গম্বুজে, বেশ আছে মজে,
টইটম্বুর অতীত
চার বসন্ত, বর্ষা হেমন্ত,
শরত গ্রীষ্ম শীত
মন দেওয়া নেওয়া, হর্ষ বেদনা,
ভরা এক পরিসরে
থেমেছিল যারা, চলে গেছে তারা,
সময়ের হাত ধরে।

ভাঙাচোরা স্মৃতি, খুঁজি আতিপাতি,
জীবনের অনুষঙ্গ
যা গেছে হারিয়ে, এসেছি মাড়িয়ে,
যত ব্যথা যত রঙ্গ
আজ স্থিমিত আবেগ, শরতের মেঘ,
চাইছে তাদের স্পর্শ
মন যে অবুঝ, বোঝেনা সবুজ,
ফেরেনা নবীন হর্ষ।

চেয়ে নিস্পলক, যন্ত্রগণক,
বর্তমানের পাহারা
চিলতে অতীত, হারিয়েছে মিত,
ছবিদের চলে মহড়া।
অঙ্ক মেলাতে উঠেছিল মেতে,
ক্ষয়ে গেছে পেন্সিল
কাগজের ভীড়ে, কোথা গেছে উড়ে,
ভাবনারা গাঙ্গচিল।

## দুর্বহ সঞ্চয়

ভার হাল্কা হয় জীবনের...
দিনে দিনে,
বছরে বছরে...
ঝরে যায়
কিছু প্রিয় দায়ভার...
হাল্কা করে দিয়ে যায়...
স্মৃতির সঞ্চয়
কঠিন...
দুর্বহ...
বড় নাছোড়...
দিনে দিনে।

## ভঙ্গুর

ভঙ্গুর তো সবই...
সম্পর্ক
ভালোবাসা
মন
জীবন...
জোড়া লাগে না
কোনো ম্যাজিক-ছোঁয়ায়...
বয়ে ফেরে অপবাদ...
দুর্ভাগা কাঁচ।

## আখেরি

গুটিয়ে নিচ্ছি লাটাই,
এবার
নোঙর উপড়ে নেবার পালা,
ছিন্নভিন্ন ঘুড়ি
নামবে অজানা ধুসরে,
ক্লান্ত ডানা
নীড়ের খোঁজে হাঁকপাঁক...

লজ্জাবতী - আদুরে আবেগ
আজ পাথুরে ফসিল,
আঘাতে আঘাত,
বড় বাড়তি যেন...
আলাপ-বিস্তার,
অবসর চাইছে আজ,
জীবন এখন...
তেহাই ছন্দে যাক।

**সুকন্যা রায় সরকার**
(Wife of Barid Roy Sarkar)
1989 ETC

# সম্মোহনী গন্ধ

ডঃ অমরনাথ কুমার
1968 MET

অপ্রতিম একটা গাছ, একলা দাঁড়িয়ে
মা গঙ্গার পাড়ে, অনতিদুরে
গাছ না গাছের প্রপিতামহ
প্রকৃত অর্থে মহীরুহ
আদি আছে, অন্ত নেই
বয়স আছে, বার্ধক্য নেই
বৃদ্ধি আছে, অবক্ষয় নেই
সুদৃঢ় শিকড় আছে, ঝড়-ভীতি নেই
শক্ত পোক্ত কিছু ডাল পালা
সুশৃঙ্খল, সুবিন্যস্ত, সুগঠিত
ডালের আগায় শ্যামল শাখা,
শাখায় শাখায় পল্লবিত প্রশাখা
লতা পাতা ছায়া ছালবাকলে গাছটার শ্রী আছে
আছে অপার্থিব অলৌকিক কিছু ক্ষমতা।

নির্দিষ্ট সময় আসে বছর ঘুরে,
শয়ে শয়ে ফুলে ফুলে ঢাকে শাখা-প্রশাখা
কুঁড়ি থেকে সদ্য ফোটা,
প্রভাতী আলোয় রংয়ের ছটা
ডালিয়া ক্যালেনডুলা লিলি ডায়ানথাস গোলাপ
জবা রডোডেনড্রন চাঁপার সাড়ম্বর দৃশ্য
বর্ণে গন্ধে সুরভিতে উজ্জীবিত হয়, প্রতীক্ষিত গাছ
পুরানো হাজার ফল-ফুলের মাঝে নবীনের সমাদৃত সমাহার,
এ যেন ক্ষুদ্র ক্ষুদ্র জলপ্রপাতের মহাসাগরে আত্মসমর্পণ
বিশ্বকবি রবীন্দ্রনাথের ভাষায় -
"কেহ নাহি জানে কার আহ্বানে কত মানুষের ধারা
দুর্বার স্রোতে এলো কোথা হতে সমুদ্রে হল হারা"।

অবিচ্ছেদ্য সংমিশ্রণ, নবাগতরা হারায় স্বকীয়তা
গাছটির পরিচর্যায় গড়ে ওঠে প্রগাঢ় অন্তরঙ্গতা
সৃষ্টি হয় এক ঐকতান, এক সুর লয় ছন্দের গান
ভেসে থাকে এক অনাস্বাদিত গন্ধ
যে গন্ধের তীব্র মাদকতা আছে, নেশার আসক্তি ছড়ায়
যে গন্ধের পরিব্যাপ্তি আছে, মনের আনাচ্ কানাচ ভরায়
যে গন্ধের সম্মোহনী শক্তি আছে, অটুট বন্ধনে জড়ায়।

পাঁচ বছরের স্থায়িত্বে ঘটে আমূল রূপান্তর
পরাগ মিলনে ফুল পরিণত হয় ফলে,
মায়াবী পটুতায় ঘটে ক্রম বিকাশ ও পরিবর্তন
জ্ঞান বিদ্যা বুদ্ধি প্রশিক্ষণে ফল হয় ফলরূপী মানব
ফলরূপী মানবেরা জন্ম দেয় দক্ষ প্রকৌশলীদের
দিক্ষীত করে মানুষের মত মানুষ হবার মন্ত্রে,
নির্বাক নিশ্চল গাছটার তখনই কথা বলা -
বিদায়ী বাণী, বছরের সুনির্ধারিত সময়ে
"তোমাদের - পথ হোক সুগম, শুভ পথ চলা"
প্রকৌশলীরা ছড়িয়ে পড়ে স্বদেশে - বিদেশে
কর্ম জীবনের ব্যস্ততায়, সংসার সমুদ্র সংগ্রামে
প্রগতি ও সমৃদ্ধির উজ্জ্বল আলোয়
যশ, কৃতিত্ব, সাফল্যের চরম শিখরে
কেউবা হাঁটে তপ্ত বালুতে, দুর্গম পাহাড়ে
ভাঙ্গাগড়ার মাধুর্যে এগিয়ে চলে দুরন্ত জীবন,
পায়ে পায়ে হেসে খেলে বার্ধক্যের দুয়ারে
অনন্য এক গন্ধ মাঝে মধ্যে নাড়া দেয় সবারে।

আবর্তমান প্রকৃতির অলঙ্ঘিত নিয়ম
অনুরূপ ছিল ১৯৬৮-সালের ঘটনা
বিরামহীন গাছটা যাত্রা করেছিল
নব পুষ্প সম্ভারে, নব প্রযত্নে, চক্রাকার পথ চলা
মানুষ সৃষ্টির ক্লান্তিহীন নিরলস সাধনার খেলা।

২০র চৌকাঠে দাঁড়িয়ে সেই প্রকৌশলীদের দল-
বিদ্যা জ্ঞান অনুভূতি উপলব্ধি অভিজ্ঞতা সমৃদ্ধ
অবসরপ্রাপ্ত জীবনের গোধূলী-লগ্নে কিছু অবসন্ন
হাঁটুতে টান, গাঁটেতে ব্যথা, ধূলি-ধূসরিত স্মৃতি
কিছুবা হয়ে গেছে দূর আকাশের উজ্জ্বল তারা
আধুনিক প্রযুক্তি যন্ত্র এখন নিত্য-ক্ষণের সঙ্গী
নিঃসঙ্গতা কাটায়, মরণ-বাঁচনের সমাচার পাঠায়।

সাত দশকের প্রবীণ দল এখন দোলাচলে
পুরানো সেই দিনের কথায় ভেজার ছলে
সম্মিলিত হয়, ৬৮ থেকে ৭৩র ছবি বুকে
৩৬০ ডিগ্রীর দৃষ্টিকোণে পর্যালোচনা করে
সূর্যাস্তের পড়ন্ত আলোয় জীবন তত্ত্ব ঘাঁটে
মাথায় হাত রেখে পাওয়া চাওয়ার অঙ্ক কষে,
জীবের স্বাদে তিক্ততা, দিন যায় রাত আসে
কফির রং হয়ে যায় কৃষ্ণ থেকে কৃষ্ণতর
বারে বারে আসে ঘুরে, চেনা মুখ সারি সারি
ঝাপসায় দু চোখ, কুয়াশায় পথ হারায় মন।

দিগন্তে ঘোলাটে চোখ মেলে আজ খুঁজে বেড়ায়-
ভারাক্রান্ত স্মৃতির মণিকোঠায় হাতড়ে বেড়ায়
একটা অপ্রতিম গাছ আর অনন্য সুন্দর গন্ধকে
যার সম্মোহনী শক্তি আজো অটুট বন্ধনে জড়ায়॥

# লক্ষী

পিনাকী রঞ্জন চক্রবর্তী
1961 CE

ছোট্ট মেয়ে নাম ছিল তার লক্ষী,
আসা যাওয়ায় সে ছিল খুব চটকি,
হাসির মত হাসতে সে যে জানতো,
তাই তো সবার তাকে ভালো লাগত।

বড় হবার তাগিদ ছিল বেশী,
তাই তো শাড়ি কুঁচিয়ে পরেই খুশি।
লিখতে না হয় শিখবে কখন পরে,
বলতে কথা নাই যে তার তরে।

ইস্কুলেতে সবার প্রিয় সে যে,
পড়ার ঘরে, খেলার মাঠে,
মাস্টার আর সবার ঘরে,
যাতায়াত তার সদাই যে আজ আছে।
সময় তার একটুও নেই হাতে,
প্রতিদিনের ছাত্রী জীবন ব্যস্ততাতেই কাটে।

হঠাৎ কখন স্কুলের গণ্ডি ছেড়ে,
হুমড়ি খেয়ে কলেজ পাড়ায় থামে।
সেখানেতে সঙ্গী অনেক মেলে,
বিশেষকরে একটি নতুন ছেলে।

ঘুম নেই তো এখন চোখের পাতায়,
মন জুড়ে আজ সেই ছেলেটির কথায়,
মন টিকে না বাইরে কিম্বা ঘরে,
পড়াশুনা উঠলো শিকের পরে।

থামলো কথা, শান্ত সে আজ ঘরে,
কলেজ পড়া শেষ হলো না বুঝি,
ভাবের ঘোরে থাকে এখন সদাই
সেই ছেলেটার কথাই এখন পুঁজি।

একদিন তার মায়ের কাছে গিয়ে,
বলল তাকে সেই ছেলেটির কথা,
মা ভাবলেন, তাইতো!
এখন লক্ষী আমার বড়,
বাবার কাছে আরজি এল,
"চলো আজই ছেলের বাড়ি চলো,
দেরি হলে কি হয় জানি,
এখন যাওয়াই ভালো"।

মাস না যেতেই বিয়ের কনে লক্ষী,
নোতুন শাড়ি গয়না পরে,
সাতটি পাক পুরোঘুরে,
পরের দিনই কান্না ভরা চোখ নিয়ে সে
ছাড়ল বাপের বাড়ি,
সেই ছেলেটির হাত ধরে সে
দিল নতুন পাড়ি।

লক্ষী এখন কয় না কথা বেশি,
নতুন মায়ের আদেশ মতই চলে,
সাবধানেতে থাকতে হবে তাকে,
আসছে এবার ছোট্ট শিশু কোলে॥

*সেক্সপিয়ার এর পরেও শেলী, কিটস, মিল্টন, বায়রন, টেনিসন প্রভৃতি কবিরাও অনেক স্বীকৃতি পান। কিন্তু রবীন্দ্রনাথের আকাশজোড়া ছায়ার নিচে আর কোনো বাঙ্গালি কবি পুরোপুরি বড় হতে পারেনি। তবে ছন্দের কবি সত্যেন্দ্র নাথ দত্তের কয়েকটি কবিতা, যেমন "পালকির গান" আজও সবার মনে আছে। "লক্ষী" কবিতাটি কবি সত্যেন্দ্র নাথের প্রতি শ্রদ্ধার্ঘ।

# সুড়ঙ্গ

শঙ্খ করভৌমিক
1997 MIN

ফার্স্ট ইয়ারে ফিজিক্স-কেমিস্ট্রি-অঙ্ক-ড্রয়িং-ওয়ার্কশপ এসব নিয়েই বছর কেটে যায়, নিজের ডিপার্টমেন্টের সঙ্গে খুব একটা পরিচয় হয়ে ওঠে না। শুধু ফ্রেশার্স ওয়েলকামে নিজের ডিপার্টমেন্টের সিনিয়রদের সঙ্গে আলাপ হয়। আর সিনিয়াররা সারা বছর ধরে ক্রমাগত জুনিয়ারদের ভয় দেখাতে থাকে - চাকরিবাকরির বাজার কিরকম খারাপ - এইসব বলে।

তবে ফার্স্ট ইয়ারের প্রথম কয়েক মাসের মধ্যেই ডিপার্টমেন্টের সম্পর্কে কিছু কিছু জানা হয়ে যায় সিনিয়রদের মাধ্যমে। যেমন কোন প্রফেসর কেমন লোক। বা, তিনতলার অমুক নম্বর ঘরে কিসের ল্যাব আছে।

তো, ফার্স্ট ইয়ারে পড়তে পড়তেই জানতে পারলাম ডিপার্টমেন্টের পিছনদিকে বিদিশার ঝিলের পাড়ে একটা প্রাচীন সুড়ঙ্গ রয়েছে। পুরকি খেয়ে একদিন দেখতেও গেলাম। সত্যিই সুরঙ্গ। কিন্তু ঢোকার পথটা এত নিচু আর অন্ধকার যে ঢোকা গেল না। ওটা কিসের সুড়ঙ্গ এই নিয়ে অনেক জল্পনা কল্পনা হল।পুরনো মেস স্টাফদের জিজ্ঞাসা করে জানা গেল এই সুড়ঙ্গের অস্তিত্ব সবার জানা, কিন্তু কিসের সুড়ঙ্গ কেউ জানে না। আর প্রোফেসরদের জিজ্ঞেস করার সাহস কারো ছিল না। সেসব দিনে গুগলও ছিল না যে চাট্টি সার্চ করে বার করে ফেলব।

কৌতুহলটা রয়েই গেল। মাঝেমাঝেই প্ল্যান করি ঐ সুড়ঙ্গে ঢুকে দেখব। কিন্তু অন্ধকার, নীচু ছাদ আর সাপের ভয়ের কাছে উৎসাহ বারবার হার মানে।

এইরকম চলতে চলতে পূজোর ছুটির পর কি একটা কারনে হঠাৎ একদিন একটা ধর্মঘট না হরতাল না ঘেরাও কি যেন হল। ক্লাস না করে হস্টেলে ফিরে এলাম। সেকালে এইধরনের হঠাৎ ছুটি পেলে লোকজন খুব খুশি হত। দল বেধে লঞ্চে করে বাবুঘাট চলে যেত, তারপর ধর্মতলা গিয়ে সিনেমাটিনেমা দেখত। আর কিছু ছেলেপুলে যেত ঝর্ণা, লিপি বা অলকা - এইসব স্থানীয় হলে। সুতরাং অল্প সময়ের মধ্যে হোস্টেলের বেশিরভাগ ছেলে বেরিয়ে গেল। আর আমরা চার রুমমেট ভাবতে লাগলাম কি করা যায়।

আমাদের হাতে সেদিন সিনেমা দেখা বা অন্য কিছু ফূর্তি করার মত যথেষ্ট টাকা ছিল না। কিন্তু হঠাৎ পাওয়া ছুটির দিনটা একটা কিছু কাজের কাজ করে কাটাতে তো হবে।

এইসব ভাবতে ভাবতে সুড়ঙ্গে নামার প্রস্তাবটা উঠল। আর আমাদের চারজনেরই সেটা তৎক্ষনাৎ পছন্দ হয়ে গেল।

অতঃপর প্রস্তুতি।

প্রথমেই নিচু ছাদে মাথা ঠুকে গেলে মাথা বাঁচানোর ব্যবস্থা। চেয়েচিন্তে দুটো হেলমেট জোগাড় হল। তৃতীয়জন একটা বড় গামলা টুপির মত পড়ে থাকবে। আর চতুর্থজন (অনিন্দ্য নাগ ওরফে সাইরেন) বলল যে সে এত সাবধানী যে তার মাথা ঢাকাঢুকি দেওয়ার দরকারই হবে না।

অতঃপর চারজনের চারখানা টর্চ।

সবশেষে সাপ তাড়ানোর জন্য তিনটে রড আর লাঠি। অনিন্দ্য নাগ বলল "লাঠিফাঠি লাগবে না। সাপ আমি খিস্তি মেরে ফুটিয়ে দেব"।

জয় মা বলে সকাল সাড়ে দশটা নাগাদ সুড়ঙ্গের মুখে জমায়েৎ হওয়া গেল। প্রথমে সুড়ঙ্গের ভেতরে তিন চারটে ঢিল-উদ্দেশ্য, শেয়াল টেয়াল কিছু লুকিয়ে থাকলে ভয় দেখিয়ে বাইরে নিয়ে আসা।

কোনো শেয়াল বেরলো না। টর্চ জ্বেলে এক এক করে নীচে নামলাম। সরু পথ। পাশাপাশি একজনের বেশী দাঁড়াতে পারে না। আট দশটা খুব খাড়াই ধাপওয়ালা সিঁড়ি নামার পর সামনে পথ চলে গেছে সোজা। কিন্তু ঘুরঘুট্টি অন্ধকার। টর্চের আলোয় সামনে তিনফুটের বেশি দেখা যায় না। চাদ খুব নীচু - প্রায় হামাগুড়ি দিয়ে চলতে হয়।

নামার সঙ্গে সঙ্গে শয়ে শয়ে চামচিকের ওড়াউড়ি শুরু। মুখে গোটা দুয়েক ঝাপটা খেয়েই বুঝে গেলাম ওইটুকু প্রাণীর গায়ের জোরটা - দশাসই কোনো পালোয়ানের হাতের থাপ্পড় খাবার মত অনুভূতি।

পালাবো? না, চামচিকের ভয়ে পালালে লোকজন আওয়াজ দেবে। এগিয়ে যাওয়া যাক। তিন চার পা এগিয়ে আবার বিপত্তি - অনিন্দ্য নাগের খ্যানখ্যানে গলায় "উঁহূঃ" আওয়াজ। কি, না, আঢাকা মাথা ঠুকে গাছে ছাদের সঙ্গে।

তারপর প্রায় মিনিট দশেকের হাঁটা, অন্ধকার আর চামচিকের মোকাবেলা করতে করতে। বলা বাহুল্য, হাঁটার বেগ স্বাভাবিক হাঁটার চারভাগের একভাগ।

দশমিনিট হাঁটার পর একটা বন্ধ লোহার দরজা। ফ্রেমের সঙ্গে ওয়েল্ডিং করে পাকাপাকিভাবে বন্ধ করা। টানাটানিতে কাজ হল না। ফলে আর এগোনো গেল না। টর্চের আলোয় দেখা গেল একটা বিশাল সাইজের বোতল বা বোয়েমের মত জিনিস - কিন্তু কাঁচ নয়, পাথর জাতীয় কিছু দিয়ে তৈরি। স্থির হল, আমাদের অ্যাডভেঞ্চারের প্রমাণ হিসেবে ওটা নিয়ে যাওয়া হবে।

অতঃপর ঐ জগদ্দল পাথরের তৈরি বোতল টানতে টানতে ফেরা। ফিরতে ফিরতেই হঠাৎ মনে হল- পরিত্যক্ত সুড়ঙ্গে বিষাক্ত গ্যাস থাকে বলে শুনেছি। কিন্তু নামার আগে একদমই সেটা মনে পড়ে নি বা ভেবে দেখি নি। চারজনই পটল তুলতে পারতাম। কেউ জানতেও পারত না।

যাই হোক, পাথুরে বোতল নিয়ে তো ডাঙ্গায় এসে উঠলাম। উঠে আবিষ্কার করলাম অনিন্দ্য নাগের হেলমেট বিহীন মাথা ফেটে রক্ত বেরোচ্ছে। বি ই কলেজের বিখ্যাত "ইঞ্জিনিয়ার ডাক্তার'কে দিয়ে প্রাথমিক চিকিৎসা করিয়ে আনলাম।

পরে শুনেছিলাম ঐ সুড়ঙ্গ দিয়ে নাকি ইংরেজ আমলে গ্যাসের লাইন যেত। আর অনেক বছর আগে ল্যাবরেটরিতে কাঁচের বদলে ওইরকম পাথুরে বোতলে রাসায়নিকগুলো রাখা হত।

যাই হোক, সেই সুড়ঙ্গ এখন আর নেই। ঐ জায়গাটায় এখন কি একটা অডিটোরিয়াম তৈরি হয়েছে। তার ভিত খুঁড়তে গিয়ে সুড়ঙ্গ ধ্বংস করতে হয়েছে। কিন্তু এখন ভাবলে মনে হয় বড় বেশি বোকার মত সাহস দেখানো হয়ে গিয়েছিল সেবার।

# হারিয়ে যাওয়া কিছু মিষ্টির কথা

সুবীর চৌধুরী
1997 MIN

ছেলেবেলায় দুর্গাপূজা শুরু হওয়ার আগে থেকেই বাড়িতে নানারকম মিষ্টি তৈরির আয়োজন শুরু হয়ে যেত। মনে পড়ে আমাদের দেশ বর্ধমানের নাদনঘাটের নপাড়া গ্রামে নিজেদের বাড়িতে দুর্গাপূজার কথা। চণ্ডীমন্ডপে কাঠামোতে কুমোর আর তার সহকারী দুজনে মিলে খড় বেঁধে ঠাকুরের গঠনটা তৈরি করে নিত। তারপরে তাদের নিপুণ হাতে খড়ের উপর মাটির প্রলেপ পড়তেই মা দুর্গা, লক্ষ্মী, সরস্বতী, কার্তিক, গণেশ আর অসুরের চেহারা ফুটে উঠত। বাড়ির রীতি অনুসারে মা দুর্গা ও তাঁর ছেলে মেয়েদের জন্য আমাদের বাবা কাকাদের কিনে আনা শাড়ী ধুতি চাদর কুমোরদের হাতে তুলে দেওয়া হোতো সব ঠাকুরদের পরিয়ে দেওয়ার জন্য। তারপরে দুর্গাঠাকুরের চালচিত্রের ফাইনাল টাচ্ আর অন্যান্য সাজশয্যা লাগানোর পরে সবারশেষে মাদুর্গার দশ হাতে দশরকমের অস্ত্রশস্ত্র উঠতেই মহিষাসুরমর্দিনীর রূপ আমরা দেখতে পেতাম।

পুজার আগে থেকেই বাড়িতে মা, জেঠিমারা হাট থেকে জিনিষপত্র কিনে আনার জন্য ফর্দ তৈরি করে দিতেন। নারকেল, আখের গুড়, আটা, ময়দা, চিনি, সাদাতিল, খোয়া, ছোট এলাচ, কর্পূর আরও কত রকম মিষ্টি তৈরির মাল মশলা। অনেক সময় নারকেল গ্রামের কারোর বাড়ি থেকেই চলে আসতো। কেউ কেউ আবার তাদের বাড়ির গাছের নারকেল জমিয়ে রাখতেন দুর্গা পুজার মিষ্টি তৈরির করার জন্য। গ্রামের বাড়িতে দুর্গা পুজায় মিষ্টি তৈরির জন্য অনেক সময় নতুন উনুন তৈরি হোতেও দেখেছি।

দুর্গা আর লক্ষ্মী পুজার প্রসাদে নারকেল নাড়ু না হোলেই নয়, বাড়ির ছেলেদের চতুর্থী পঞ্চমীর দিন থেকেই নারকেল ভাঙ্গার দায়িত্ব পড়তো। আমরা নারকেল ভাঙ্গার পর নারকেলের জল আলাদা একটা বাটীতে রেখে দিতাম, তেষ্টার সময় মিষ্টি নারকেলের জলের স্বাদই আলাদা, খুব ভালো লাগতো খেতে। মা জেঠিমারা স্নান করে নতুন শাড়ি পড়ে পুজার মিষ্টি তৈরি করা শুরু করতেন। উনুনে আঁচ দেবার পরে বড় বড় লোহার কড়াই কড়াই চাপানো হোতো উনুনে। কড়াই গরম হোলে প্রথমে আখের গুড় দেওয়া হোতো আর লম্বা খুন্তি দিয়ে সমানে নাড়া হোতো যেন গুড় কড়াইয়ের তলায় লেগে পুড়ে না যায়। দেখতাম জেঠিমা মাঝে মাঝে খুন্তিটা গুড়ে ডুবিয়ে বুড়ো আঙ্গুল আর তর্জনী দিয়ে খুন্তি থেকে গুড়ের ঘনত্বটা পরীক্ষা করে দেখতেন, গুড়ের চটচটে ভাবটা ঠিকঠাক এসেছে কিনা। এটা খুবই জরুরি, গুড়ের আঠালো ভাবটা ঠিকমতো না হোলে নারকেল কুড়ো আর গুড়ের বাঁধনটা ঠিক মতো হবে না আর নাড়ুও ঠিকমতো গড়া যাবে না। সময়মতো নারকেল কোরা গরম গুড়ের মধ্যে কড়াইয়ে ঢেলে দেওয়া হোতো। অনেক সময় সুগন্ধের জণ্য সামান্য ছোট এলাচের গুঁড়া দেওয়া হোতো।

এরপরে উনান থেকে কড়াই নামিয়ে রেখে নারকেলের পাক কিছুটা ঠাণ্ডা হোলে গরম অবস্থায় নারকোল নাড়ু বানানো শুরু হোতো। কানা উঁচু পিতলের থালায় সাজিয়ে রাখা হোতো পুজোর জন্য নারকেল নাড়ু। জেঠিমা হাতে সামান্য সরষের তেল দিয়ে দিতেন, যাতে গুড় আর নারকেলের পাক হাতে লেগে না থাকে। অনেক সময় আখের গুড়ের বদলে চিনি দিয়েও নারকেল নাড়ু তৈরি হয়, সুগন্ধের জন্য ছোটএলাচের বদলে কর্পূরগুঁড়া দেওয়া হয়, অনেকের কাছে এটি রসকরা বা চিনির নারকেলনাড়ু। নারকেল কোরা চিনি দিয়ে পাক করে থালার উপর সমানভাবে ছড়িয়ে হাতের চাপে আধইঞ্চির মতো মোটা হলে, খুন্তি বা ছুরি দিয়ে বরফির আকারে কেটে তৈরি মিষ্টির নাম নারকেল তক্তি, এটির স্বাদও অপূর্ব। নারকেলের বদলে সাদাতিল দিয়ে তিলের নাড়ুও অনেকে তৈরি করে বিভিন্ন পুজা পার্বণে প্রসাদ হিসাবে ঠাকুর দেবতাকে উৎসর্গ করেন। তিলের নাড়ু বানানোর সময় আখের গুড় আগুনে জ্বাল দেবার সময় বিশেষ ভাবে লক্ষ্য রাখতে হয়, না হোলে তিলের নাড়ু এমন শক্ত হয়ে যায় যে দাঁত দিয়ে ভাঙ্গা যায় না। একবার কোজাগরী পূর্ণিমার দিন লক্ষ্মী পূজার প্রসাদে তিলের নাড়ু এতো শক্ত হোয়েছিল যে দাঁতে ভাঙ্গতে পারিনি। পুরুলিয়ায় এক বন্ধুর বাড়িতে বেড়াতে গিয়ে বন্ধুর মা খই আর মুড়ি দিয়ে তৈরি নাড়ুও খাইয়ে ছিলেন, একই ভাবে অনেক বাড়িতে চিড়ের নাড়ুও তৈরি হয়। শীতকালে অনেক জায়গায় ভাল খেজুর গুড় পাওয়া যায়। শীতকালে অনেকে নানা রকম নাড়ু তৈরিতে আখের গুড়ের বদলে সুগন্ধের জন্য খেজুর গুড় ব্যবহার করেন। অনেক বাড়িতে লক্ষ্মী পূজোর সময় ঠাকুরকে প্রসাদ হিসাবে মুড়কি দিয়ে থাকেন। শীতকালে খেজুরগুড়ের মুড়কি তৈরি করে আগে ঠাকুর দেবতাকে দেওয়া হয়, পরে বাড়ির লোকজনেরা খান। আমার বোন বিয়ের পরে আসানসোলের ফতেপুরে থাকে। ওর শাশুড়ি বাড়িতে আখেরগুড় দিয়ে বানাতেন ছোলা আর ঝুরিভাজার নাড়ু। ওনার সঙ্গে দেখা কোরতে গেলে হাতে তৈরি নানারকম নাড়ু খেতে দিতেন। একটা মিষ্টি ওনার বাড়িতেই প্রথম খেয়েছিলাম, নাম জিজ্ঞেস করায় উনি বলেছিলেন এর নাম আড়সা, চালের গুঁড়ি আর টাটকা আখেরগুড় দিয়ে বানানো। জম্মু তাওয়াই এক্সপ্রেস ট্রেনে চড়ে আসানসোলে যাওয়ার সময় এক হকারকে ফেরি করতে দেখেছিলাম সাদা কাপড় চাপা দেওয়া গলায় ঝোলানো ঝুলিতে একরকম মিষ্টি, নাম বলেছিল আনারসা, দেখতে অনেকটা বালুসাইয়ের মতো আটা দিয়ে তৈরি, চিনির রসে আঁশানো, আর উপরে সাদা তিল ছড়ানো। শীতকালে পৌষ পার্বণের সময় অনেকে বাড়িতে চন্দ্রপুলি তৈরি করতেন। নারকেলের তৈরি মিষ্টির মধ্যে চন্দ্রপুলি খুবই জনপ্রিয়। এই মিষ্টি তৈরি করার জন্য নারকেল, দুধ, ক্ষীর, এলাচ গুঁড়া আর চিনির দরকার। এই মিষ্টির আকার অর্ধ চন্দ্রাকৃতি বলে বোধহয় নাম রাখা হয়েছিল চন্দ্রপুলি। কাঠের বা পাথরের তৈরি

ছাঁচে চন্দ্রপুলি তৈরি করা হয়। ভাইফোঁটার সময় আমার ছোট ভাইয়ের আবদারে আমার দিদিমা বাড়িতে তৈরি করেছিলেন চন্দ্রপুলি। গরম গরম তৈরি চন্দ্রপুলি চেখে দেখার সৌভাগ্য আমার একবারই হয়েছিল, সেই অসাধারণ সেই স্বাদ, আজও যেন মুখে লেগে আছে। আমার শ্বশুড়বাড়ি ঝারখণ্ডের কোডারমাতে, শাশুড়িমা নিজের হাতে বানাতেন পুলিপিঠে, পাটিসাপ্টা, গোকুল পিঠে আর পায়েস। মায়ের বাপের বাড়ি ছিল বাংলাদেশের পাবনায়। উনি বলেছিলেন পাবনার চুষি পায়েস বিখ্যাত। এক শীতের সকালে দেখি উনি ময়দা মেখে নিয়ে হাতের তালুতে পাকিয়ে ছোট ছোট চুষির আকারে গড়ছেন, তারপর সেগুলো রোদে শুকোতে দিচ্ছেন। কোডারমার দুধ খুবই ভাল আর সেই দুধ জ্বাল দিয়ে ঘন করা হোতো। ঘন দুধে পরিমান মতো চিনি পড়লে ক্ষীরের মতো খেতে লাগে। ঘন দুধ ফোটার সময় শুকিয়ে যাওয়া চুষি দুধের মধ্যে দিতেন, একটু ফুটে ওঠার পর নামিয়ে রাখতেন, চুষি পায়েস তৈরি। শ্বশুরবাড়িতে রাতে খাওয়ার সময় শেষপাতে ঘন দুধ খাওয়ার রেওয়াজ ছিল। কোলকাতায় মিষ্টির দোকানের রাবড়ি খেয়ে দেখেছি, কিন্তু শাশুড়ির হাতে তৈরি ঘন দুধ রাবড়ির স্বাদের থেকে কোন অংশে কম নয়। ঘরে তৈরি আর এক জনপ্রিয় মিষ্টির নাম মালপো। কৃষ্ণ ভক্তেরা তাঁর পুজাতে ঠাকুরকে প্রসাদ হিসাবে মালপো ভোগ দেন। অনেকের বাড়িতে আবার দোলের দিন মালপো বানানোর চল আছে। বাড়িতে তৈরি করার সময় দেখেছি মালপো তৈরির জন্য দুধ, ময়দা, অল্প সুজি, শুকনো নারকলের টুকরা, মৌরি, থেঁতো করা গোলমরিচ আর কিশমিশ লাগে। এইসব জিনিষ একসঙ্গে গোলা হয়। এরপরে কড়াইয়ে গরম তেল বা ঘি দিয়ে এক এক করে ভাজা। মালপোর সাইজ নিজেদের পছন্দ অনুযায়ী হয়। আগে থেকে তৈরি চিনির রসে ভাজা মালপো কিছুক্ষণ ডুবিয়ে রাখলে মালপো তুলতুলে নরম হয়ে যায়। খাওয়ার আগে অনেকে এই ভাবে তৈরি মালপোর উপরে ঘনদুধ দিয়ে থাকেন, নিঃসন্দেহে অপূর্ব স্বাদ এই যুগলবন্দির। নলেন গুড়ের রসবড়া, চুশিপিঠে, নতুন ঝোলাগুড় দিয়ে আসকে পিঠে বা সরু চুকলির স্বাদ নেবার জন্য অনেকেই শীতকালের জন্য অপেক্ষা করে থাকেন। শীতকালে কোলকাতায় কোনো কোনো দোকানে বা বিভিন্ন খাদ্য মেলায় উপরে উল্লেখ করা কিছু কিছু মিষ্টি বিক্রি কোরতে দেখা যায় যাদের গুণগত মান অনেক সময়ই আশানুরূপ হয়না, অনেকেই এইসব হারিয়ে যাওয়া মিষ্টি চেখে দেখেন, কিন্তু স্বাদে মন ভরে না। অনেকে আবার এদের দূর থেকে দেখেই চলেযান। আজকাল কিছু কিছু মিষ্টির দোকানে নতুন স্বাদের ফিউসান মিষ্টি তৈরি হতে দেখি, একইসাথে পুরানো দিনের হারিয়ে যাওয়া মিষ্টিগুলো ফিরিয়ে আনলে ভালো হয়, ক্রেতার অভাব হবে না। আজকাল তো দেখি সব রকমের নাড়ুই দোকানে কিনতে পাওয়া যায়, তা সে উত্তরে শ্যামবাজার, হাতিবাগান বা দক্ষিণে লেক মার্কেট বা গড়িয়াহাট বা অন্য কোথাও। নারকেল, তিল, মুড়ি, খই, চিড়ে

এসবের নাড়ু এখন নানা জায়গায় মেশিনে তৈরি হয়ে প্লাস্টিকের মোড়কে বাজারে চলে আসে। শ্যামবাজার মেট্রোস্টেশানে ভুপেন বোস অ্যাভিনিউর গেটের পাশে পরপর মোবাইল, ঘড়ি সারানোর দোকানের পাশেই একটা ছোট্ট দোকান দেখলাম যেখানে বেশীরভাগ নারকেলের তৈরি নানারকমের মিষ্টি পাওয়া যায় আর একটা দোকান আছে বাগবাজারে বাটার দোকানের উল্টোদিকে। তবে পুজা পার্বণে আর বাড়ির পুজাতে বাড়ির লোকজনের হাতে তৈরি যে কোন মিষ্টির স্বাদই আলাদা, তাছাড়া সবাই মিলে হাত লাগালে আনন্দটা বেশি হয়। আগে যেমন বাড়িতে বিয়ের অনুষ্ঠান হলে ভিয়েন বসতো, সব রকমের মিষ্টি বাড়িতেই তৈরি হোতো, তার একটা আলাদা আনন্দ আছে, কোন এক বয়োজ্যেষ্ঠকে ভার দেওয়া হোতো যিনি একটা চেয়ারের উপর বসে আগাগোড়া ভিয়েনের উপর লক্ষ্য রাখতেন যতক্ষণ না সব মিষ্টি তৈরি হোয়ে যাবার পর একটা ঘরে তালাবন্ধ হয়। শুনেছি দুষ্টু ছেলেরা বাড়ির লোকজনেরা ঘুমিয়ে পড়লে প্যাকাটিতে তার লাগিয়ে জানালা দিয়ে রসগোল্লা বা পানতুয়া তুলে নিয়ে ভাগাভাগি কোরে খেত, ধরা পড়লে তারা বকুনিও খেত। তবে এইসব দুষ্টুমিতে একটা আনন্দও ছিল, এখনতো বেশীরভাগ বিয়ে বাড়িতে ক্যাটারার না হলে কোন মিষ্টির দোকান থেকে পছন্দের সবরকম মিষ্টি বাড়িতে চলে আসে। আগেকার দিনে আত্মীয় স্বজনের বাড়িতে বিয়ের অনুষ্ঠানে বাড়ির ছেলেরাই নিজেরা সব রকম জিনিসপত্র কিনে রান্নার লোকজন লাগিয়ে নিজেদের মেনু অনুযায়ী খাবার তৈরি করাতো। সব থেকে মজার ঘটনা ঘটতো পরিবেশন করার সময়। পরিবেশনের দায়িত্বে থাকতেন কয়েকজন অভিজ্ঞ দাদা, কাকা, জ্যাঠারা আর তাদের সাহায্য করতেন কিছু অল্প বয়স্ক ছেলের দল। যারা প্রথম বার পরিবেশন কোরতে আসতো তারা নুন, লেবু আর জগ হাতে সবাইকে জল দিতো। কোন এক বিয়েবাড়িতে খাবার পরিবেশন করার সময় আমার একবন্ধুর খাওয়ার টেবিলে একটি মেয়ের সঙ্গে প্রথম প্রেম হয় আর পরে তাদের বিয়েও হয়। মা দিদিমার কাছ থেকে উপরে লেখা বাড়িতে তৈরি কিছু কিছু আমাদের স্ত্রী আর বোনেরা শিখে নিয়েছে। তাই মাঝেমাঝে হারিয়ে যাওয়া এই সব বাড়িতে তৈরি মিষ্টির স্বাদ আমরা এখনো পাই, তবে এই ধারাবাহিকতা বজায় রাখতে আমাদের পরবর্তী প্রজন্মের ছেলেমেয়েরাও যদি এইসব মিষ্টিগুলো বাড়িতে তৈরি করা শিখে নেয় তো খুব ভাল হয়। আমাদের বেশীর ভাগ আত্মীয়স্বজন আর বন্ধুবান্ধবদের ছেলেমেয়েরা সকলেই উচ্চশিক্ষিত আর নানান দায়িত্বপূর্ণ কাজে যুক্ত। সময় পেলে তারা নেট ঘেঁটে নানারকম রেসিপি জেনে নিয়ে অনেক রকম খাবার নিজের হাতেই তৈরি করে। তারা যদি একটু সচেষ্ট হয়, আমার ধারণা তারাই পারবে পুরনো দিনের এইসব মিষ্টি বাড়িতে তৈরি করে সাবেক দিনের ধারাবাহিকতা বজায় রাখতে, কারণ তাদের ছেলেমেয়েদেরও এইসব মুখোরোচক মিষ্টি খেতে খুবই পছন্দ করবে।

## সবুজ ঘাসে উড়ো খই

সবুজ ঘাসে উড়ো খই !
আমরা কোনো কাজের নই–
এ শুনে কান ঝালাপালা।
কে খোলে আজ বন্ধ তালা ?

ভূবন জুড়ে মুক্তধারা
লোভের গ্রাসে জীবনহারা!
কার কাছে সেই সোনার চাবি ?
তাই উঠেছে ছোটোর দাবি।

## আমাজনে দাবানল

ভূমন্ডলের ফুসফুস সে
তার কাছে আজ শরণ নে,
দাবানলের আগুন যে আজ
আমাজনের অরণ্যে।
খান্ডব বন দহনকালে
অগ্নিবাণে প্রাণপাখি
বেবাক জীবের উড়লো বুঝি,
তীরকে কিসে দিই ফাঁকি ?
অগ্নিদেবের লালসাতে
বিপন্ন এই সভ্যতা,
অরণ্য যে জীবনদায়ী
নেই কো যে তার অন্যথা।

**কৌশিক বন্দ্যোপাধ্যায়**
1978 CE

With best complements from :

**AVIJIT ENTERPRISE**

# কর্মজীবনের বিষন্নক্ষণ

**চন্দন গুহ**
1977 EE

কোলকাতা শহরের উপকন্ঠের স্কুলের পড়া সাঙ্গ করে বিই কলেজে প্রবেশ করে (১৯৭২ -৭৭) মনে হত কি একটা বিশাল কাজ করে ফেলেছি। পাশ করলেই তো হাতের মুঠোয় কয়েক হাজার টাকা বেতনের চাকরি (১৯৭৭ সালে কম নয়) হুড়মুড়িয়ে হাজির হয়ে ধরা দেবে নিশ্চিন্ত হবে জীবনযাপন। বাস্তবে অবশ্য চিত্রটা অত মোহময় ছিল না। তের নম্বর, বা বারো নম্বর বা ডাউনিং হস্টেল থেকে সকাল সাতটার আগে কুখ্যাত টয়লেটের লাইনের কাজ শেষ করে, ব্যারাক সারভেন্টদের (তখন ঐ সম্ভাষণ চালু ছিল, অনেককে নাম ধরেও ডাকা হত) দেওয়া ব্রেড-বাটার ওমলেট গলধংকরণ করে ভারী ড্রইং বোর্ড টি নিয়ে এপ্লাএড মেকানিক্স ও গ্রাফিক্স ডিপার্টমেন্ট পৌঁছেই এনার্জি শেষ। তারপর ইঞ্জিনিয়ারিং ড্রইং অন্যের কপি করতে করতে মনে হত এর চাইতে অন্য কিছু পড়লে কেমন হত? প্রফেসর পাত্রের সাইক্লোস্টাইল করা পার্টিকেল ডায়নামিক্সের প্রশ্ন (জিএস টি), প্রফেসর তপেন মৌলিকের ডিফারেন্সিয়াল ক্যালকুলাস পড়তে পড়তে টাইকে ব্রাহি কি করে গ্রহের সঞ্চার পথের ইকুয়েসন তৈরী করেছিলেন তার গল্প, স্ট্রেন্থ অফ মেটেরিয়ালের সমস্যা বা কিরকিটের (সার্কিটের) সমস্যা, সেসন্যালের মায়াজালে সবাইকে এত আবদ্ধ করে রেখেছিল যে পাশ করার চিন্তাই তখন বড় হয়ে দেখা দিল, চাকরি তো দূরের কথা।

তারপর ছিল সময় করে লিপিতে সিনেমা দেখার রুটিন ও বোটানিক্যাল গার্ডেনে গিয়ে সুন্দরীদের পেছনে ধাওয়া করার বাধ্যতা।

এমনি করেই পৌঁছে গেলাম ১৯৭৬ সালে পঞ্চম বর্ষে। ১৯৭৭ সালে দুর্গাপুজার আগে ফাইনাল পরীক্ষা দিয়ে বাক্স বিছানা নিয়ে বাড়ি ফিরে গেলাম, মনে রইল বিগত পাঁচ বছরের মহামূল্য হস্টেল ও কলেজ জীবনের অম্লমধুর স্মৃতি।

১৯৭৮ সালে বহু প্রতীক্ষিত ফাইনাল ইয়ারের রেজাল্ট বের হলে ইঞ্জিনিয়ারিং এর ডিগ্রী হস্তগত হল।

তখনকার দিনের সরকারী নীতি অনুযায়ী প্রত্যেক বছর রাস্ট্রায়াত্ব সংস্থা স্টীল, কোল, সিমেন্ট, ফার্টিলাইজার, পাওয়ার, তেল, এন্টিপিসি, বেল, সি.পি.ডবলিউ.ডি, ছাড়াও প্রাইভেটের সিমেন্স, ফিলিপস, জিইসি বা রাজ্য সংস্থা সিএমডিএ, কেএমডিএ প্রচুর ইঞ্জিনিয়ার নিয়োগ করত। কোথাও না কোথাও চাকরী হয়ে যেত। আমিও রাস্ট্রায়ত্ব সংস্থা কোলইন্ডিয়াতে জয়েন করলাম যদিও আমার ডিগ্রী ছিল ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং। পোস্টিং হল কয়লা নগরী ধানবাদে। স্টাইপেন্ড ছিল ৮০০ (হায় রে লুক্রেটিভ স্যালারির স্বপ্ন) কোল ইন্ডিয়াতে প্রথম জুনিয়ার এক্সিকিউটিভ ট্রেনী বা জেট

নেওয়া শুরু হয় ১৯৭৪ সাল থেকে, চলে প্রায় ১৯৮০-৮১ সাল পর্যন্ত। দু-দশক নিয়োগ বন্ধ থাকার পর আবার তা শুরু হয়।

১৯৮০ সালের পর থেকে কয়লার ক্রমবর্ধমান চাহিদার কথা মনে রেখে সরকার বিভিন্ন মেশিনের আপগ্রেডের মাধ্যমে খোলা মুখ খনি বা ওপেন কাস্ট প্রজেক্টের দ্বারা (ওসিপি) দ্রুত কয়লা উৎপাদন বাড়াতে থাকে। এই রকম এক ওসিপি তে আমি এক্সাভেশন ইঞ্জিনিয়ার হিসেবে জয়েন করি। পাতি কথায় বলা যায়, কয়লার স্তরের উপরে যত মাটি, পাথর আছে তা মেশিনের সাহায্যে সরিয়ে (অবশ্যই সাইন্টিফিক পদ্ধতিতে) দেবার নাম এক্সাভেশন (খোড়াখুঁড়ি)। একবার কয়লার স্তরে পৌঁছে গেলে ক্রমাগত মাটি পাথর সরাতে থাকবে, ক্রমাগত কয়লার উৎপাদন চলতে থাকবে। এই জাতীয় ওসিপির জেসটেশন সময় ১২ মাস, উৎপাদন শুরু হবার এক বছরের মধ্যে ব্রেক ইভেন্টে চলে আসে বলে ওসিপি খুব জনপ্রিয় মাইনিং পদ্ধতি। আমাদের কাজ ছিল এই সব মেশিনের (হেভি আর্থ মুভিং মেশিনারিজ, এইচ ই এম এম) রক্ষণাবেক্ষন।

বিভিন্ন ওসিপিতে কাজ করার সময় কিছু অ্যাক্সিডেন্ট দেখেছি, যা মনে হলে এখনও বিষন্ন বোধ করি। এই সব দুর্ঘটনায় কখনও কেউ আহত, কারো অঙ্গহানি বা কারও মৃত্যু পর্যন্ত হয়েছে। ওসিপির কিছু দুর্ঘটনার বিবরন নিচে দিলাম।

**১) শোভেল মেশিনের ড্রামে পা জড়িয়ে আহত হওয়াঃ**

১৯৮০-৮১ নাগাদ জনপ্রিয় এইচ ই এম এম ছিল ৫ কিউবিক মিটারের শোভেল ও ৩৫টন ক্ষমতার ডাম্পার। শোভেল মেশিনের কাজ হল লুজ / ব্লাসটেড মাটি / পাথর বা কয়লা ডাম্পারে লোড করা। ডাম্পার সেই মাটি পাথর বা কয়লা নিয়ে নির্দিষ্ট স্থানে ডাম্প করত। মেশিনের ডিগিং (digging) ফোর্স খুব বেশী, হয়েস্ট (hoisting) ও ক্রাউডিং (crowding) খুব দ্রুত হবার জন্য একটা ডাম্পার লোড করতে মাত্র ৩ মি সময় লাগত।

মেশিনের কমপার্টমেন্টের মধ্যে একটা হয়েস্টড্রামে (hoist drum) ৩৮ মিমি ডায়মিটারের স্টিলের ওয়ার রোপ জড়ানো থাকতো। ড্রাম ঘুরলে রোপ শোভেলের বাকেটের মধ্যে লোড করা মাটি বা কয়লা উপর নিচে করা যেত। এই রোপের নিজস্ব লাইফ হত তিন মাসের মত। ছিড়ে গেলে আবার নতুন রোপ লাগাতে হত। রুটিন কাজ, পরিশ্রম লাগত, স্কিলও দরকার। এই রকম এক রোপ পরিবর্তনের সময় এক হেল্পার বেশী আত্মবিশ্বাস দেখিয়ে নিজের পা দিয়ে ঠেলে রোপ কে তার নির্দিষ্ট গ্রুভে ড্রামের উপর সেট করতে গিয়ে পা ফসকে ড্রাম ও রোপের মাঝে জড়িয়ে গেল। ততক্ষনে কেউ একজন ড্রাম রোটেট করার সিগনাল দেওয়াতে হেড ফিটার ড্রাম ঘুরিয়ে রোপ জড়ানো শুরু করতেই হৈচৈ শুরু হল

একজনের পা আটকে গেছে! যখন মেশিন বন্ধ করা হল তখন একটা পায়ের হাড় গুড়িয়ে গেছে। পরে তার একটা পা কেটে বাদ দিতে হয়েছে। সমস্ত রকম অভিজ্ঞতা, দক্ষতা, ও টুলস থাকা সত্ত্বেও হাত পায়ের ব্যবহার এই জাতীয় কাজে কখনই করা উচিত নয়। বেচারা হেল্পার জীবনভর হয়ত আক্ষেপ ও ক্ষোভে ভুগেছেন।

**২) সাসপেনশন (suspension) ফেটে মৃত্যুঃ**

যে কোন চলমান গাড়ি যাতে রাস্তায় মসৃন ভাবে চলে, তারজন্য কয়েল সাসপেনশন বা লিফ স্প্রিং লাগান থাকে। যেমন মোটর সাইকেল বা ট্রাক। যে কোন ভাইব্রেশন হলে, কয়েল বা লিফ স্প্রিং তা এব্জরব্ করবে। ওসিপি তে একটা ডাম্পার চলে তার শক এবজরভারের কাজ করে হাইড্রলিক ও গ্যাস ফিল্ড সাসপেনশন। এর কার্যক্ষমতা খুব বেশী। এক ওসিপি তে একটা ডাম্পারের সাসপেনশন লিক করে যায়। ডাম্পারে সামনে পিছনে মিলিয়ে মোট চারটে সাসপেনশন থাকে। যেদিকের সাসপেনশন কাজ করে না, ডাম্পার সেই দিকে ঝুঁকে যায়। এই অবস্থায় ডাম্পার চালালে ডাম্পার উল্টে গিয়ে অঘটন ঘটতে পারে।

যে সাসপেনশন খারাপ হয়েছিল সেটা ডাম্পার থেকে আলাদা করে একটা রিপেয়ারিং বেঞ্চে রাখা হল। রিপেয়ার করার দায়িত্ব দেওয়া হয়েছিল এক জন সিনিয়ার স্কিল্ড ফিটারকে। তার তিন জন হেল্পারও ছিল। তার কাজ করার সমস্ত টুলস ও প্রয়োজনীয় ক্রেনের ব্যবস্থাও ছিল। সাসপেনশনের বাইরের দিকের অয়েল সীল লিক করাতে কিছুটা হাইড্রলিক অয়েল বাইরে চলে এসেছিল। সিনিয়ার ফিটার অয়েল সীল লিক দেখে সিদ্ধান্ত নিলেন যে সাসপেনশনের ভিতরে আর বোধ হয় কোন হাই প্রেসার গ্যাস (নাইট্রোজেন) নেই। তিনি তার হেল্পারদের আদেশ দিলেন সাসপেনশনের পিস্টনের সব বোল্ট খুলতে। তারপর কর্তব্যে চুড়ান্ত করে নিজে চলে গেলেন ক্যান্টিনে চা খেতে। এদিকে হেল্পাররা পিস্টনের আট বোল্টের পাঁচ বোল্ট ঢিলে করতেই সিলিন্ডারের ভিতরে অবশিষ্ট উচ্চচাপের (৭ কেজি / স্কোয়ার সেমি) নাইট্রোজেন গ্যাসের চাপে পিস্টনের বাকি বোল্ট ভেঙ্গে পিস্টন (প্রায় ৭০ কেজি ওজনের) ছিটকে দশ ফুট দূরে পড়ল। যাওয়ার সময় পিস্টন আঘাত করল পাশে দাঁড়ানো এক হেল্পারের পেটে। সেই আহত হেল্পার তখনই পেট চেপে মাটিতে পরে ছটফট করতে লাগলেন। তখনই তাকে ত্রিশ কিমি দূরে রেফারেল হাসপাতালে নিয়ে গিয়ে ভর্তি করা হল। দুঘন্টার মধ্যে তার ইনটেস্টটাইনের ক্ষতর অপারেশন করা হল। কিছু দিন পর আবার অপারেশন করা হয়। তারপরও অবস্থার অবনতি হওয়ায় কোলকাতার হাসপাতালের চিকিৎসায় থাকা কালে জীবনাবসান হয়। এক্সাভেশনের ইতিহাসে এটা একটা অভাবনীয় দুর্ঘটনা মনে হয়।

এই জাতীয় নাইট্রোজেন চার্জ করা হাইড্রলিক সাসপেনশনের গ্যাস চার্জ করার জন্য একটা

চার্জিং ভালব থাকে যা বন্ধ করলে গ্যাস সিলিন্ডারের মধ্যে আবদ্ধ থাকবে, ভালভ খুলে দিলে সব গ্যাস ডিসচার্জ হয়ে যাবে। তখন পিস্টন খোলার প্রক্রিয়া শুরু করা উচিত। এক ব্যক্তির ভুলে অন্য এক কর্মীর মৃত্যুবরন করতে হয়েছিল।

### ৩) তৃতীয় দুর্ঘটনা এক অয়েল সার্কিট ব্রেকারের (ওসিবি) পিটি (পোটেনশিয়াল ট্রান্সফরমার) সংক্রান্তঃ

এক ওসিপিতে (ওপেন কাস্ট প্রোজেক্ট) দু-তিন ধরে প্রায়ই ওসিবি ট্রিপ করছিল। পরে দেখা গেল যে তার পিটিতে সমস্যা আছে। প্ল্যান করে একদিন পিটি পরিবর্তন করা স্থির হয়। খারাপ পিটির জায়গায় রিপেয়ার করে রাখা পিটি ব্যবহার করা হবে। নির্ধারিত দিনে খারাপ পিটি খুলে রিপেয়ার করা পিটি লাগান হল। সব কানেকশন করে ওসিবি চার্জ করতেই রিপেয়ার করা পিটি সশব্দে ফেটে গরম তেল চারদিকে ছড়িয়ে পরলে ইলেকট্রিকাল সুপারভাইজার জ্বলে যান। পরে হাসপাতালে তার মৃত্যু হয়, গুরুতর ভাবে পুড়ে যাবার জন্য।

রিপেয়ার করা পিটির তেল অনেক দিন আগে ভরে রাখা ছিল। ব্যবহার করার আগে তার ডাই ইলেকট্রিক শক্তির পরীক্ষা না করে ব্যবহার করার জন্য পিটি ফেটে গিয়ে গরম তেল ছড়িয়ে পরে এই দুর্ঘটনা ঘটে। ওসিবি বা পিটিতে যে ট্রান্সফরমার অয়েল ব্যবহার করা হবে তার ডাই ইলেকট্রিক শক্তির পরিমাণ জানা ইলেকট্রিকাল ইঞ্জিনিয়ারিং এর সুরক্ষা পদ্ধতির প্রাথমিক পদক্ষেপ, যা এক্ষেত্রে কেউ পালন করেন নি।

### ৪) ডাম্পারের চাকায় পিষ্ট হয়ে শোভেল (shovel) অপারেটারের মৃত্যুঃ

কোল ইন্ডিয়ার সব অনুষঙ্গী কম্পানি (subsidiaries) তিন শিফ্টে উৎপাদনের কাজ করে। রাতের শিফ্টের কাজ রাত ১০টা থেকে ভোর ৬টা পর্যন্ত চলে। রাত ১টা নাগাদ ৩০ মিনিটের টিফিন ব্রেক হয়। নাইট শিফ্টে কেউ টিফিন করে না, ওই সময় বহু ডাম্পার অপারেটার ডাম্পারের কেবিনেই আরাম করে (সোজা কথায় নিদ্রামগ্ন হয়), শোভেল অপারেটার তার কেবিনে নিদ্রামগ্ন হন, বাকিরা যেখানে সুবিধে হয় সেখানে আরাম করেন। সুপারভাইজার বা ইঞ্জিনিয়াররা আরাম তো করেনই না, বরং উৎকন্ঠায় থাকেন কখন একটা ডাম্পার স্টার্ট করে হর্ন বাজিয়ে সবাইকে জাগাবেন, আবার প্রোডাকশন শুরু হবে।

এমনই এক আগস্ট মাসের রাতের শিফ্টে টিফিন ব্রেকের পর প্রথম ডাম্পার স্টার্ট হয়ে মাইন্সে শোভেলের কাছে পৌছল লোড নেওয়ার জন্য। সাধারনত, ডাম্পার শোভেলের কাছে পৌঁছে আবার ব্যাক করে দাঁড়ায় যাতে শোভেল অপারেটার নিরাপদে কয়লা বা মাটি/পাথর লোড দিতে পারে। ডাম্পার অপারেটার তার ডাম্পার ব্যাক করার ক্রমে হঠাৎ চাকার নিচে কিছু আওয়াজ শুনে ডাম্পার থেকে নেমে দেখে

শোভেল অপারেটার চাকার নিচে পিষ্ট হয়ে মারা গেছেন। ডাম্পার অপারেটার নিজেকে বাঁচাতে ঘটনাস্থল থেকে দূরে গিয়ে পার্ক করল যেন কিছুই হয় নি। পরে অন্য সবাই ঘটনা স্থলে পৌঁছে দেখল শোভেল অপারেটার মৃত পরে আছেন। শোভেল অপারেটার জমিতে কেন শুয়েছিলেন তা বোঝা গেল না। সম্ভাব্য কারন হতে পারে তিনি আগস্ট মাসের উষ্ণ জলবায়ু পূর্ণ আবহাওয়া থেকে আরাম পেতে শোভেলের কাছে জমিতেই শুয়ে নিদ্রামগ্ন হন, পরে ডাম্পারের চাকায় পিষ্ট হন। অত্যন্ত দুঃখজনক এই ঘটনার নিশ্চিত কোন কারন ব্যাখ্যা করা যায়নি একজন সিনিয়ার শোভেল অপারেটার মাইন্সের একটি জোনে কেন ঘুমিয়েছিলেন।

কোল ইন্ডিয়াতে দীর্ঘ কর্ম জীবনে শুধু দুর্ঘটনাই দেখেছি এমন মনে করার কারন নেই। ১৯৭৯ সালের কোলইন্ডিয়া ৭ লক্ষ কর্মীর (রেল ও ডিফেন্সের পর তৃতীয়) ২০০ মিলিয়ন টন উৎপাদন করা কম্পানি থেকে কি করে আজ ২:৫০ লক্ষ কর্মীর ৬৫০ মিলিয়ন টন কয়লা উৎপাদন করা কম্পানি হয়ে উঠেছে তা প্রতক্ষ্য করেছি। কর্মী ও অফিসারদের অনলস প্রচেষ্টার ফলে কম্পানি মুম্বাই স্টক এক্সচেঞ্জের এক সূচীবদ্ধ কম্পানি হয়েছে। এক সময়ে লেবার ইনটেনসিভ এই কম্পানির সব অফিসে সবার সামনে রাখা কম্পুটারে কাজ হয় এখন। আমি নিজেও এই পরিবর্তনে সামিল হতে পেরে খুশী হয়েছি।

ভারতীয় প্রতিরক্ষা বাহিনীতেও প্রতিবছর বহু জওয়ান ও অফিসার প্রাণ হারান, দেশ সেবা করার সময়। প্রতিরক্ষা দপ্তর সেই সব নিহত ব্যক্তিদের পরিজনদের অতি উৎকৃষ্ট ক্ষতিপূরণের ব্যবস্থা করেন যাতে তারা স্বনির্ভর হয়ে জীবনযাপন করতে পারেন, যদিও জানি মৃত ব্যক্তির অভাব পরিজনের কাছে অপূরনীয়ই থাকবে।

কোলইন্ডিয়াও কোন কর্মরত ব্যক্তির দুর্ঘটনায় মৃত্যু হলে, পরিবারকে তার সমস্ত বকেয়া রাশি সমেত, ক্ষতিপূরন দেওয়ার সাথে পরিবারের এক সদস্যকে কর্মে নিযুক্ত করে যতটা সম্ভব পুনর্বাসের ব্যবস্থা করে।

পরিশেষে আবার এক দুর্ঘটনার কথা বলে শেষ করব।

১৯৭৫ সালের ২৭ শে ডিসেম্বর এক ঠান্ডার সকালে ধানবাদের কাছে চাসনালায় ইস্কোর কয়লা খনিতে এক মর্মান্তিক দুর্ঘটনায় ৩৮০ জনের জলে ডুবে শোচনীয় মৃত্যু হয়। কয়লা খনির ইতিহাসে এটা ছিল সর্ব বৃহৎ দুর্ঘটনা। তখন আমি কলেজে পড়ি। আনন্দবাজারে রোজ দুর্ঘটনার খবর পড়ছি, মাইন্স সম্বন্ধে কিছুই প্রায় জানিনা। হস্টেলের মাইনিং এর এক সিনিয়ার দাদার কথায় বুঝলাম কেউ জীবিত হয়ে বের হলে তা নেহাত আশ্চর্যের কথা হবে।

আনন্দবাজার থেকে প্রখ্যাত সাহিত্যিক শ্রী সুনীল গঙ্গোপাধ্যায় গেলেন চাসনালা থেকে প্রত্যক্ষ বিবরন দেবেন বলে।

এতদিন পরে তাঁর লেখা বিবরন সম্পূর্ন মনে নেই। তবে সারাংশ এই রকম ছিলঃ হঠাৎ এত কর্মী এক সাথে খনির মধ্যে মৃত্যু বরন (ধরেই নেওয়া হয়েছিল সবাই মারা যাবেন) করেছে শুনে বুকটা ছাৎ করে ওঠে, ওনারা তো আমাদের জন্যই কাজ করতে গিয়েছিলেন।

প্রথম কিছুদিন মাইন্সের মুখের (পিট) কাছে খনিতে আটকে পরা পরিজনের উৎকন্ঠিত মুখে বসে থাকা ও বিলাপ করতে দেখা গেল। শান্তি রক্ষার জন্য পুলিশ বাহিনীও ছিল, ছিল কোলিয়ারির উচ্চপদস্থ অফিসার, সরকারি অফিসার, ডিসি। ছিলেন ট্রেড ইউনিয়ানের নেতারাও। পরে যখন বোঝা গেল মিলিয়ন গ্যালন জল কোলিয়ারি থেকে পাম্প করে বের করলেই সম্ভব হবে শ্রমিকদের উদ্ধার করা (মানে মৃতদেহ), তখন রোজ কিছু লোকজন কমতে থাকল খনির আশপাশ থেকে। কিছু দিন পর শ্রমিক কলোনীতে পরিজনের বিলাপ করা বন্ধ হয়ে গেল। কলোনী থেকে ক্রমেই ট্রানজিস্টার রেডিওতে জনপ্রিয় হিন্দি সিনেমার গানও শোনা যেতে লাগল। জীবন ক্রমশ স্বাভাবিক ছন্দে ফিরে এল, যদিও বহুদিন পর মাইন্স থেকে জল বের করার পর কিছু মৃতদেহ উদ্ধার হয়, বাকিদের ক্যাপ ল্যামপের নম্বর দেখে সনাক্ত করা হয়।

সুনীল গঙ্গোপাধ্যায় তার প্রতিবেদনে কোলিয়ারির জীবন যাত্রা স্বাভাবিক হয়ে আসর ইঙ্গিত দিয়ে শেষ করেছিলেন। কালের প্রবাহে সব গভীর ক্ষতও নিরাময় হয়ে যায়, চাসনালার ক্ষতও ভরে গেছে প্রথমত কর্মীদের পরিবারকে ক্ষতিপূরন দিয়ে। আজ খনি মুখে(পিট) এক সুন্দর স্মৃতি সৌধ বানিয়ে কতৃপক্ষ সেই সব খনি শ্রমিকদের আত্মত্যাগ চিরস্মরণীয় করে রেখেছেন।

# " বাবা কাহিনী "

অসীম দেব
1977 ETC

ডাউনিঙের ফার্স্ট ইয়ার, ওয়েস্টের একতলায় থাকি। একদিন "একজনের" বাড়ির লোকজন এলেন, সঙ্গে তাঁর ছোট বোন। রুমমেটদের কি অস্বস্তি! ততদিনে আমাদের সবসময় খালি গায়ে থাকার অভ্যেস হয়ে গেছে। শুধু নিম্নাঙ্গে পায়জামা বা লুঙ্গী। ডাইনিং হলে বা সন্ধ্যেবেলায় ফার্স্ট গেটে গোপালদার দোকানে চা খেতে যাওয়া যায়, কিন্তু ভদ্রমহলে ঐ পায়জামা পরে কি যাওয়া যায়? তার উপর পায়জামায় কত রকমের দাগ!!! সেই দাগ হস্টেলের ধোপা খুব ভালো চেনে। কিন্তু এবার এই মুহূর্তে? তাড়াতাড়ি গায়ে জামা দাও, পায়জামা পাল্টাও, জামাকাপড় ঠিক কর। নিজেকে ভদ্রলোক বানাও। বাড়ির লোকজন এলে কি টেনশন!!

দড়িতে ঝোলানো জামাকাপড়ের অবস্থা দেখে বাড়ির লোকের চক্ষু চড়কগাছ। আমার ছেলে এই ভাবে থাকে? খাট, বিছানার চাদর, টেবিল যেদিকে তাকাও শুধু বাড়ির লোক নয়, আমাদেরও অস্বস্তি। মশারী তিনদিকে গোঁজা, স্থায়ী মানে পার্মানেন্ট ব্যবস্থা। টেবিলের উপর, ঘরের চতুর্দিকে সিগারেটের পোড়া শেষ অংশটুকু ছড়িয়ে আছে। ওদিকে পাশের ঘরে শরদিন্দু যথারীতি উচ্চগ্রামে বিশেষণ ব্যাবহার করে কথা বলছে। আমরা শুনে শুনে অভ্যস্ত, কিন্তু বাড়ির লোকজন? একজন গিয়ে তাঁকে থামালো। শরদিন্দুর তখন কি উৎসাহ "এসেছে?" উইং-এ গেলে ঘরে ঘরে খবর গেলো "এসেছে" "এসেছে"। কি উত্তেজনা সকলের!! আগে কেবা প্রাণ করিবেক দান তারি লাগি তাড়াতাড়ি। কিছু সময়ের জন্য ভদ্রলোক হতে হবে। কিন্তু খবর দেওয়ায় উল্টো বিপত্তি। পায়জামা লুঙ্গী গেঞ্জি ছেড়ে টিশার্ট প্যান্ট পরে জনতা একের পর এক আসছে। কেউ এলো ফিজিক্সের বই নিতে, কেউ নিজেরই সেট স্কোয়ার ফেরত দিতে এলো, কেউ হাম-এর নোট চায়। অনেকেই পড়া বুঝতে এলো। যারা কিছুই চাইছে না, তাঁরা শুধু মাসীমাকে প্রণাম করে আশীর্বাদ চাইলো। ইস্টের দোতলা থেকে সাধন, শিশির, মৃন্ময় রাও মাসিমার আশীর্বাদ নিতে এলো।

মাসীমা, মেসোমশাই আর ছোট বোন কিছুক্ষণ ছিলেন। নিশ্চিন্ত হলেন সবাই কি সুন্দর পড়াশুনা করে। শুধু যাবার সময় নিজের ছেলেকে বলে গেলেন "বাকি ছেলেরা কি সুন্দর জামাকাপড় পড়ে থাকে, তোর এই অবস্থা কেন?"

আমরা তখন এগারো নম্বর হস্টেলে। একদিন দুপুরের একটু আগে এগারটা নাগাদ পিপি-র বাবা এলেন। দেখলেন কিরকম স্বচ্ছ গামছা পরে সবাই স্নান করতে যায়। অনেকের পরনে শতছিদ্র গামছা শুধুমাত্র একটা অভ্যাস। যে উদ্যেশ্যে গামছা পড়া সেটার সমাধান হয় না। কেউ কেউ মেজাজে বারান্দায় সিগারেট টানছে। পিপির বাবা বাথরুম যাবেন।

হোস্টেলেই আমরা ডিসাস্টার ম্যানেজমেন্ট শিখেছিলাম। বাড়ির লোকজন এলে প্রবল সতর্কতা জারি হয়ে যেতো। সেদিন ওই মুহূর্তে যারা বাথরুমে ছিলো, আগে তাঁদের সকলকে সতর্ক করে তবেই পিপির বাবাকে আমরা কলঘরে যেতে দিলাম।

দুপুরবেলা উনি এসেছেন, আমরা ভাত খেয়ে যেতে অনুরোধ করলাম। মেসে খবর দিলেই ঘরে প্লেট দিয়ে যাবে। কিন্তু পিপির চিন্তাধারা অন্যরকম। পিপি নিজেই ডিসেস্টার ডেকে আনলো। উনি শুধু বলেছিলেন "আহা, আমার জন্য অত স্পেশাল ব্যাবস্থা কেন? আমি তোমাদের সাথে মেসে গিয়েই খেয়ে নেবো।" পিপিও পিতার সুসন্তান, বাধ্য ছেলের মতন বাবাকে নিয়ে এলো নীচে মেসের ডাইনিং হলে। পিপির বাবা খেতে বসেছেন। কেউ একজন খেয়াল করেনি যে একজন অপরিচিত বয়স্কজন এসে খেতে বসেছেন, সঙ্গে পিপি। সে অন্যজনকে সাবধান করছে, এই ওপরে যাচ্ছিস। পিপির বাবা এসেছে কিন্তু, সাবধানে। যাকে বলা সে শুনেই তার তাৎক্ষণিক মন্তব্য "কি হোলো আবার? পিপির এই বয়সে আবার ভাই হবে নাকি?" বাবা না বুঝলেও পিপি বুঝলো। ভাগ্যিস বাবা জানতেন না যে ওনার ছেলের নাম পিপি।

ফাইনাল ইয়ারের একদম শেষের দিকে। আমরা উলফেনডেনে তিনতলায় হিটন উইং-এ। তখন সবার ফাইনাল ভাইভা চলছে। কুমারের অনেক এক্সট্রা অ্যাকটিভিটিস ছিলো। নিজেকে স্পেশাল রাখতে স্পেশাল ব্রেকফাস্ট ছাড়াও ভালো সাবান শ্যাম্পু, বডিস্প্রে লাগতো। মেসে ডিফলটার। ফাইনাল পরীক্ষার আগে বাড়িতে চিঠি গেলো। চিঠি পেয়েই কুমারের বাবা একদম সকালের দিকে না জানিয়ে হস্টেলে চলে এলেন। ডিসাস্টার নম্বর এক, বাবা এসেছেন একথা কুমার উইঙ্গের কাউকে জানালো না। ডিসাস্টার নম্বর দুই, বাবাকে ঘরে এনে দরজা বন্ধ করে দিলো। কেউ জানতে পারলো না যে কুমারের বাড়ির লোক এসেছেন। ডিসাস্টার নম্বর তিন, বাবা দেখলেন ঘরের দরজায় শওয়ালেস কম্পানির ক্যালেন্ডার টাঙ্গানো। আমাদের সময়ে ওই ক্যালেন্ডার দেখেই আমাদের খুশি থাকতে হতো। কুমারের ওই ক্যালেন্ডারের একটা বিশেষত্বও ছিলো। শওয়ালেসের ওই ক্যালেন্ডারের পিছনেই আরও ভয়ঙ্কর ছবি ছিলো। সুতরাং শওয়ালেসের মডেলের ছবি এ মার্কা সিনেমা হলেও এক্স বা ডাবল এক্স মার্কা নয়।

কুমারের রুম উইং-এর একদম শুরুতে। পাশেই ব্যারাক, সবসময় কয়েকজন ওখানে থাকে। হোস্টেলে আমাদের রুমের দরজা সর্বদা খোলাই থাকতো। আমি পাশ দিয়ে যাবার সময় দেখলাম দরজা বন্ধ। কি ব্যাপার? কেন দরজা বন্ধ? আমি ঠাট্টা করে জিজ্ঞেস করলাম "কি বে দরজা বন্ধ কেন? মেয়ে এনেছিস নাকি? ঠিক

তখনই সুকৃত ভাইভা দিয়ে ফিরছে। “কুমার, আজ পাগলা হাসতে হাসতে আমার......।” সোমনাথ বলছে “কুমার, মেয়ে এনেছিস দরজা খোল ভাই। দশে মিলে করি কাজ, হারি জিতি নাহি লাজ।”

দরজা খুলে গেলো। আমরা দে দৌড়। কুমার ভেবেছিলো বাবা সাত সকালে এসেছেন, চা ডিম খাওয়াবে। আর বিলম্ব নয়। বাবাকে নিয়ে সোজা কলেজে। মেস সেকশন খুলবে দশটার পরে। কি আছে? ওখানে অন্তত অসীম, গোটো, সুকৃত বা সোমনাথ তো নেই!

পুনঃ - মেস সেকশনের গুরু লোক ছিলেন মনুদা। মনমোহন মুখোপাধ্যায়। চিঠি দেখলেন। সব সমস্যার সমাধান করে দিলেন। কুমারের বাবাকে বোঝালেন “আর বলবেন না। এই ফাইনাল ইয়ারের ছেলেদের বই কিনতে হয়, প্রোজেক্ট করতে হয়, কোম্পানিতে গিয়ে রিপোর্ট বানাতে হয়। একটা সাধারন মধ্যবিত্ত বাড়িতে এসব খরচ টানতে পারে ? তাই মেসের পয়সা বাকি থেকে যায়। শুধু আপনার নয়, সব ছেলের বাপের এই একই সমস্যা”। মনুদা কুমারকে বাঁচিয়ে দিলেন।

প্রতি বছর ছেলেদের এরকম কত সমস্যার সমাধান তিনি করেছেন।

ফার্স্ট ইয়ার ডাউনিং। ফ্রেশার্স ওয়েলকাম হয়ে র‍্যাগিং পিরিয়ড শেষ। মাস খানেক হয়ে গেছে। এখন আমরাই ডাউনিং আর তেরো নম্বরের রাজা।

একদিন এইরকম সময়ে দুপুরের লাঞ্চ ব্রেকের সময় একটা ট্যাক্সি এসে থামলো। থামলো একদম ডাউনিং-এর ডাইনিং হলের সামনে। ভাস্কর ভৌমিক নতুন এসেছে, সঙ্গে বাবা। বাবা ছেলেকে বিক্কলেজে ইন্সটল করতে এসেছেন। আমরা সকলে মিলে বাবাকে তাড়াতাড়ি কামদাবাবুর কাছে পাঠিয়ে দিলাম। আর তখন রাস্তাতেই র‍্যাগিং শুরু হয়ে গেলো। ভাস্কর ডাউনিঙের, সুতরাং অধিকার আমাদের।

ওদিকে তেরো নম্বর থেকেও দাবী চলেছে ওদেরও সমান অধিকার। বিভিন্ন বেশে বিভিন্ন ভঙ্গিমায় সকলের সে কি উল্লাস। বিক্কলেজ? নাকি অস্ট্রেলিয়ার টেস্ট ম্যাচ চলছে আর গ্যালারিতে ক্যামেরা ফোকাস করছে? সব ছাপিয়ে তেরো নম্বর হস্টেল থেকে একজন এলো। বিনা বস্ত্রে অভিনন্দন জানাতে এসেছে। সে স্নান করছিলো। খবর পেয়েই চলে এসছে। ভাস্করের প্রথম দিনের অভিজ্ঞতা, তখনও সে রুমে বেড পায়নি। অপেক্ষা করছে।

সে এক ঐতিহাসিক মুহূর্ত। ভাস্করের বাবা কামদাবাবুর সাথে কথা বলে ফিরছেন। দূর থেকে দেখলেন। কিছু বললেন না। কাকে বলবেন? ধারে কাছে কেউ থাকলে তো বলবেন! আর কেউ থাকলেও যা দেখলেন, পুত্রসম বালকদের কাছে কি ভাবে বলবেন?

# "শোক"

Arnab Banerjee,
1990 EE

মোমবাতি ঢেকেছে লজ্জা
গর্জে ওঠেনি বন্দুক
দুঃসহ শেষশয্যা
পুরুষ কি সর্বভুক?

বিচারের বাণী গোনে দিন
ধারা উপধারা মারপ্যাঁচ
নারী শোধে প্রগতির ঋণ
নেকড়েরা আনাচ কানাচ।

আর্তনাদের নামে ঢল
পৃথিবী ছাড়িয়ে ছায়াপথ
প্রতিবাদী মোম সম্বল
নীরবতায় মুখর শপথ।

শুধু চারের কাঠগড়া?
কত মনে ঘৃণার আড়ত
ধর্ষকের ধর্মের বেড়া?
সেলুকাস, এ কোন ভারত!

এক হয়ে গেছে আজ দেশ
একই তুলি মাখে একই পাপ
ছয় থেকে ষাট দাবি পেশ
বিধাতা ধর্ষকে মৃত্যু অভিশাপ।

# বর্তমান পশ্চিমবঙ্গে আমাদের উত্তরাধিকারীরা

**অচ্যুত ঘোষ**

1961 ME

গত পঞ্চাশ বছরে আমাদের পশ্চিমবঙ্গে রেনেশাঁর সময়কার মহাপুরুষদের মত কোন মানুষ জন্মাননি, কোন বড় ব্যবসায়ীও জন্মাননি, যাঁদের নিয়ে আমরা গর্ব বোধ করতে পারি। অবিভক্ত বাংলাদেশে রেনেশাঁর সময়কার মহাপুরুষদের বলতে বোঝায় রাজা রাম মোহন রায় (২২শে মে ১৭৭২), পন্ডিত ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর (২২শে সেপ্টেম্বর ১৮২০), কবি ও নাট্যকার মাইকেল মধুসূদন দত্ত (২৫শে জানুয়ারী ১৮২৪), রামকৃষ্ণ পরমহংস দেব (১৮ই ফেব্রুয়ারী ১৮৩৬), সাহিত্য সম্রাট বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায় (২৭শে জানুয়ারী ১৮৩৮), আচার্য জগদীশ চন্দ্র বোস (৩০শে নভেম্বর ১৮৫৮), বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর (৭ই মে ১৮৬১), আচার্য প্রফুল্ল চন্দ্র রায় (২রা আগষ্ট ১৮৬১), স্বামী বিবেকানন্দ (১২ই জানুয়ারী ১৮৬৩), দরদী সাহিত্যিক শরৎ চন্দ্র চট্টোপাধ্যায় (১৫ই সেপ্টেম্বর ১৮৭৬), জ্যোতিঃপদার্থ বিজ্ঞানী মেঘনাথ সাহা (৬ই অক্টোবর ১৮৯৩), আচার্য সত্যেন্দ্র নাথ বোস (১লা জানুয়ারী ১৮৯৪), নেতাজী সুভাষ চন্দ্র বোস (২৩শে জানুয়ারী ১৮৯৭), বিশ্ববন্দিত চলচিত্রকার সত্যজিৎ রায় (২রা মে ১৯২১), নোবল্ লরিয়েট অর্থনীতিবিদ অমর্ত সেন (৩রা নভেম্বর ১৯৩৩)। শেষ দুই ব্যক্তিকে রেনেশাঁর সময়কার মহাপুরুষ বলায়, জন্ম সালের কারণে, অনেকের দ্বিমত থাকতে পারে।

এ প্রবন্ধের আলোচ্য বিষয়বস্তু কেন জন্মাননি তার অনুসন্ধান। কারণ একাধিক।

প্রথমত ভালো শিক্ষকের অভাব। ইউনাইটেড নেশনস্-এর হিসাব অনুসারে স্ক্যান্ডিনেভিয়ার দেশগুলির (নরওয়ে, ফিনল্যান্ড, নেদারল্যান্ডস ও সুইডেন) ৬ থেকে ১৬ বছরের ছাত্র-ছাত্রীদের বাধ্যতামূলক শিক্ষা ব্যবস্থা পৃথিবীর মধ্যে খুবই উন্নতমানের। বিশেষ করে নরওয়ে আর ফিনল্যান্ডে। ৫% আন্তর্জাতিক বিদ্যালয় বাদ দিলে বাকি ৯৫% সরকারী বিদ্যালয়ে মাতৃভাষায় পঠন-পাঠন বাধ্যতামূলক। এইসব বিদ্যালয়গুলিতে শিক্ষকতা করবার যোগ্যতা অর্জনের জন্য অনেকদিন ধরে বিশেষ প্রশিক্ষন নিতে হয়। শিক্ষকদের বেতন খুবই ভালো সামাজিক সম্মান খুবই উঁচুদরের। যাঁদের শিক্ষকতার প্রতি ঝোঁক আছে এবং যাঁরা উপযুক্ত, তাঁরা অন্তত অর্থের কারণে অন্য বৃত্তিতে যেতে বাধ্য হন না।

গন্ডগোলটা হলো কোথায়? ১৯৬০এর দশকে অন্যান্য বৃত্তির তুলনায় বিদ্যালয় শিক্ষকদের বেতন ভীষণ ভাবে কম হয়ে গেল। উচ্চ ও মধ্য মেধার ব্যক্তিরা অন্য বৃত্তিতে চলে গেলেন। অবশিষ্ট নিম্ন মেধার ব্যক্তিরা বিদ্যালয় শিক্ষকতায় ভিড় জমালেন। তা বলে কি ঐ সময়ে উচ্চ মেধা সম্পন্ন কিছু ব্যক্তি শিক্ষকতাকে বৃত্তি হিসাবে গ্রহণ করেন নি? নিশ্চয়ই করেছেন। তবে তা তুলনা-মূলক ভাবে সংখ্যায় নগণ্য। নিম্ন মেধার যে ব্যক্তি

সারা জীবনে কিছুই সৃষ্টি করলেন না, তিনি ছাত্র-ছাত্রীদের সৃষ্টশীল করবেন কি ভাবে? মহিলা এবং পুরুষ নির্বিশেষে যে ব্যক্তিগণ ইংরাজী মাধ্যম বিদ্যালয়গুলিতে শিক্ষক হিসাবে নিযুক্ত হলেন, তাঁরা কেউই কেতকী কুশারী ডাইসন বা নীরদ সি চৌধুরী নন। ইংরাজী যদি তাঁদের মাতৃভাষা না হয় তাহলে তাঁরা প্রাথমিক শ্রেণীগুলিতে কম বয়স্ক ছাত্র-ছাত্রীদের ইংরাজী মাধ্যমে বিষয়গুলি শিক্ষা দেবেন কোন যাদু-মন্ত্রবলে। বিশেষ করে যে ছাত্র-ছাত্রীরা ২৪ ঘন্টার মধ্যে বিদ্যালয়ের সময়টুকু বাদ দিলে, বাকি সময়টা বাংলা ভাষার সমুদ্রে অবগাহন করছে। ১৯৬০ এর দশকের আগে যে অন্যান্য বৃত্তির তুলনায় বিদ্যালয় শিক্ষকদের বেতন বেশী ছিল তা নয়। কিন্তু ছিল আত্মমর্যাদা বোধ। এই আত্মমর্যাদা বোধটি হারিয়ে গিয়ে এল শ্রেণী সচেতনতা।

এরপরেও আছে গৃহশিক্ষকতার চাপ। গৃহ শিক্ষকতা প্রসঙ্গে বলতে হয়, গৃহশিক্ষক ব্যস্ত মানুষ, ছাত্র-ছাত্রীদের চিন্তা-শক্তি বিকাশের সময় তাঁর নেই, গলধঃকরণ করিয়ে দেওয়াই তাঁর কাজ। পরিবর্তে মা, বাবা, মাসি, দাদু, দিদা, ঠাকুমা, ঠাকুর্দা ইত্যাদি বয়ঃজেষ্ঠদের হাতে পড়াতে বসাবার দায়িত্ব দেওয়া উচিত অন্তত উচ্চ-মাধ্যমিক পর্যন্ত ছাত্র-ছাত্রীদের। একথা বলা উদ্দেশ্য নয় যে উপরে উল্লিখিত বয়ঃজেষ্ঠরা সকলেই শিক্ষকদের তুলনায় পড়ানোতে অধিক পারদর্শী হবেন। পড়ানোতো হবে বিদ্যালয়ে। বয়ঃজেষ্ঠদের কাজ হবে ছাত্র-ছাত্রীরা যে যথাসময়ে পড়ে বসছে সেটা দেখা, আর দেখা তারা বিষয়ে মনোনিবেশ করছে, বিষয়টি নিয়ে চিন্তা করছে। পড়াশোনায় উন্নত দেশগুলিতে প্রাথমিক পর্যায়ে ছাত্র-ছাত্রীদের বই খাতা বাড়িতে নিয়ে যেতে দেওয়া হয় না।

দ্বিতীয় কারণ ভাষা বিভ্রাট, সরকারী বিদ্যালয়ে প্রাথমিক পর্য্যায়ে (ক্লাস সিক্স পর্যন্ত) ইংরাজী ভাষা তুলে দেওয়া। বক্তব্যটি স্ববিরোধী হয়ে গেল। পড়াতে হবে পারিবারিক ভাষাতেই (মাতৃভাষা-র বদলে পারিবারিক ভাষা-র হোম ল্যাঙ্গুয়েজ-এর ব্যবহার ইউনেস্কোর অবদান)। কিন্তু সরকারী বিদ্যালয়ে প্রাথমিক পর্য্যায়ে ইংরাজী তুলে দেওয়া মানে ইংরাজী ভাষাটাকে নির্মূল করা হল। বাঙালী বাবা মা ভয় পেয়ে গেলেন। পড়াতে হবে পারিবারিক ভাষাতেই কিন্তু সঙ্গে এ, বি, সি, ডি পড়তে বাধা কোথায়? বাঙালী বাবা মার একমাত্র উচ্চাশা ছেলে-মেয়ে চাকরী করবে। ব্যবসায়ী হবে না, অর্থনীতিবিদ হবে না, লেখক হবে না, শিল্পী হবে না, খেলোয়ার হবে না, একমাত্র চাকুরিজীবী হবে।

পশ্চিমবঙ্গ এবং ভারতের আরও কয়েকটি স্থান এবং আফ্রিকা মহাদেশের মধ্যে কয়েকটি স্থান বাদ দিলে পৃথিবীর এমন কোন স্থান নেই যেখানে প্রাথমিক শিক্ষা পারিবারিক ভাষা ছাড়া অন্য কোন ভাষায় দেওয়া হয়। এমন নয় যে বাংলা ভাষা অনুন্নত। পৃথিবীতে বাংলা ভাষায় কথা বলা লোকের সংখ্যা কম-বেশী ৩০ কোটি। সংখ্যার হিসাবে বাংলা ভাষা পৃথিবীতে পঞ্চম অথবা ষষ্ঠ স্থানের অধিকারী। শুধু তাইই নয়। বাংলা ভাষার সাহিত্য সম্পদ পৃথিবীতে অন্যতম শ্রেষ্ঠ। এই ভাষায় লেখার জন্য বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার

পেয়েছেন (অবশ্য ইংরাজী অনুদিত গীতাঞ্জলির জন্য)। এই ভাষায় সিনেমা তোলার জন্য চলচিত্রকার সত্যজিৎ রায় অস্কার পেয়েছেন, বিশ্ববন্দিত হয়েছেন।

ইউনাইটেড নেশনস্-এর শাখা সংগঠন ইউনেস্কো (ইউনাইটেড নেশনস্ এডুকেশনাল্, সাইন্টিফিক্ এ্যান্ড কালচারাল্ অর্গানাইজেশন্) ১৯৪৬ সালে সৃষ্টি হয়েছিল

* আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তায় অবদানের জন্য শিক্ষা, বিজ্ঞান, সংস্কৃতি ও যোগাযোগের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা এবং

* প্রতিটি শিশু ও নাগরিক-এর জন্য
- শ্রেষ্ঠ গুণমানের শিক্ষার অধিকার,
- মানুষর মত বাঁচার মৌলিক অধিকার এবং
- টেকসই উন্নয়নের অপরিহার্য অধিকার নিশ্চিত করার জন্য।

এবং আরো কিছু মহৎ উদেশ্যে।

পৃথিবী ব্যাপি শিশু শিক্ষার উন্নতিকল্পে ইউনেস্কো গবেষণা চালাচ্ছে। ফলশ্রুতি ১৯৫৩ সাল থেকে আজ পর্যন্ত ইউনেস্কো প্রাথমিক পর্য্যায়ের শিক্ষা প্রসঙ্গে নানারকম প্রতিবেদন ও দলিল পেশ করে চলেছে। প্রাথমিক স্তরে শিশু পারিবারিক ভাষা ছাড়া অন্য কোন ভাষায় তার শিক্ষকের কাছে তার মনের ভাব প্রকাশ করতে পারবে না। শিশুর সঙ্গে তার শিক্ষকের যোগাযোগ অসম্পূর্ণ রয়ে যাবে। শিক্ষা ব্যহত হবে।

ইউনেস্কো-র শিশু শিক্ষা সম্পর্কিত ঐ সব প্রতিবেদনে এও বলা হয়েছে যে শিশুরা একাধিক ভাষা শিক্ষায় খুবই পারদর্শী। এর প্রকৃষ্ট উদাহরণ সুইজারল্যান্ড।

তুলনামূলকভাবে ছোট দেশটির যে ক্যান্টনগুলি ইতালি সংলগ্ন সেখানকার প্রাথমিক বিদ্যালয়গুলির শিক্ষার মাধ্যম ইতালিয়ান ভাষা, যে ক্যান্টনগুলি ফ্রান্স সংলগ্ন সেখানকার প্রাথমিক বিদ্যালয় গুলির শিক্ষার মাধ্যম ফরাসি ভাষা, যে ক্যান্টনগুলি জার্মানি সংলগ্ন সেখানকার প্রাথমিক বিদ্যালয়গুলির শিক্ষার মাধ্যম জারমান ভাষা। কিন্তু প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা অন্য দুটি ভাষার একটি ভাষাও অধিগত করে। এছাড়াও অনেকে ইংরাজী ভাষাটিও শিখে নেয়। এটি বর্তমান প্রবন্ধকারের প্রত্যক্ষ অভিজ্ঞতা।

তৃতীয় কারণ খেলাধুলার অভাব। স্বামীজির বহুল পরিচিত উধৃতি - তোরা ফুটবল খেলে স্বর্গের যত কাছে পৌঁছাবি, গীতা পাঠে ততটা নয় ("লেকচারস ফ্রম কলম্বো টু আলমোড়া")। ফুটবল খেলবে কোথায় শহরের বেশির ভাগ বিদ্যালয়গুলিতে খেলার কোন মাঠই নেই। বর্তমান প্রবন্ধকারের মতে মাধ্যমিক পরিক্ষায় অঙ্ক, বাংলা প্রভৃতি বিষয়ের মত খেলা ১০০ নম্বরের একটি বিষয় হওয়া উচিত। মাধ্যমিক পরিক্ষায় পাশ করতে হলে খেলা-য় পাশ করতে হবে। খেলার নম্বর যোগ করেই বৃত্তি তালিকা তৈরী হবে। প্রতিটি বিদ্যালয়ে খেলার মাঠ থাকা উচিত। চালু কোন বিদ্যালয়ে নিজস্ব কোন খেলর মাঠ না থাকলে কাছাকাছি কোন খেলার মাঠকে ঐ বিদ্যালয়ের জন্য নির্দিষ্ট করে দেওয়া উচিত। এ বিষয়ে পৌরসভাগুলির সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন।

নিজস্ব খেলার মাঠ না থাকলে নূতন বিদ্যালয় খোলবার অনুমতি দেওয়া উচিত নয়।

চতুর্থ কারণ বিনোদনের মাধ্যম। রেনেশাঁর সময় দূরদর্শন ছিল না। বিনোদনের মাধ্যম ছিল বই, আলোচনা ও বিতর্ক সভা, নানা রকমের বক্তৃতা, যাত্রা, থিয়েটার ইত্যাদি। ছাত্র-ছাত্রীরা মানসিক ভাবে মুক্তমনা হত। এখন ছাত্র-ছাত্রীদের একমাত্র বিনোদনের মাধ্যম ইলেক্ট্রনিক কল-দূরদর্শন, স্মার্ট মুঠোফোন, অন্তর্জাল যুক্ত কম্পিউটার। ছাত্র-ছাত্রীরা মানসিক ভাবে রুগ্ন হয়ে পড়ছে। নিজেদের মধ্যে গুটিয়ে যাচ্ছে। দূরদর্শন দেখে বিনোদনে মস্তিষ্কের ব্যবহার শূন্য। দ্রষ্টব্য ও শ্রোতব্য, চোখ ও কানের মাধ্যমে সোজাসুজি মস্তিষ্কে চালান হচ্ছে, চিন্তার অবকাশ নেই। আমাদের ছোটবেলায় আমরা নারায়ণ গঙ্গোপাধ্যায় (টেনিদা), প্রেমেন্দ্র মিত্র (ঘনাদা), শিবরাম চক্রবর্তি গোগ্রাসে গিলতাম। কেন জানি না আজকালকার বেশীরভাগ ছেলে মেয়েদের বই পড়া বন্ধ হয়ে গেছে। বই না পড়লে ভাষা জ্ঞানটা হবে কোথা থেকে আমাদের মধ্যে অনেকেই মোটামুটি পরিস্কার বাংলায় কথা বলার অভ্যাস হারিয়ে ফেলেছি। কথা বলার সময় ইংরাজী বা হিন্দি ভাষার শব্দাবলী কথার মধ্যে প্রক্ষিপ্ত হয়।

কথায় বলে বাঙালি আত্মবিস্মৃত জাতি। আমরা আমাদের মাতৃভাষাকে ভালবাসতে বা শ্রদ্ধা করতে ভূলে গেছি। আরও মনে হয় বই না পড়ার অভ্যাস দূরদর্শন-এর কারণে। আমেরিকায় প্রবাসী বাঙালিদের (৩০ থেকে ৫০) পরের প্রজন্মের টিভি দেখা বন্ধ অথবা নিয়ন্ত্রিত। বাবা মায়ের সঙ্গে গল্প গুজবে সময় কাটানোর প্রচেষ্টা চলছে। কারণটা সহজেই প্রণিধান যোগ্য। দয়া করে স্মরণ করুন "ব্লু হোয়েল"-এর খপ্পরে পড়ে আমাদের দেশে কত ছোট ছোট ছেলে-মেয়ে আত্মাহুতি দিয়েছে। এ আপনি রুখবেন কি ভাবে?

আমরাই ছেলেমেয়েদের স্বার্থপর তৈরী করছি। বাবাই বাবাই এ পূজোয় তুমি কোন জামাটা নেবে বাবাই। ঐ যে সেদিন টিভিতে দেখাচ্ছিল। হ্যাগা, সে যে অনেক দাম, পাঁচ হাজার টাকার ওপর। হোকগে দাম, একটাই তো ছেলে। তুমি না পার আমার জমানো টাকা থেকে আমি দেব। হয়তো ছেলেটির মাসির আর্থিক অবস্থা তত ভালো নয়, মাসতুতো ভাই-বোনেদের হয়তো এ বছর পূজোর জামা-কাপড় কেনাই হবে না। বাবাই-এর বাবা যদি বাবাই-এর মাকে বুঝিয়ে বাবাই-এর একার জন্য এ বছর পূজোয় পাঁচ হাজার টাকার জামা না কিনে ঐ টাকায় বাবাই-এর এবং ওর মাসতুতো ভাই-বোনেদের সকলের জন্য জামা কিনতেন, তাহলে বাবাই-এর পরম উপকার হত।

পঞ্চম কারণ রাজনৈতিক ও সামাজিক। রেনেশাঁর সময় দেশ পরাধিন ছিল।

উপসংহার ঃ- "শিক্ষাই সম্পদ, আর সবই মূল্যহীন"। পরিণত বয়স্ক না হলে, প্রাগোক্ত শব্দাবলীর সঠিক মূল্যায়ণ কঠিন। যথাযথ শিক্ষা দেওয়া ছাড়া জিনিয়াস (শহজাত সৃজনী প্রতিভা সম্পন্ন ব্যক্তি) তৈয়ারী করার আর কোন রাস্তা আচে বলে মনে হয় না। ২০১৭ সালের মে মাসে ন্যাশনাল জিওগ্রাফিক পত্রিকায় একটি প্রবন্ধ বেরিয়েছিল, জাপানে জিনিয়াস তৈরী করার কারখানা তৈরী সম্পর্কে। জাপানে একটি বিশেষ বিদ্যালয় সৃষ্টি করা

হয়েছিল, যেখানে ছাত্র-ছাত্রীদের যোগ দিতে হলে তাদের আই-কিউ ১৫০/১৬০ হতে হবে। এবং একটি শ্রেণীতে ৮/১০ জন ছাত্র-ছাত্রী। কিন্তু জাপানের এ পরীক্ষা সফল হয় নি। এখানে বংশানু (জিন), বংশ-গতি বিদ্যা (জেনেটিক্স), প্রকৃতি ও প্রতিপালন (নেচার ও নারচার) - এর প্রসঙ্গ এসে পড়ে। যেহেতু উল্লিখিত বিষয়গুলি এই লেখাটির মূল প্রতিপাদ্য বিষয়ের মধ্যে পড়ে না, তাই ওগুলি নিয়ে আলোচনার অবকাশ নেই। শুধু এইটুকু বলা যায় যে সৃজনী প্রতিভা সৃষ্টিতে বংশ-গতি এবং প্রকৃতি ও প্রতিপালন সমভাবে প্রযোজ্য।

বর্তমান পশ্চিমবঙ্গে সমাজের যে কজন চিন্তাশীল ব্যক্তি অবশিষ্ট আছেন, তাঁদের সনির্বন্ধ অনুরোধ, ছেলে-মেয়েদের মাতৃ-ভাষায় যথাযথ শিক্ষা দেওয়ার ব্যবস্থা করুন। তাহলে হয়তো আজ থেকে ২০/২৫ বছর পরে পশ্চিমবঙ্গে নব্য কোন রেনেশাঁর উদ্ভব হবে। আপনার আমার ভবিষ্যৎ প্রজন্ম পশ্চিমবঙ্গে স্বমেধায় কাজ করে এ বিশ্বকে নূতন কিছু দিতে পারবেন। তা যদি না হয় ইতিহাসের চালিকা শক্তির সম্ভাবনার অপেক্ষায় শবরীর প্রতিক্ষা।

**(লেখকের কৈফিয়ৎ - লেখাটি শুরু করেছিলাম ২০১৭ সালের অগাষ্ট মাসে। মাঝে মাঝে একটু-আধটু সংযোজন হয়েছে। নানান কাজের চাপে শেষ করা হয় নি। এখনো হল না। আমার লেখা খুব ধীর গতিতে এগোয়। যদি কোন সহৃদয় পাঠক ghosh.achyut@gmail.com এখানে সমালোচনা পাঠিয়ে দেন তাহলে, ভবিষ্যতে আরও উন্নত মানে সমপূর্ণ করা যাবে।)**

# সময়ের কল্পকথা

অতীন্দ্রিয় পাঠক

(শ্যামল ধর) 1961 EE

ওরা তিনজন দীর্ঘকালের বন্ধু।নবেন্দু, বিকাশ ও পরিমল।

ছোটবেলায় একই স্কুলে পড়ত, এরপর পড়াশোনায় দিকবদল ঘটে। এখন ওদের কর্মক্ষেত্র ভিন্ন যদিও, একই অঞ্চলে থাকার সুবাদে বন্ধুত্বে ফাটল ধরে নি। বরং নিয়মিত যোগাযোগ, সামাজিক ক্ষেত্রে পারস্পরিক থাকা এবং সুখদুঃখের সঙ্গী হওয়ার ফলে তা মজবুত গঠন পেয়েছে।

ওদের বর্তমান অবস্থান এইরকম - নবেন্দু ইঞ্জিনিয়ারিং পাশ করার পর দু-একটা ছোট চাকরি, তারপর সামান্য ব্যবসার চেষ্টা, অবশেষে নানা বিশিষ্ট ইঞ্জিনিয়ারিং সংস্থায় প্রায় সর্বোচ্চ পদে প্রতিষ্ঠিত থেকেছে। একজন সফল প্রযুক্তিবিদ, তার পেশাগত সাফল্যের কারণে ঘন ঘন এক সংস্থা থেকে অন্য সংস্থায় যায়। ওকে পরিচালকরূপে পেতে অনেকে আগ্রহী, কেননা যে-কোন রুগ্ন সংস্থাকে লাভজনক সংস্থায় পরিণত করার কৌশল তার করায়ত্তে। বিশেষজ্ঞ নবেন্দুকে শিল্পমহল এভাবেই জানে।

বিকাশ কম্পিউটার-প্রযুক্তিতে, এর মধ্যে ছ-টা চাকরি ছেড়ে সপ্তমটায় বছরখানেক হল যোগ দিয়েছে। প্রতিবারই বেশ ভাল পরিমাণে মাইনে বাড়ে। নতুন কাজে যোগ দেবার সময় যে-উৎসাহে দীপ্ত থাকে, তার উচ্চাকাঙ্খা কিছুদিনের মধ্যে তা নিষ্প্রভ করে পরবর্তী ধাপে যেতে প্ররোচিত করেছে। তার চোখের সামনে যেন অনন্তের হাতছানি, কতদূর পৌঁছবে বা পৌঁছতে চায়, নিজের কাছেই হদিস নেই। প্রতিবার ধাপ পেরোবার সময় ওর নিজের সময় অন্যের কাছে বেশি করে গচ্ছিত রাখতে হয়, নিজের জীবনে অবসরের ফাঁকগুলি কমে, দ্রুততর গতি ও যান্ত্রিক অনুশীলন অন্য অবকাশ থেকে দূরবর্তী করে, তার সংসার জীবন ও বন্ধুদের সাহচর্য নিক্ষম্প অনুভব থেকে বিচ্যুত হয়ে চিত্রার্পিত যেন, শুধুই দৃশ্যময়। এইরকম ক্রমশ যান্ত্রিক জীবনযাপনই তার সাফল্যকে এখন চিহ্নিত করে।

পরিমল এদের দুজনের থেকে স্বতন্ত্র। পাস করেই পরীক্ষা দিয়ে ব্যাঙ্কে চাকরি নিয়েছিল। তারপর বিয়ে, স্ত্রী ও দুই সন্তান - এক ছেলে, এক মেয়ে। সাংসারিক দায়িত্ব, বিনোদন, ভবিষ্যতের জন্যে কিছু বন্দোবস্ত রাখা, এর বাইরে খুব বেশী কিছু ভাবে নি। গান ও কবিতাচর্চা ছিল একসময়, কিছুটা পারদর্শিতাও। বিশেষ কিছু হবার মানসিকতা একসময় ছিল, কিন্তু সমস্ত দায়িত্ব নিখুঁতভাবে পালন করতে-করতে সেসব একেবরে হারিয়ে যায়নি হয়তো, তবু নেহাতই অনুষঙ্গ মাত্র। ইদানিং রীতিমত হতাশ হয়ে পড়েছে, -এক মারণ রোগের শিকার সে। পেটে ক্যান্সার, একটু বেশিই দেরিতে ধরা পড়েছে, আয়ু আর বেশী নয়, শুধু চেষ্টা, কতটা প্রসারিত করা যায়। চাকরি থেকে স্বেচ্ছা-অবসর নিয়ে ঘরবন্দী করেছে নিজেকে, গান ও কবিতাচর্চা

মনে হয় অতীতকালের, রেশটুকু শুধু মনের ভেতর এখনো। তার সঙ্গে সকলের আরো বেশি ঘনিষ্ঠ ব্যবহার যেন মৃত্যুর মুখই বেশি করে মনে পড়ায়, ওর অস্বস্তি হয়, উপেক্ষা করতে চেষ্টা করে, বলে, সমস্ত জীবনটাই তো মৃত্যুর সঙ্গে যুদ্ধ। যুদ্ধে নেমে গেছি আমি, তোমরা আমার সরাসরি লড়াইটা দ্যাখো। এই সব কথা বলে-বলে আসলে নিজেকে গুছিয়ে নিচ্ছে সে। কেন গুছোচ্ছে, কোথায় যাবার জন্যে, জানে না যদিও।

আগে পালা করে তিনজনের বাড়িতেই আড্ডা বসত। নবেন্দু ও বিকাশ তাদের কর্মক্ষেত্রে, পরিমল তার সংসারক্ষেত্রে অনেক ব্যস্ততা সত্ত্বেও এই আড্ডায় ঠিক হাজির হত, সারা সপ্তাহ ধরে মনের যে ক্ষরণ, সেখানে তার পূরণ ঘটত। ইদানীং পরিমল অসুস্থ হয়ে বাড়ি থেকে বেরোয় না, ওর বাড়িতেই বাকি দুজন যায়। নানারকম খাবার নিয়ে, নানা বিচিত্র মুখরোচক খবর সংগ্রহ করে আড্ডা জমায়, নিজেদের কথা বলে, পরিমলের কথা শোনে, ঘন্টাদুয়েক কাটিয়ে যে-যার নিজের বাড়ি ফিরে যায়। ওরা যতক্ষণ থাকে, কিছুটা উজ্জ্বল, চলে গেলে আরো অনুজ্জ্বল অবস্থানে আরো ধ্বস্ত হতে থাকে।

নবেন্দুকে চাকরি করতে হয় যুদ্ধকালীন পরিস্থিতিতে। সবসময় ফাঁদে ফেলার চক্রান্ত, সতর্ক থাকতে হয়, চকিত সিদ্ধান্ত নেবার সময় অতীত ও ভবিষ্যৎ পরিস্থিতি খুব দ্রুত বোঝা দরকার। সহযোগীদের ঠিকমতো ব্যবহার ও নিয়ন্ত্রণ করার জন্যে কৃৎ-কৌশলের ঠিকঠাক প্রয়োগ জরুরি হয়ে পড়ে। ফলে তার মনের ওপর যথেষ্ট চাপ, রাতে ভালো ঘুম হয় না, ব্লাডপ্রেসার, সুগার বাড়ে, তার জন্য ওষুধ খেতে হয়। ক্লাবে প্রায়ই যায়, নানা পার্টিতেও, সেখানে একইরকম ব্যস্ত ও মানসিক অবসাদগ্রস্ত অনেকের সঙ্গে দ্যাখা হয়। ওরা এইসব প্রসঙ্গ আলোচনা করে, স্বাচ্ছন্দের উপায় খোঁজে, কিন্তু উপায়গুলি আরও গভীর অবসাদের ভেতরে পৌঁছে দেয় ওদের। বুঝতে পারে, আসলে একটা চক্রব্যূহের ভেতর চলে যাচ্ছে ওরা।

ঠিক এইরকম অবস্থায় ওদের ভেতরেই একজন নতুন সন্ধান নিয়ে এল। এক ভারতবিখ্যাত সাধু বিভিন্ন আলোকিত সভায় চমকপ্রদ সব কথা বলেন। অনেক উচ্চপদস্থ কর্মচারী, যারা মানসিকভাবে নিয়ত-নিষ্পেষণের শিকার, এইসব সভায় যোগদান করে বেশ উপকৃত। সাধারণত বড় বড় হোটেলে এই সভা বসে, এবং সেসব সভায় যোগদান করা খরচসাপেক্ষ। তবু তারা খুশি, কেননা সাধুর বিধানগুলি তাদের কর্মক্ষেত্রে এবং মানসিক স্বস্তির পক্ষে খুবই কার্যকরী হয়েছে। এইরকম একটি সভার খবর পেয়ে ওরা কয়েকজন যোগদান করে মন দিয়ে সাধুর বিধানগুলি শুনল।

এই বিধানগুলি শুনে উদ্বুদ্ধ নবেন্দু সেদিনের আড্ডায় বলছিল, আমি শুনে তো রীতিমতো চার্জড। এত সহজ কথা, অথচ কোনোদিন ভাবিনি! উনি সময়কে ঠিকমতো ব্যবহার করার কথা বলেছিলেন -আমাদের এত টেনশন হয় মূলত দুটো কারণে - এক, ব্যর্থতা থেকে হতাশা আর ভবিষ্যতে কী হবে তাই নিয়ে

আশঙ্কা। অর্থাৎ অতীতে যা হয়ে গেছে, ভবিষ্যতে কী হতে পারে। রহস্যটা এখানেই যে, এই অতীত বা ভবিষ্যত সময়ের কোনো ব্যবহারযোগ্যতা নেই, যা আছে শুধু বর্তমানের। অতএব বর্তমানে মনোনিবেশ করো, বর্তমানের কথাই ভাবো, বর্তমান নিয়ে ধ্যান করো। তাহলেই ব্যর্থতার হতাশা বা ভবিষ্যতের আশঙ্কা থাকবে না, মানসিক পীড়নও থাকবে না। এর জন্যে নির্দিষ্ট কিছু ধ্যানের পদ্ধতি তিনি জানিয়েছেন, সেই ধ্যানের অভ্যেস যত বাড়ানো যাবে, ব্যর্থতা ও আশঙ্কাও দূর হবে, প্রয়োজনীয় এবং সঠিক সিদ্ধান্ত নেবার জন্যে যা একান্তভাবে জরুরি। ওর বক্তৃতা শুনে আমরা সবাই বেশ উদ্দীপ্ত বোধ করছি, এত ভালো কথা এর আগে কখনো শুনিনি। এজন্যেই ওই ভদ্রলোকের সর্বত্র এত চাহিদা।

পরিমল ম্লান হেসে বলল, তুই কি নিশ্চিত নবেন্দু, উনি সঠিক বলেছেন?

নবেন্দু অবাক। বলিস কীরে, একেবারে জলের মতো পরিষ্কার। কোথায় ভুল দেখলি তুই?

বর্তমান বলে কিছু আছে নাকি প্রতি মুহূর্তেই তো অতীত, ভবিষ্যৎ এসে দখল নিচ্ছে, তারপরই আবার অতীত। বর্তমান কোথায়?

পরিমলের কথা শুনে কিছুটা যেন বিভ্রান্ত নবেন্দু, তারপরই সামলে নিয়ে বলল, তোর যত দার্শনিক-দার্শনিক কথা, সব কিছু গুলিয়ে দেবার মতলব। আমি প্র্যাক্টিকাল লোক, বাস্তব নিয়ে কাজ-করবার করতে হয়।

আমিও তো প্র্যাক্টিক্যাল চিন্তা করতেই বলছি।

ওটা প্র্যাক্টিকাল যে সময় চলে গেছে, যা এখনো আসেনি, তার কী ব্যবহার করব যত সব আজগুবি কথা। আর সত্যিই তো, অতীত আর ভবিষ্যতই যত মাথা ভার করে রাখে, বর্তমানকে স্বস্তি দেয় না। তার চাইতে-

কিন্তু নবেন্দু, ঠিকমতো ভেবে দ্যাখ, অতীতে শুধু তো ব্যর্থতা নয়, পাশাপাশি সাফল্যও আছে। ব্যর্থতা তোকে অভিজ্ঞতা দেয়, সাফল্য দেয় প্রেরণা। এদের ছাড়া কাজ করবি কী করে। আর এসবই স্মৃতি, তোর নিজস্ব সম্পদ, অতীত যাদের ধারণ করে রাখে।

পরিমলের এই কথার কোনো উত্তর নবেন্দু গুছিয়ে উঠতে পারে নি, তার আগেই বিকাশ বলল, পরিমলের সঙ্গে কিছুটা একমত হলেও আমার কিন্তু ধারণা, অতীত বা বর্তমান কোনোটাই নয়। ভবিষ্যৎ-ই একমাত্র ভাবনার বিষয়।

নবেন্দু হেসে বলল, তোরা দুজন মিলে যা করছিস না, বিকাশ আবার ভবিষ্যৎ নিয়ে পড়ল।

তা ছাড়া আবার কী। পরিমল ঠিকই বলেছে, অভিজ্ঞতা আর সাফল্যই বর্তমানে এনে দাঁড় করিয়েছে। কিন্তু সেখানে তো দাঁড়িয়ে থাকবে না, আমি চাই আরো উন্নতি, আরো সাফল্য যা ভবিষ্যৎই আমাকে দিতে পারে।

আলোকিত সভায় নবেন্দু যা বুঝে এসেছিল, যা শুনে উদ্বুদ্ধ হয়েছিল, বিধান অনুযায়ী এগিয়ে যাবার সংকল্প নিয়েছিল, সে-সবই যেন ভেঙ্গে

পড়ার উপক্রম। কিছুক্ষণ হতভম্ব হয়ে বসে থেকে, তারপর নিজেকে ফিরে পেতে বলল, এইসব আবোল-তাবোল গোলমেলে চিন্তাগুলিই যত নষ্টের মূল, কাজ না করার বাহানা। অফিসে বসে যত প্যাঁচ-পয়জারের লোকগুলোকে তো দেখছি। আমি এসবের মধ্যে নেই, সমস্ত কাজ তবে শিকেয় উঠবে। বিকাশ তো এত ওপরে উঠেছিস, আরো উঠবি, বল তো, তা কি বর্তমানে কোনো কাজ না-করেই পরিমলের কথা না হয় বুঝি, মনের অবস্থা ভালো নয়, তাই স্মৃতি আঁকড়ে আছে। তা হলেও পরিমলকে বলি, তুই যে লড়াই করছিস এখন, সেই যুদ্ধক্ষেত্রটা কি বর্তমানের বাইরে?

ব্যক্তিগত প্রসঙ্গ এসে পড়ায় পরিমল চুপ করে গেল। বিকাশ, নবেন্দুও সামান্য অস্বস্তিতে। সেদিনের আড্ডা আর এগোল না।

পরিমল বা বিকাশ যাই বলুক, নবেন্দু নিজের ভাবনায় নিশ্চিত থেকে সেই দিশার অন্তর্বর্তী হয়েছে, যা আলোকিত সভায় সেই সাধুটির বিধানে নির্দিষ্ট ছিল। সকাল-সন্ধ্যেয় ধ্যানযোগে কিছুটা করে সময় কাটানো, অফিসের ফাইলে যখন চোখ, অতীতের কোনো সূত্র থাকলে তা নিয়ে বিশেষ মাথা না-ঘামানো, আগামী ইঙ্গিতের সম্ভাবনায় উৎসারিত আবেগকে নিরস্ত করা, ভাবনায় শুধু বর্তমান, শুধুই বর্তমান, কেমন কাজ হচ্ছে, কোথায় গলদ, তার মেরামত করা, মিটিংয়ে কেউ পুরনো ক্ষতির কথা উল্লেখ করলে হাত তুলে তাকে নিবৃত্ত করা, ভবিষ্যত-উজ্জ্বলতার কথায় কেউ উদ্বুদ্ধ হলে হেসে তাকে থামিয়ে দিয়ে বলা, এখন যা হচ্ছে তার কথা বলুন, কী-কী দরকার সেই কথা বলুন। চীফের এই মনোভাবে সবাই অবাক হলেও অতীত-ক্ষতির দায়ভাগী যারা, তারা স্বস্তি পায়, নতুন আশার আলো যারা দেখছিল, তারা নিরাশ হয়।

এইভাবে চলতে-চলতে নবেন্দুর মনে অতীতের গ্লানি কমেছে, নতুন-নতুন পরিকল্পনাজনিত আবেগ কমে গিয়ে মন নির্ভার, সংস্থায় কাজকর্মের গতি এনে সেখানে মনোনিবেশে স্বচ্ছন্দ, প্রতিদিন কাজের খতিয়ানে সন্তুষ্টি নিয়ে ঘরে ফেরে, বাড়িতে ফিরে সংসারের কাজে কিছুটা মন দেয়, রাত্রে ঘুমটা বেশ ভালই হচ্ছে আজকাল।

বিকাশও আগের মতোই। অতীতে যেখানে-যেখানে কাজ করত, তৎকালীন সহকর্মীরা কখনো যোগাযোগ করলে তাদের সতর্ক করে - ভাল আছ, এটা কোনো কাজের কথা নয়, ভাল নেই, এই মনোভাব রাখা দরকার, আরো এগোও, আরো উন্নতির কথা ভাব, নিজেও বর্তমান সংস্থায় কেন ভাল নেই, এসব খুঁটিয়ে-খুঁটিয়ে ভাব। নিজস্ব যোগ্যতার পরিমাপ করে, তার সদ্ব্যবহার হচ্ছে না বলে আপসোস কর। সবসময় সে সন্ধানে আছে, অন্যের সঙ্গে আলাপচারিতায়, খবরের কাগজের বিজ্ঞাপনে, এবং অন্য যে-সব সংস্থার সঙ্গে বর্তমান কর্মসূত্রে পরিচিত, তাদের পরিধির সুলুক-সন্ধানে, যেখানে তার যোগ্যতার যথার্থ ব্যবহার সম্ভব।

এইভাবে, ভাল নেই, একদম ভাল নেই, মনে-মনে এই মন্ত্র জপ করতে-করতে বিকাশ মানসিকভাবে সবসময় অস্থির, হচ্ছে না, কিছুই হচ্ছে না, এই বোধ তাকে তাড়িয়ে নিয়ে বেড়াচ্ছে। সংসারে ছেলে-মেয়ে-স্ত্রী-র মনোভাবে বিরক্ত, তাদের আব্দার-স্নেহ-মমতার মূল্য তার কাছে নেই, ওর সঙ্গে পরিবার সহযোগ করছে না, এই অতৃপ্তি সবসময়, আজকাল ঘুমের ভেতরে অদ্ভুত-অদ্ভুত স্বপ্ন ঘোরাফেরা করে, ঘুমের ব্যাঘাত হয়, একরাশ অতৃপ্তি নিয়ে ঘুম থেকে ওঠে, তারপর দিনের প্রবাহে ভেসে যায়।

এদিকে পরিমলের অসুখ বাড়তেই থাকছে। ছটা কেমোথেরাপি নেবার পর শরীরের এমন অবস্থা, আর দেয়া যাবে কিনা, ডাক্তারের মনেই সন্দেহ। শরীরের অন্যান্য অঞ্চলগুলি ক্রমে বিধ্বস্ত, পরিমলের চোখে ভবিষ্যৎ এতদিন তো ছিলই না, বর্তমানও দুর্বল এখন, অতীতের অসংখ্য দৃশ্য চোখের সামনে প্রতিনিয়ত ভেসে ওঠে -দাম্পত্য দৃশ্যগুলি, নিজের নানা মাঝারি অথচ অনুভবী সাফল্যগুলি, সন্তানের ভেতরে নিজের স্বপ্ন চারিয়ে দেবার চেষ্টা, তাতে সাফল্যের সম্ভাবনাগুলি। কিছুদিন আগে পর্যন্ত স্ত্রী-সন্তানের ভবিষ্যৎ-চিন্তা কালো ছায়া ফেলত মনের ওপর, তা-ও কেমন হিজিবিজি হয়ে, তার কাছে এখন অর্থবহ নয় আর।

পরিমল এখন যেন এক অন্ধকার সুড়ঙ্গের ভেতরে ঢুকে গেছে - সামনে অন্ধকার, শুধুই অন্ধকার। সেই সুড়ঙ্গের পথে চলা আর না-চলা সমান। নিয়ত এক যন্ত্রণা শরীরময় -আর কতদিন হে ঈশ্বর, এই যন্ত্রনার কি অবসান নেই কী এমন প্রারব্ধ, যা এই সুড়ঙ্গের পথে ঠেলে দিয়েছে -পুঙ্খানুপুঙ্খ সেসবের হিসাব করে, হদিস পায় না, নিয়তির ক্রুরতাকেই অবশেষে মেনে নেয়। দৃশ্যে ও শ্রবণে চারপাশের যে উজ্জ্বলতার কথা জানতে পারে, তার প্রতি আগ্রহ ও কৌতূহল কমে আসছে তার।

নিয়ম করে প্রতি রোববার বিকাশ ও নবেন্দু ওর কাছে এখনো যায়। বৃথা সান্ত্বনা দেয় না আর, আজ কষ্টটা কম কিনা জিজ্ঞেস করে। এই অসুখ এখন প্রায় প্রতিটি পরিবারে, এই সংবাদ দিয়ে তার ক্ষতে কিছুটা প্রলেপ দেবার চেষ্টা, কিন্তু পরিমলের বেদনাক্লিষ্ট মনে সাড়া জাগায় না, শুধু বলে, কী এমন করেছি আমি, যার জন্যে এমন হল? আশ্বাস চায়, পরিমলের অবর্তমানে ওর সংসারের যেন খোঁজ নেয়। ওদের সামনে এখনো অনেকটা দীর্ঘ পথ, ওরা তো কোনো দোষ করে নি?

একদিন সকালে বিকাশ ও নবেন্দুর বাড়িতে ফোন গেল, সেই ফোন চালাচালি হল তাদের অফিসে। খুবই দ্রুততায় ওরা পৌঁছে গেছে পরিমলের বাড়ি। পরিমলকে চেনা যাচ্ছে না, শরীরটা এতটুকু হয়ে চোখদুটো যেন ঠেলে বেরিয়ে আসছে। পরিমল ওদের চিনল ঠিক, ব্যথায় দীর্ণ ওর মুখ আর কন্ঠস্বর, হাত বাড়িয়ে ধরতে চাইল ওদের হাতগুলো। তিনজোড়া হাত একসঙ্গে হলে পরিমল বলল, আর সহ্য করতে পারছি না রে। ওই স্পর্শে কী ছিল কে জানে, সম্মোহিতের মতো ওরা বসে পড়ল বিছানায়, পরিমলের পাশে। বসে-বসেই দেখল, ক্রমশ আচ্ছন্নভাব পরিমলের

চোখে-মুখে, তারপর ধীরে-ধীরে স্তব্ধ হয়ে গেল সব-কিছু। ওদের হাত-ধরে থাকা পরিমলের হাতও একসময় শিথিল হয়ে বিছানায় নামল। ওর শরীর যাবতীয় যন্ত্রণা ঝরিয়ে দিয়ে অপূর্ব শান্ততায় পৌঁছে যাচ্ছে, সেই শরীরে আছড়ে-পড়া ওর স্ত্রী ও ছেলে-মেয়ে। সব মিলিয়ে এক আশ্চর্য দৃশ্যপট।

নবেন্দুর চকিতে মনে হল, এই বুঝি সেই বর্তমান, যা অতীত হয়ে যাচ্ছে না, ভবিষ্যৎ এসেও দখল নিচ্ছে না -সেই সাধু আলোকিত সভায় যা বিশদ করেছিলেন। এখন পরিমলের শরীরে কোনো অতীত স্মৃতি নেই, ভবিষ্যৎ-ভাবনাও নেই। এই মুহূর্তে ওর স্ত্রী-ছেলেমেয়েরও কোনো দিকেই কোনো প্রসারণ নেই, এখন শুধু বর্তমান আর বর্তমান। নবেন্দু-বিকাশের মনেও এই চিত্রপটটি বর্তমান সময়-কিনারে এসে এমন অনড়, যেন ব্রহ্মান্ড স্থির হয়ে আছে। পরিমলকে ঘিরে যাবতীয় অতীত, অসম্ভব দ্রুততায় সংকুচিত হতে-হতে এই অনড় চিত্রপটে এসে স্থির, সেখান থেকে আর এগোতে পারছে না। বিকাশের স্বপ্নগুলি এই স্থির সময়ের ভেতরে যেন অর্থহীন ঝুলে আছে, নবেন্দু যে-বর্তমানে এসে তারও কোনো হদিসই নেই আর।

মুহূর্ত আর অনন্তের তফাতহীনতায় পরিমলের শরীর ঘিরে এই চিত্রপট এমন অলৌকিক, ব্রহ্মান্ড যন স্থির-স্থাপত্য পেয়ে গেছে।

*With best complements from :*

# MUKHERJEE TRANSPORT

# শিবপুর বি. ই. কলেজ, আলিপুর বোমার মামলা ও বব্ ডিলান

রঞ্জন প্রসাদ
1969 B Arch

টাওয়ার ক্লকের টিক্ টক্ - টিক্ টক্
বয়ে চলে গঙ্গায় জল
কোম্পানি বাগানের বুড়ো বটগাছ
পাতা ঝরা ছায়ার আঁচল
সোনালি স্বপ্ন - দেখা আমরা কজন
আগামী দিনের কারিগর
বিশপ্স কলেজ থেকে বি. ই. কলেজ
জুড়ে আছে সারা অন্তর......
(প্রাক্তনী পূণর্মিলন স্মারক-সংগীত)

স্বরচিত এবং সুরারোপিত আমার গানটির প্রথম স্তবকের উদ্ধৃতি দিয়েই এই প্রতিবেদনটি শুরু করছি। এটা লক্ষনীয় যে এ পর্যন্ত বেশীর ভাগ লেখা, যা পুণর্মিলন স্মারক পত্রিকায় (স্যুভেনির) প্রকাশিত হয়েছে, তা মূলতঃ আমাদের হস্টেল জীবনের স্মৃতি, শিক্ষকদের নানাবিধ নামকরণ, ছাত্রদের গতানুগতিক দৌরাত্ম্য ও ক্যাম্পাসের চালচিত্র, চেনা অম্ল-মধুর সম্পর্কের এক ধারাবাহিকতা, যা প্রজন্মের পর প্রজন্মে সযত্নে চর্চিত ও রক্ষিত আছে, তারই জীবনপঞ্জী। কিন্তু এর বাইরেও কিছু ব্যতিক্রমী ঘটনা বা মুহূর্ত আমাদের ক্লক-টাওয়ার যারও নীরব সাক্ষী। আমাদের সুবিশাল ধারাবাহিকতায় হয়তো বা তা উপেক্ষিত বা অবহেলিতই থেকে গেছে। তাকে একবার ফিরে দেখাই এই প্রতিবেদনের উদ্দেশ্য।

সেই ১৯৬৪ সালে হায়ার সেকেন্ডারি (তখন এগারো ক্লাসের আমল) পরীক্ষার পর আমার রক্ষণশীল ও রাশভারি আইনজীবি এবং স্বাধীনতা সংগ্রামে প্রত্যক্ষভাবে অংশগ্রহণকারী আমাদের পরিবারের বড়দের অজান্তে স্রেফ বাড়ির আওতা ও শাসনের বাইরে হস্টেল জীবনের আকর্ষণে আমার স্কুলের বেশ কিছু বন্ধুদের সঙ্গে বি. ই. কলেজে ভর্তি হবার পরীক্ষায় বসা এবং মেধা তালিকায় ভর্তির ছাড়পত্র। এরপর তো জানাজানি না হবার কোন উপায় ছিলোনা, কিন্তু বাড়ির বড়দের মতের বাইরে পারিবারিক আইন পেশায় না গিয়ে আমার এই অবাধ্য পদচারণা তাঁরা হয়তো বিশেষ পছন্দ করেননি, তবে তৎকালীন বি. ই. কলেজের ছাত্র হতে পারার গৌরব বা সম্মানের পথে বাধা হয়েও দাঁড়ান নি। কেবল আমার বড় জ্যাঠামশাই ঁসুধীরঞ্জন দাশ (যিনি তখন ভারতবর্ষের প্রধান ন্যায়াধীশের পদ থেকে অবসরান্তে বিশ্বভারতীর উপাচার্য্যের দায়ীত্ব নিয়েছেন), আমাকে হয়তো বা একটু বক্রোক্তি সহযোগেই বলেছিলেন -তোদের কলেজের ক্যাম্পাস থেকে কলোনিয়াল রাজ বা শাসনের বিরুদ্ধে কোন প্রতিবাদ উঠেছে বলে শুনিনি, দেখিস পাট্টোয়ারী বিদ্যের কর্তাভজা হতে গিয়ে যেন স্বদেশচেতনা হারিয়ে ফেলিস না।

এই কথাটি আমাকে মনে দাগ কেটেছিল, এবং এই কারণে আমি স্বাধীনতা আন্দোলনের বিভিন্ন বইপত্র ঘেঁটে একটি দারুণ তথ্য পেয়ে যাই যা বক্ষ্মাস্ত্রের মত আমার কাজে লাগে। সেই যুগে আমাদের মেক্যানিকাল ইঞ্জিনিয়ারিং বিভাগের কর্মী ঁদ্বিজদাস দত্ত এই ক্যামপাসেই বাস করতেন, যাঁর পুত্র ছিলেন উল্লাসকর দত্ত স্বয়ং, এবং প্রাথমিক বোমা তৈরীর কিছু পরীক্ষা-নিরীক্ষা তিনি এখানেই করেছিলেন, যা পরবর্তীকালে বিপ্লবীদের অসম্ভব কাজে লেগেছিলো।

এরপরে সেই বিখ্যাত আলিপুর কোর্টের বোমার মামলা, যাতে অরবিন্দ ঘোষের সঙ্গে বারীণ ঘোষ, উল্লাসকর দত্ত এবং অন্যান্য বিপ্লবীদের বিচার, যা স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে অগ্নিঅক্ষরে লেখা আছে। আর একটি কথা এই প্রসঙ্গের উল্লেখ করা যেতেই পারে। এই মামলার প্রধান অভিযুক্ত অরবিন্দ ঘোষ এবং এই আদালতের বিচারক বীচ্‌ক্রফ্‌ট সাহেব একই সাথে সিভিল সার্ভিস পরীক্ষায় বসেছিলেন, এবং মেধা তালিকায় বীচ্‌ক্রফ্‌ট অরবিন্দ ঘোষের থেকে বেশ কয়েক ধাপ নীচে ছিলেন। একটি তুচ্ছ অজুহাত দেখিয়ে অরবিন্দ ঘোষকে আই. সি. এস. থেকে বঞ্চিত করা হয়। এই মামলায় বিপ্লবীদের পক্ষ নিয়ে দাঁড়িয়েছিলেন আমারই আর এক জন পূর্বপুরুষ, যুবক ব্যারিস্টার চিত্তরঞ্জন দাশ, যাঁর জ্বালাময়ী সওয়াল বিপ্লবীদের নিশ্চিত ফাঁসির থেকে বার করে আনতে সফল হয়। শ্রী অরবিন্দ বেকসুর মুক্তি পেলেও বারীন ঘোষ এবং উল্লাসকর দত্তের ফাঁসির আদেশ হাইকোর্টে গিয়ে দ্বীপান্তরে পরিণত হয়। প্রসঙ্গত উল্লেখযোগ্য এই যে এ বছর চিত্তরঞ্জন দাশের সার্ধশতবর্ষ উদ্‌যাপিত হচ্ছে (জন্ম ৫ই নভেম্বর ১৮৭০)। এই উপলক্ষ্যে ভারত সরকারের তথ্য ও বেতার মন্ত্রক থেকে দেশবন্ধু শীর্ষক একটি তথ্যচিত্র নির্মিত হয়েছে, যাতে এই পরিবারের উত্তরপুরুষ হিসেবে আমিও আমন্ত্রণ পেয়েছি, এবং যথারীতি আমি যে শিবপুর বি. ই. কলেজের প্রাক্তনী, সে কথা জানাতে ভুলিনি।

জ্যাঠামশাইকে যথা সময়ে আমার এই পর্যবেক্ষণের কথা জানালে তিনি সপ্রশংস ভাবে আমার দিকে নীরবে তাকিয়ে ছিলেন যাতে আমার মনে এই বিশ্বাস দৃঢ় হয়েছিলো যে উনিও এটা জানতেন, কেবল আমার অনুসন্ধিৎসাটাকে উস্কে দেবার জন্যই আমাকে এই প্রশ্নটার সম্মুখীন হতে একটা চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়েছিলেন।

***"The answer my friend is blowing in the wind..."***

ছয়ের দশকের মাঝামাঝি, আমি যখন জোরকদমে বি. ই. কলেজের ছাত্র ও হস্টেলের জীবনে অভ্যস্ত হচ্ছি, তখন সভ্যতার আর একটি কলঙ্কজনক অধ্যায় পৃথিবীর আর এক প্রান্তে সংঘটিত হয়ে চলছিলো, যা বিশ্বের সমস্ত বিবেকসমপন্ন মানুষকে, বিশেষতঃ ছাত্র সমাজকে নাড়া দিয়েছিলো - তা হল ভিয়েৎনাম যুদ্ধ। মারাত্মক সব মারণাস্ত্র সজ্জিত মার্কিন আগ্রাসন বাহিনী যে লালসায় দেশটিকে নির্বিচারে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছিলো তা অত্যন্ত

নিন্দনীয় ছিলো এবং ভিয়েৎনামের প্রায় নিরস্ত্র নরনারী অত্যন্ত সাহসের সঙ্গে তার মোকাবিলা করছিলেন। তাদের যুবশক্তির অতর্কিত গোরিলা আক্রমণের সামনে বার বার পর্যুদস্ত হচ্ছিল ভোগসর্বস্ব মার্কিন বাহিনী। এর মধ্যে একমাত্র আশার কথা ছিলো এই যে, আমেরিকার ছাত্র যুব সমাজ এই আগ্রাসণকে মেনে নেন নি, বরং এর বিরুদ্ধে সোচ্চারে প্রতিবাদী হয়েছিলেন। এই প্রতিবাদ ছড়িয়ে পড়েছিলেন পথের মিছিলে, পার্কের জনসভায়, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসগুলোর জমায়েতে। এর সাথে এই প্রতিবাদে সামিল হয়েছিলেন, শিল্পী, বুদ্ধিজীবি, লেখক, গায়ক ও সমাজের সব বিদগ্ধ ও বিবেকবান মানুষেরা, যা বহির্বিশ্বের ছাত্র সমাজের সমর্থন পেয়েছিলো। কলকাতাতেও মানুষজন এর বিরুদ্ধে পথে নেমেছিলেন, শ্লোগান উঠেছিলো “তোমার নাম আমার নাম / ভিয়েৎনাম ভিয়েৎনাম।”

চেতনা সম্পন্ন ছাত্ররাও এর খবর রাখতেন এবং শীর্ষস্থানীয় শিক্ষায়তনগুলির ক্যাম্পাসগুলোতে (বিশেষতঃ প্রেসিডেন্সী কলেজ, কলকাতা বিশ্ববিদ্যালয় এবং যাদবপুর) এবং তৎসহ কফি হাউসে বিতর্ক প্রতিবাদ সভাও হত। আমাদের হস্টেলগুলোতে তখনও এর আঁচ ততটা লাগেনি, যতটা লেগেছিলো তারও পরে নকশালবাড়ির আন্দোলনের সময়ে। এই ভিয়েৎনাম যুদ্ধে পৃথিবী তথা মানব সভ্যতা এক আশ্চর্য বিজয়বার্তার সাক্ষী হয়েছিলো যা এখন এক ইতিহাস। এই ভয়ঙ্কর মারণাস্ত্র সজ্জিত মহাশক্তিশালী জঙ্গী রাষ্ট্রের মুখোমুখি দাঁড়িয়েছিলো কলম, তুলি এবং গিটার ও ব্যাঞ্জো হাতে শিল্পী সাহিত্যিক-গায়ক- সহ সমাজের সব বিবেকবান মানুষ, যার সঙ্গে যোগ দিয়েছিলেন বিশ্ববিদ্যালয়ের ছাত্রশক্তি। পিট সীগার (এই প্রবাদপ্রতিম গায়কের সঙ্গে পরবর্তীকালে এক মঞ্চে গান গাইবার সৌভাগ্য হয়েছে), উডি গাথরি, জোন বায়েজ, বব ডিলান, আর্ল রবিনসন, লিড় বেলি এবং আরও সব দুনিয়া কাঁপানো গায়ক শিল্পীরা। অবশেষে পিছু হটলো মার্কিন সেনাবাহিনী। ঘরে বাইরে মুক্তকচ্ছ, নৈতিক পরাজয় হল নিক্সন ও তাঁর সাঙ্গোপাঙ্গোদের। বাস্তবিক গিটারের কাছে হেরে গেল গোলাগুলির বোমা, প্রতিবাদী গান থামিয়ে দিলো বিধ্বংসী কে, এ ছিলো এক অদ্ভুত অভিজ্ঞতা।

আমি সেই সময় হেমাঙ্গ বিশ্বাসের ছাত্র এবং তাঁর দলে গান গেয়ে বেড়াই প্রয়োজনে হস্টেল পালিয়ে, কিন্তু পড়াশুনোর সঙ্গে আপস না করেও, সেটা রাত জেগে হলেও পুষিয়ে নিতে হত। কারণ আমাদের এহেন বিপ্লবাত্মিক কার্যকলাপে কড়া মাস্টারমশাইদের সমর্থন যে জুটবে না তা বলাই বাহূল্য। হেমাঙ্গ বিশ্বাসের গানের ক্লাসে আমাদের সংগীত চর্চার সঙ্গে প্রচুর পড়াশুনোও আলোচনা হত, তাতে ইতিহাস, সাহিত্য, সমাজ বিজ্ঞান, অর্থনীতি, রাজনীতি এবং বিভিন্ন দেশের শিল্পসাহিত্য এবং সংগীত-নাটকও মিশে থাকতো। সে এক আশ্চর্য গানের ক্লাস যার সঙ্গে অন্য কোন প্রথাগত গানের ইস্কুলের তুলনাই ছিলো না।

গায়নের সঙ্গে মননের সংমিশ্রণ যে কতটা উৎকর্ষ সৃষ্টি করতে পারে তার বোধ আমার সেখান থেকেই পাওয়া। সেখানে সলিল চৌধুরী, ভূপেন হাজারিকা, বিনয় রায়, রেবা রায়চৌধুরী, খালেদ চৌধুরী, গোরীপুরের রাজবাড়ির সদস্যা নীহার বড়ুয়া, কালী দাশগুপ্ত, মন্টু ঘোষ এবং আই. পি. টি. এর তথা গণনাট্য সংঘের অনেক নামী গুনিজনের সমাগম হত। এই সময়ে সম্ভবত সত্তর সালের একদম গোড়ার দিকে একজন মানুষের সঙ্গে আমাদের সাক্ষাৎ হল, যিনি প্রথম আমাদের বব ডিলানের লেখা সেই দুনিয়া কাঁপানো যুদ্ধ থামানো **Blowing in the wind** গানটি গেয়ে শোনালেন-

“How many roads must a
man walk down
Before you call him a man
How many seas must a
White dove sail
Before she sleeps on the sand
How many miles must a
Common ball fly
Before they’re fore ever banned
The answer my friend
Is blowing in the wind
The answer is blowing in the wind’

এই গানের তীক্ষ্ণ বক্তব্য ও বোধ সমৃদ্ধ লরিক আমাদের অবাক করে দিলো, এবং কি আশ্চর্য, সদ্য বিদেশ প্রত্যাগত এই মধ্যবয়সী গায়কটি শুনলাম শিবপুর বি. ই. কলেজেরই এক প্রাক্তন ছাত্র-আমাদের থেকে বছর দশেকের বড় - নাম অরুনেন্দু দাস। বব ডিলানের নাম তখন আমি সদ্য শুনেছি - কিন্তু তাঁর গানের সঙ্গে আমার সরাসরি পরিচয় সেই প্রথম, এবং আমাদেরই বি. ই. কলেজের একজন জ্যেষ্ঠ প্রাক্তনীর মাধ্যমে, এ ী“সিন্ধুপারের সুর” (প্রতিভাস প্রকাশনা) গ্রন্থটিতে, যা আদতে লালন থেকে লেনন অবধি আমার এক সাংগীতিক পর্যটনের গল্প, তাতে সেই সত্তরের দশক, আমার বি. ই. কলেজের হস্টেল জীবন ও বব ডিলানের কথা বার বার ঘুরে ফিরে এসেছে।

এই রকম কিছু অজানা কাহিনীর প্রতিশ্রুতি এই প্রতিবেদনের প্রথমেই দেওয়া ছিলো। আরও এই রকম অজ্ঞাত ইতিহাস ছড়িয়ে আছে আমাদের এই চত্বরে, ক্যাম্পাসে, অলিন্দে। আর আছে আমাদের প্রিয় ক্লক টাওয়ারের কাছে। আমার কৈশোর এবং প্রথম যৌবনের অনেকটা স্মৃতি যার কাছে গচ্ছিত রাখা আছে। এখনও এই পরিণত জীবনের অবসর বেলায় তার কাছে গিয়ে দাঁড়াই। অনেক গল্প সে বলে। তবে শুধু সেই তা শুনতে পায়, যার শোনার কান আছে।

“অজস্র বর্ষের বিশাল অতীত
রয়ে গেছে আজো অক্ষয়
এখানে প্রবীণ রাত স্বাগত জানায়
নবীনের সূর্যউদয়
হাতে হাতে ধাবমান দীপ্ত মশাল
যুগে যুগে চির-ভাস্বর
বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ
জুড়ে আছে সারা অন্তর
বি. ই. এস. ইউ. গর্ব আমার
জুড়ে আছে সারা অন্তর
আই. আই. ই. এস. টি. স্বপ্ন আমার
জুড়ে আছে সারা অন্তর”

(Alumni Anthem এর শেষ স্তবক দিয়েই বিদায় নিলাম। ভালো থাকুন সবাই) ॥**রঞ্জন প্রসাদ**॥

# রানী শেবা'র দেশে

**প্রসেনজিত চক্রবর্ত্তী**
1987 EE

ইয়েমেন দেশটা খুব একটা বেড়াতে যাবার জায়গা, এমনটা কোথাও শুনিনি। এমনকি গুগল বাবার কাছে সার্চ মারলেও খুব একটা কিছু বেরবে না। আমি নিজে ১৯৯৮এ আমার ওমান-বাস এর আগে ইয়েমেন এর নাম শুনিনি (ওমান হল ইয়েমেন এর প্রতিবেশী)। এখন, যখন প্রায় প্রতিদিন - ইয়েমেন এর গৃহযুদ্ধ চলার খবর কাগজে পড়া বা টিভি তে দেখা যায়, তখনো কতজন পৃথিবীর ম্যাপ থেকে ইয়েমেন দেশটাকে একবারে খুঁজে বার করতে পারবে সে বিষয়ে আমার সন্দেহ আছে। অনেকেই হয়তো জানেন না, অতি-বিখ্যাত বা কুখ্যাত ওসামা বিন লাডেন এরও জন্ম এই ইয়েমেন এই - তার ছিল দ্বৈত নাগরিকত্ব, সৌদি আরব আর ইয়েমেন এর।

এমন একটা আপাত গুরুত্বহীন দেশেই আমাকে যেতে হয়েছিল কাজের সুত্রে ২০০৩ থেকে ২০০৫ এর মধ্যে - একবার, দুবার নয়, ছ-ছবার। আমার শেষবার ইয়েমেন যাবার পরেও আরো তেরোটা বছর কেটে গেছে, এই লেখাটাও শুরু করেছিলাম বেশ তিন-চার বছর আগে, কিন্তু শেষ করিনি। এখন আবার নতুন করে শুরু করলাম, যা দেখেছি তার অভিজ্ঞতা কিছুটা ভাগ করে নিতে। আজকে যা দেখেছি টিভিতে বা রোজ যা কাগজে পড়ছি ইয়েমেন নিয়ে, ৫০ লক্ষ্য শিশু অনাহারে মৃত্যু শয্যায়, জানিনা এ দায় কার, দেশটা কিন্তু সেরকম ছিল না, অন্তত তেরো বছর আগে সত্যি একটু হোলেও অন্য রকম ছিল। মানুষগুলো ছিল ভালো, অন্য কয়েকটা মধ্য প্রাচ্য এর দেশের লোকেদের মতো ধনী নয়, কিন্তু উদ্ধতও নয়। বিশাল একটা ঐতিহ্য ছিল এই দেশটার।

সেই ২০০৩ এ যখন প্রথমবার ইয়েমেন যাবার কথা হল, তারও দু বছর আগে ৯/১১ এর ঘটনা হয়ে গেছে, আর আমরা যাচ্ছিলাম আমাদের আমেরিকান কোম্পানির হয়ে, কিন্তু দিল্লী থেকে। তখন দিল্লি থেকে সরাসরি ইয়েমেন এর রাজধানী সানা যাবার কোনও ফ্লাইট ছিল না, হয়তো এখনো নেই, ছিল বম্বে থেকে ইয়েমেনিয়া। আমাদের তাই যাওয়া ঠিক হল দিল্লি থেকে দুবাই হয়ে সানা। আমার দুই সহযাত্রী হবেন আমার দুই কর্তা, দুজনেই আমার বি ই কলেজ এর অ্যালামনি, ইলেক্ট্রিক্যাল। একজন দীপদা, আমার থেকে উনিশ বছরের বড়, সেই ১৯৬৮ সালের পাস-আউট, আর দ্বিতীয় জন, প্রভাতদা ১৯৭৪, ফিলাডেলফিয়া আর ইউ এস ইস্ট কোস্ট এর অতি পরিচিত পুরোহিত। ফিলাডেলফিয়া তে থাকার সময়ে মাঝে মাঝেই ওনার থেকে পুজো'র প্রসাদ এর ভাগ পেয়েছি। আর একটা

কমন জিনিষ ছিল, দুজনেই কমপক্ষে ৬ফুট ২-৩ইঞ্চি লম্বা, মানে, আমার মাথার ওপরেও বেশ একটু বেশী। তখন আবার বাজারে খুব চলছে তাই আমাদের অ্যাপোলো হাসপাতাল এ গিয়ে SARS Virus টেস্ট করে আসতে হল, ভিসার আবেদন জমা দেবার আগে।

যাবার আগেই একটা জিনিষ শুনেছিলাম, কিন্তু খুব একটা গুরুত্ব দিইনি। সানার উচ্চতা সমুদ্রতল থেকে ২৩০০ মি. ওপরে, মানে প্রায় ৭০০০ ফুট, আমাদের দার্জিলিং এর উচ্চতা। সেবার গেছিলাম মে মাস-এ, দুবাই তে নামার সময় তাপমান শুনলাম ৫০Deg C , ফুটন্ত, কিন্তু সেটাই সাধারন, জানি, কারণ তার আগে আমার ৪ বছর ওমান বাস হয়ে গেছে। বিকেল বিকেল যখন সানাতে নামছি, প্লেন এর জানলা দিয়ে নীচটা দেখছিলাম - খুব একটা চকচকে, ঝকঝকে নয়। অবশ্য সেটা আমার সদ্য সদ্য দুবাই বা মাস্কাট এর মত রাস্তা আর রাস্তার আলো ইউরোপ বা আমেরিকাতেও দেখিনি।

এয়ারপোর্ট এ ইমিগ্রেশন ফর্ম ভরতে গিয়ে দেখি সে এক মহাভারত, ৩ পাতা লিখতে হবে, নিজের নাম, বাবা'র নাম, এরপরে ঠাকুরদাদা'র নামও লিখতে হবে। কারনটা অবশ্য জানা, আরবিতে প্রপার নাউন, মানে নাম বাচক শব্দের অভাব। একই প্রথম নাম ওয়ালা অজস্র লোক পাওয়া যাবে, তাই মাঝে 'বিন' (মেয়ে হলে 'বিন্ত') লিখে বাবার নাম, আবার 'বিন' লিখে দাদু'র নাম, তারপরে 'আল' লিখে পারিবারিক নাম, মানে আমাদের হিসেবে পদবি। তবে যদি দুটো লোকের নাম আলাদা করা যায়। টেলিফোন ডাইরেক্টরি তে দেখেছি শুধু "আলী", আর "মহম্মদ", এই দুটো নাম দিয়ে অন্তত দুশো পাতা ভর্তি থাকত। ডলার ভাঙ্গাতে গিয়ে দেখি, তখন ইয়েমেনি রিয়াল এর দাম আমাদের টাকার প্রায় চারগুন, প্রথমবার বোধ হয় ৪০ ডলার ভাঙ্গিয়েছিলাম, আর অনেকগুলো নোংরা নোংরা নোট পেয়েছিলাম। বাইরে বেরিয়ে দেখি তাপমান অনেক কম, দুবাই বা বাকি মধ্য-প্রাচ্য এর থেকে অন্তত ২০ ডিগ্রী কম। খান ১৫-২০ ট্যাক্সি বাইরে দাঁড়িয়ে আর তাদের মালিকরা লোক ডাকাডাকি করছে। যেটা নতুন দেখলাম, সব গাড়িগুলোই বিশাল বিশাল মারসিডিস, কিন্তু অন্তত ২৫-৩০বছর পুরানো। আমাদের তখনকার কলকাতার ট্যাক্সির মতন, দরজাগুলো একটু জোরে বন্ধ করতে হয় আর সীট এর নীচের স্প্রিং গুলো বেশ জানান দেয়।

ইয়েমেনের বিশেষত্ব বুঝতে শুরু করলাম পরের দিন সকাল থেকে। আমরা প্রায় জনা পঞ্চাশ বিদেশী একত্র হয়েছিলাম একটা International Tender এর প্রথম Bidders' Meet আর Site Visit এর জন্য, বেশীর ভাগ ই সাদা চামড়া। আমাদের জন্য ২-টো বাস এসেছে, দুটোরই সামনের আর পেছনের সীট গুলো ভরতি, সব Automatic Rifle হাতে জোয়ান,

দুটো হুড খোলা জিপ, আর তাতে মেশিনগান মাউন্ট করা, কারণ তখন বুঝিনি। ইয়েমেন এর বিদ্যুৎমন্ত্রীও আমাদের সাথে যাচ্ছেন, তাঁর নিরাপত্তা ব্যবস্থা আলাদা। পরে জেনেছিলাম তখনকার ওদেশের Kidnapping এর বাজারে আমরা ছিলাম বিশেষ দামি। আমরা যে সব Wilayet এ (আমাদের হিসেবে রাজ্য) যাচ্ছি, বা মধ্যে দিয়ে যাবো, তাদের Wali - রা (আমাদের হিসেবে রাজ্যপাল বা মুখ্যমন্ত্রী) ইচ্ছে করলেই আমাদের Kidnap করানোর ব্যবস্থা করতে পারেন। বিশেষ করে সাদা চামড়াওয়ালাদের দর আরো বেশী। ফলে সব জায়গাতেই আমাদের প্রথম কাজ ছিল সেখানকার ওয়ালি দের সাথে সৌজন্য-সাক্ষাত।



নিরাপত্তা ব্যবস্থা

বাস চলতে শুরু করার পরে জানলা দিয়ে রাস্তায় তাকিয়ে দেখি সে আরেক দৃশ্য - প্রায় প্রত্যেক প্রাপ্ত বয়স্ক পুরুষ এর পিঠে ঝুলছে একটা করে অটোমেটিক রাইফেল। একটা লোক দেখি হাতে প্যাকেট ঝুলিয়ে কিছু সব্জি বাজার করে যাচ্ছে, তারও পিঠে একটা রাইফেল ঝুলছে। তবে পরে ওরাই বলেছিল যে বেশিরভাগ রাইফেল এই কোনও বুলেট নেই, ম্যাগাজিন তো নেই-ই।

আমাদের বাস এ ছিলেন একজন দ্রষ্টব্য ব্যক্তি -তিনি সম্পর্কে ওসামা বিন লাদেন এর ভাইপো, সৌদি আরব এর বিন-লাদেন Engineering & Construction Company এর এক বড়কর্তা। তখনই শুনেছিলাম বিন-লাদেন কম্পানি সৌদি'র খুব বড় এক সংস্থা। সেই ভদ্রলোক এর ছিল দ্বৈত-নাগরিকত্ব, সৌদি আর ইয়েমেন। তাঁর বিখ্যাত কাকার ও ইয়েমেন-এই জন্ম, তারও ছিল দ্বৈত-নাগরিকত্ব।



নিরাপত্তা ব্যবস্থা

আমি প্রথমবার ইয়েমেন গেছিলাম ২০০৩এর মে মাসে, আর শেষবার ২০০৫ এর মে। এমনিতে সানা ছিল খুব ই শান্তশিষ্ট, নির্ঝঞ্ঝাট শহর, দুবাই এর তুলনায় তো গ্রাম। সঙ্গে সাদা চামড়া'র লোক না থাকলে, বা খুব বেশি শহরের বাইরে একা-দোকা ঘোরাফেরা না করলে কোনো সমস্যাই ছিল না। প্রথম বারের পরে আরো যে চারবার আমি গেছি, কখনো সমস্যায় পড়িনি, অত বাড়তি নিরাপত্তা ব্যবস্থা ও দেখিনি। একবার সম্ভবত ২০০৪ এর অক্টোবর এ, আমাদের একটা মিটিং চলেছিল রাত ৩টে অব্দি, একটা কারন ছিল ওখানে লাঞ্চ এর পরে ৩-৪ ঘন্টা কোনো কাজ হয়

না, কেনো সেটা পরে লিখছি। মিটিং ছিল সিমেন্স এর সাথে আর তাদের জার্মানি ফিরে যাবার প্লেন ছিল ভোরবেলা। বিকেল আর সন্ধ্যেবেলা বাইরে ছিল সাধারন তাপমান, কিন্তু ভোর ৩-টে তে মিটিং শেষ করে বাইরে বেরতেই কেঁপে গেছি, এত ঠান্ডা হতে পারে ভাবিনি। গাড়ি তে ঢুকে আমার দুই ছ-ফুটিয়া দাদা কে বললাম যে আমাকে একটু চেপে বসুন, তবে কাঁপুনি থামল। আসলে ঐ ২৩০০মি উচ্চতার ব্যাপারটা মাথায় ছিল না।

দুপুরে ৩-৪ ঘন্টা কাজ না হবার ব্যাপারটা ছিল এইরকম - এই সময় টায় কোনো ইয়েমেনি'র সাথে কাজের কথা বলা যায় না, ওই সময়টায় দেশের আপামর লোক, সে প্রেসিডেন্ট থেকে রাস্তা'র মজুর, সবাই পাঠ এর নেশা করে। "পাঠ" কিন্তু কোনো পানীয় বা চলতি মাদক নয়, একরকম গাছের সবুজ পাতা। লোকে পাতা চিবিয়ে মুখের পাশে জমা করে রাখে। এমনি একটা পাতা চিবিয়ে দেখলে মুখে একটা তিক্ত, কষায় স্বাদ ছাড়া আর কিছু বোঝা যায় না। ওদের কাছে শুনেছি, ওই মুখের মধ্যে অনেকক্ষন রেখে দেওয়াতেই নাকি আসল খেলা। আক্ষরিক অর্থে দেশের সবাই এই নেশাটা করেন এবং রোজ করেন। যদিও 'রমজান' (ওদের ভাষায় রামদান, আরবি তে 'J' নেই) মাসে কি করে জানা নেই, ওই একটা মাস তো দিনের বেলায় নির্জলা উপোষ।

গল্পর সাথে একটু ছোট্ট করে ইতিহাসও যোগ করার চেষ্টা করতে গিয়ে বলি, আজকের ইয়েমেন দেশটার সম্পর্কে টিভিতে দেখে বা কাগজে পড়ে জানলে কিন্তু আদতে দেশটার সম্পর্কে কিছুই জানা হয় না। ইয়েমেন অতি প্রাচীন দেশ আর তার সভ্যতাও অতি প্রাচীন, ১২০০ খ্রিস্টপূর্বাব্দ-এও সেখানে মানুষের অস্তিত্ব ছিল। যারা ইহুদী / জিউ ইতিহাস পড়েছেন, বা কিং সলোমনস মাইনস পড়েছেন, বা সিনেমা দেখেছেন তাঁরা নিশ্চিত রানী শেবা এর কথা মনে করতে পারবেন। সেই রানী শেবা ছিলেন ইয়েমেন এর রানী। আজ ও মারিব নামে একটা জায়গাতে রানী শেবার একটা মন্দির এর ধ্বংসাবশেষ আছে। রানী শেবা জেরুজালেম গেছিলেন ৫৫০ খ্রিস্টপূর্বাব্দে, অনেক সোনা, দামি পাথর আর মশলা নিয়ে, রাজা সলোমন কে অনেক প্রশ্ন করেছিলেন। রানী শেবার সিংহাসন চলে গেছিল তাঁর যাবার অনেক আগে। রোমানরা ইয়েমেন দখল করছিল প্রথম শতাব্দীতে, আর তার পরে ইয়েমেন ছিল বাইজান্টাইনদের আর অটোমান তুর্কদের দখলে। ৬৩০ খ্রিস্টাব্দ তেই মহম্মদ এর এক ভাই এর মাধ্যমে ইয়েমেনে ইসলাম এর প্রচার হয়। আসলে তখন ইয়েমেন ছিল সৌদি আরব এর থেকে অনেক উন্নত, আর সৌদি আরব দেশটাই তো তখনো তৈরী হয়নি।





**রানী শেবা'র মন্দির**

মধ্য যুগে অটোমান তুর্ক আর মিশরীয় দের ইয়েমেন এ রাজত্ব করার সময় থেকেই সানা আর এডেনে আলাদা রাজবংশের রাজত্ব করা শুরু হয়েছিল। মাঝে কিছুদিন পর্তুগীজদের হামলা চলার পরে ১৮৩০ সাল নাগাদ ব্রিটিশরা এডেন দখল করে নেয় আর তাদের রাজত্ব চলে ১৯৬৭ পর্যন্ত। এই সময়টাই ছিল স্টিম জাহাজ এর রমরমা, আর ভারত বা এশিয়া থেকে ইউরোপ এর দিকে যাওয়া সব জাহাজ কেই এডেনে থামতে হত কয়লা নেবার জন্য। তারপর যখন সুয়েজ খাল চালু হল তখনও এডেনে জাহাজ থামতে হত, আর লোকে ওখানে নেমে ট্রেনে চেপে পোর্ট সইদ পর্যন্ত চলে গিয়ে আবার সেই একই জাহাজে চেপে ইউরোপ যেত, মাঝে মিশরটাও দেখা হয়ে যেত। সৈয়দ মুজতবা আলীর বইতে এই রাস্তার বর্ননা আছে। ১৯৬৭ এর পর থেকেই সাউথ ইয়েমেন আলাদা দেশ, রাজধানী এডেন। নর্থ ইয়েমেন ছিল ইমাম দের রাজত্ব, সানাতে রাজধানী। কিন্তু আসলে দেশ টা ছিল মিশরের প্রথম প্রেসিডেন্ট নাসের এর শাসনে।

১৯৭৮ এই দুটো দেশ একসাথে মিলে যাবার সিদ্ধান্ত নেয়, কিন্তু গৃহযুদ্ধ শুরু হয়ে যায়, আর সেটা চলে ১৯৯০ পর্যন্ত। তখনই হয়েছিল এই সব অজস্র অস্ত্রের আমদানি। সাউথ ইয়েমেন এর নিয়ন্তা হয়েছিল রাশিয়া আর যথারীতি উল্টোপক্ষ্য নর্থ ইয়েমেন এর দখলদার হয়েছিল আমেরিকা, সৌদি আরবের মাধ্যমে। দুটো দেশ মিলে যাবার পর প্রায় ২০-২২ বছর মোটামুটি একটা ব্যবস্থা চলছিল, কিন্তু ফারাকটা বজায় ছিল। উত্তরে ছিল সামান্য তেল আর গ্যাস, দক্ষিনের ছিল এডেন পোর্ট আর পুরানো শিক্ষা, ঐতিহ্য। এডেন এর শিবমন্দির আমিও দেখেছিলাম। কিন্তু শেষ পর্যন্ত সেই পুরানো সিয়া - সুন্নি, বা ইরান - সৌদি ঝগড়া ইয়েমেন দেশটারও শেষ দিন এনে দিল। আজকে তো পুরো দেশটাই একটা ধ্বংসস্তূপ, মানুষগুলো কি করে বেঁচে থাকবে তাই নিয়ে কেউ চিন্তিত নয়। একদিকে হাউথি বিদ্রোহীরা, ইরান এর সমর্থন নিয়ে লড়ছে, অন্যদিক সৌদি। দেশটা গেল রসাতলে, মাঝে পড়ে রইল উলুখাগড়ার দল, দেশের মানুষগুলোই॥

# Are you ready to lead a data science project?

Seema Sutradhar
EE-1995
Founder & CEO, SEEM




What is the problem that is compelling you to solve using data science? The power in data and the mechanisms to harness this power is now available to us. Identifying the right problem or use case is the first step. There are multiple use cases across the industry being attacked using data science currently. What resonates with you? Being very clear about your objectives and a definition of what success of the project would look like is the stepping stone.

Having identified your use case and a definition of the success of the project, then you can begin focussing on the project more precisely. You may wonder how a data science project is similar or dissimilar from any other Software Development project? Well, the principles of software engineering will be no different in this case that includes handling of Requirements, Design & Development, Testing & Verification and finally Implementation. This may look very generic, and it is. What will differ is albeit the type of requirement you are talking about, what is meant by design & development in data science, how testing is done and the deployment happens. Further post-deployment how you support and manage the products you created. In a nutshell, the entire lifecycle or what is called MLOps and the model governance framework.

To begin with any data science project, it needs data, of course. Collecting data, cleansing it, understanding its meaning, applying appropriate processing to make it ready for consumption and then finally feeding the models and testing it may seem a very straight forward and mechanical task. In reality, it is not. There is a lot of work involved in just collecting and preparing data for its analysis before its final treatment and feeding to the models. Often this involves the laborious job of collecting and cleansing the data unless you have created smart ways of streamlining this process, even then in the beginning before automating the process there would be efforts needed to create that automation. Having a data set with hundreds of dimensions again requires the most crucial task from the data scientist who needs to develop a thorough understanding of this data now while gaining domain knowledge as well as leveraging the tools and technique for data investigation and visualisation. At the disposal of a data scientist today, there are several feature engineering tools and techniques available that can be leveraged upon. This phase is one that can be seen as the

requirements management phase in a typical software engineering process, as at this stage you will work with the domain experts to clearly elicit the information you need, to ensure your model has the predictive capabilities you are aiming it to achieve.

In model development, your data scientist will use this data to train the models and tune the hyper parameters. It will be an iterative process of refining the models over a number of experiments. Unlike development in a typical software project, in data science, you build by training the models using the data set you create it eratively through feature engineering. At the sometime building, the models with varying sets of hyper parameter settings which again can be automated is the other part of the variability in model development. The important factor here is narrowing down to the perfect dataset and the hyperparameter settings that will generate the model you are looking for. Version control of both, dataset as well as the models is thus an essential part of the development process.

Testing will involve exposing the model to unseen data and let it predict. The accuracy of the predictions and the model achieving expected targets would determine the final suitability of the model created. Testing data plays a crucial role too. An accurate representation of the real dataset is warranted for the right assessments or conclusions drawn from the test results. In typical software project test cases are determined based on the requirements the software, that it is required to meet. To draw an analogy in data science, it is the right dataset that is chosen for testing the models instead of test cases. There are different mechanisms and factors to be considered that will ensure the testing dataset is the right one selected.

So once your models are ready, it is about their consumption and using them for the predictions they are to make and how you integrate those predictions into bigger application and system. This requires the deployment of the models and generating web services that create REST APIs. Data can be passed to these APIs and a prediction received from the models. Predictions can be generated as a batch process or in the realtime depending upon the use case.

This IT support needed for the development of the models, the entire pipeline is often called MLOps. It will not be restricted to requirements, design, development and deployment only but will involve further governance around the entire model lifecycle. This will include regulatory aspects, model maintenance over time to address issues of data drift, model explainability, the surrounding setup that is facilitating its consumption.

Models are the creation of the data they are fed with. Hence, any bias in the data if left, will result in a bias in the prediction made by the models. While selecting and preparing a dataset for model training, it is important to pay attention to the accurate representation of the real scenario through the training dataset. Bias could mean different things in different use cases and datasets. A true understanding of all such possible biases and protecting the dataset against all those should be planned and adhered with early on in the data preparation and analysis phase. It is something like detecting defects early on in a software development lifecycle.

Predictions from models may not be possible to accept blindly. The need for the explanations that led to those predictions will vary from use case to use case. It may generate from the business's requirement, regulatory expectations and others. Based on the need and design of the end to end processes through which these predictions are consumed will drive the level of explainability, the model will be expected to fulfil. Neither all models are black box, nor all models can be complete white box. An appropriate level of explainability should be planned and executed based on the use case and all other expectations surrounding it.

So to appreciate the uniqueness of a data science project, it is often said data science is both art & science. The art lies in the way feature engineering is done. It is an art indeed. A painter knows how to paint but ask him to define it in words, following which someone else can paint, is not possible. You don't know exactly how you do it, but you do it. Feature engineering is something like that. You gain a feel of the data that you will feed into your models to train them. It is the most important phase and you come back

to this again & again to arrive at your ideal model. When you lead a project ensuring the team understands this and has the highest focus on feature engineering is key to developing high-quality models those will meet the goals of the project. As a painter gets a feel of colours, strokes, and how everything blends, a data scientist should get the feel of data, it's meaning and why it is important. It will finally impact the effectiveness of the models and the quality of the predictions they will make.

Model development is an iterative process but not with a linear progression. To get it right, the first thing will be to be ready to do experiments. Your next iteration of the experiment will be with the new hypothesis upon having learnt things from the previous ones. You won't get this right easily that meets your expectations. Identifying which factor is impacting and how to fix it will go in numerous cycles. When you deal with very large datasets, resource need and cost for each experiment will be significant. Thoughtful planning and systematic learning from each experiment will definitely take the results in the right direction. Collaboration with the right people throughout the process will yield much benefit than working in silos. Agile practices of regular standup meeting, where each team member shares what they did, what went well and where they are facing challenges will keep the team in synergy and right hurdles will be cracked in time. Through such practice, even a small gain or a big failure will be easily uncovered for the right level of attention and support without loss of time and resources.

The team using visuals to share their work in terms of achievements as well as hurdles at a very regular basis, in any creative way, will again be highly useful to have a sense of the collective picture and status. Any good or bad news is not a surprise, and an authentic feel of things will keep the team grounded and glued together. Often individuals presenting some knowledge sharing sessions will improve the teams understanding of each other's work leading to one's feeling of ownership of their work area. An empowered work culture with members engaged fully will lead to real productivity and results.

As a summary, it is easy to see a data science project in parallel with any software development project with certain uniquenesses. It is an exploratory journey and a close candidate for agile project practices.

With best complements from :

**SATYABRATA BHAUMIK**

**(PHE CONTRACTOR, TOMLUK DIVISION, PURBA MEDINIPUR)**

# পাঁচপেঁচিদের মার্কিনী রোজনামচা

রঞ্জিত গাঙ্গুলী
1981 EE

**প্রাক কথন ঃ** গণৎকার কহিয়াছিলেন - এই জাতকের জন্ম এদেশে, এদেশেই তার ইন্তেকাল হইবে। এর কোষ্ঠীতে বিদেশভ্রমণ নৈব নৈব চ। বড়জোর নেপাল, ভূটান হইতে পারে - তাহার বাহিরে কদাপি নয়। পঞ্চান্ন বৎসর বয়ঃক্রমকালে সেই জাতকের মার্কিন মুলুকবাসী বান্ধবগণ, গণৎকারের মুখে চুণকালি মাখাইবার কঠিন সঙ্কল্প করিয়া বসিলেন।

**প্রস্তুতি ঃ** ক্লীভল্যান্ডে বন্ধুকন্যার শুভ পরিণয় উপলক্ষে সেপ্টেম্বর মাসে আমেরিকা যাইবার তোড়জোড় শুরু হইলো। সুদূর সিয়াটল হইতে ভিসা আবেদন করিবার যাবতীয় তথ্যাদি Wren & Martin এর ব্যাকরণ পুস্তকের আদলে প্রেরিত হইলো। এই অধম বড়িশা বিদ্যালয়ে P. K. De Sarkar এর ব্যকরণ পাঠ করিয়াই ........ তাহার পক্ষে Wren & Martin? বড়ই গুরুপাক বোধ হইলো। হাতড়াইয়া হাতড়াইয়া সেই দুরূহ কার্যটি করিয়া ফেলিলাম। তবে Wren & Martin হইতে টুকিতে টুকিতে P. K. De Sarkar এর আদলে একখানি "সহজপাঠ"ও প্রস্তুত হইলো, যাহা পরে ভিসা করিতে অনেকেরই কাজে লাগিয়াছে।

"ভিসা" পাইবার দুইটি চরণ। প্রথমে ফটো ও অঙ্গুলির ছাপ। পরে Interview। দুরু দুরু বক্ষে লালমুখো সাহেবের মুখোমুখি হইলাম। মুখস্ত করা বুলি আওড়াইয়া সাহেবের মন জয় করিতে ব্যর্থ হইলাম। কহিলেন তোমরা পশ্চিম উপকূলে যাইবে না? বুঝিতে আমেরিকার সৌন্দর্য কাহাকে বলে? তৎপশ্চাৎ দুইচারিটি মামুলি প্রশ্ন করিয়া বলিলেন - নেক্সট। ঘোরের মধ্যে শুধাইলাম - ভিসা কি মঞ্জুর হইলো? মুচকি হাসিয়া বলিলেন - অপেক্ষা করো।

চারদিনের মাথায় কন্যা ও তার মাতার ভিসা হইয়া গেল। কিন্তু আমার ভিসা সিয়াটল বাসী রয়টার ওরফে উইকিপিডিয়া খবর দিলেন - আমার সহিত নাকি জনৈক কুখ্যাত অপরাধীর মিল পাওয়া গিয়াছে। হে পাঠক - এমতাবস্থায় "জোড়াপাঁঠা" মানত করিবো নাকি কোন বাবা বা মায়ের থানে দন্ডি কাটিব - স্থির করিতে পারিলাম না। অবশেষে দিন সাতেকের মাথায় তিনটি ভিসাই হস্তগত হইলো।

**টিকিট ঃ** শুরুতেই ধাক্কা। তিনটি টিকিটের মোট মূল্য আমার কার্ডের সীমার বাহিরে। আসরে নামিলেন - কন্যাদয়গ্রস্ত পিতা। সহাস্য বদনে দুই লক্ষ টাকার টিকিট বৈদ্যুতিন মূষিকের একটি টোকা দ্বারা সম্পন্ন করিলেন। গোল বাধিল তাহাকে সমপরিমান ডলার দিবার সময়। শত হইলেও মেয়ের বাপ বলিয়া কথা - তাঁর তো এখন লাখ লাখ ডলার প্রয়োজন।

মুশকিল আসান করিলেন - শ্রীমতি টালিগঞ্জ। মুখের কথা খসিতে না খসিতে তিনি ব্যবস্থা করিয়া দিলেন। হে পাঠক, এক্ষণে নিশ্চয় বুঝিলেন যে - গণৎকারের মুখে চুণকালি লেপন করিবার কার্যে তাঁহার অবদানও কিছুমাত্র কম নহে।

**বীমা ঃ** প্রবাসী বন্ধু পই পই করিয়া বলিয়াছে - ওদেশে চিকিৎসা অত্যন্ত ব্যয় বহুল উপাচার। অতএব শরীরের যাবতীয় ফুটাফাটা মেরামত করিয়া আসিতেই হইবে। নচেৎ শিরে সর্পাঘাত অনিবার্য। অনোন্যপায় হইয়া বীমা করাইতেই হইলো।

**যাত্রা ঃ** ভূতরূপ সিন্ধুজলে আগষ্ট মাস গড়াইয়া সেপ্টেম্বর পড়িলো। আমরাও কোমর বাঁধিয়া, পান খাওয়া ছাড়িয়া, বড়ের টোপর, কনের মুকুট লইয়া দমদম আন্তর্জাতিক বিমানবন্দরে উপস্থিত হইলাম। দুঃখের বিষয়, লেকটাউন যাইতে পারিল না। তাঁহার পুত্রের কঠিন ব্যাধি। পিতা দিনরাত একত্র করিয়া পুত্রের আরোগ্য লাভে ব্যস্ত হইয়া পড়িয়াছেন।

সুরক্ষা, অভিবাসন টপকাইয়া জাহাজে বসিলাম। রাত্রি ১.১৫ তে ড্রাগন এয়ার গর্জন করিয়া উঠিলো। হংকং সময় সকাল ৭ টায় অবতরণ করিয়া শিহরিত হইলাম। আমাদের যৌবনের এন্টার দ্য ড্রাগন - ব্রুস লী খ্যাত এই সেই হংকং? উহা এত বিশালাকায়?

যাহাই হউক, Escalator, Sky Way ইত্যাদি চড়িয়া শিকাগোগামী জাহাজে প্রবিষ্ট হইলাম। সুদীর্ঘ এই যাত্রায় নিষেধ সত্বেও অল্প স্বল্প সুরাপান করিয়া, প্রচুর জল পান করিয়া, হাঁটাচলা করিয়া এবং অধিকাংশ সময় ঘুমাইয়া শিকাগো উপস্থিত হইলাম। কৃষ্ণাঙ্গী অভিবাসন আধিকারিক কৌতুকভরে কহিলেন - "বলি ব্যাপারখানা কি হে? তিনদিন ধরে বে"? পারোও বটে বলিয়া ঘ্যাচাং করিয়া অভিবাসন মঞ্জুর করিয়া দিলেন। সুদীর্ঘ যাত্রা শেষে রাত্রি প্রায় ১০ টায় ক্লীভল্যান্ড উপস্থিত। বিমানবন্দরে সহাস্য বদনে সিয়াটল মহাশয় উপস্থিত। কৃতজ্ঞতা বোধে উথলিয়া উঠিলাম। একটি ঢাউস গাড়িতেও ৬ জন যাত্রী এবং ২৪ খানি লটবহর স্থান সংকুলান করা সহজ নহে। ট্রাপিজের খেলা অপেক্ষাও অধিকতর কসরত করিয়া, গলদঘর্ম হইয়া বেবাক জান ও মাল লইয়া তিনি হাসিমুখে গাড়ি চালু করিলেন।

বিবাহ বাটিকায় "আকাশবাণী" হইলো। "এখুনি খেয়ে নে, কেটারারের সময় শেষ, ওরা যাবার তোড়জোড় করছে"।

হায়। উদগ্র বাসনা ছিল - "জেট ল্যাগ" তারিয়ে তারিয়ে উপভোগ করিব। কিন্তু "ল্যাগাবতার" অতীব নির্দয়, সেই রাত্রে তিনি অধরাই রহিলেন। বরং হুকুম হইলো - কাল ৬টায় রেডি থাকিস, নায়াগ্রা যাবো।

বলিলেই হইলো? আনন্দে উত্তেজনায় ভাললাগায় আপ্লুত হইয়া আছি। সত্যই আমরা আমেরিকায় উপস্থিত? সকলের শুভেচ্ছা মাথায় লইয়া গণৎকারের ভবিষ্যবাণীকে নস্যাৎ করিতে পারিয়াছি? সকলের সহিত বকবক করিতে করিতে রাত্রি ২টা বাজিলো।

**কাগজ বনাম জল ও মগ ঃ** প্রাতঃ ৫টায় ঘুম ভাঙ্গিয়া গেল। নিঃশব্দে এ টয়লেট সে টয়লেট ঘুরিয়া চক্ষু ছানাবড়া। কমোডের ধারে কাছে কল ও মগের চিহ্ন নাই। সর্বত্রই শুভ্র কাগজের গোলা। জল ছাড়া প্রাতঃকৃত্য? শিহরিয়া উঠিলাম।

অবশেষে বাঙালী বুদ্ধি খরচ করিয়া উপায় বাহির করিলাম। কার্যটি সমাপনান্তে প্রথমে কাগজর ব্যাবহার হইলো। পরে ফ্লাশ করিয়া পতনশীল ধারায় কিছু কাগজ সিক্ত করিয়া.... তবুও খুঁতখুঁতানি গেলনা। মনে মনে নিদ্রিত বন্ধুর নিকট ক্ষমা চাহিয়া স্নানের সময় সকল ক্লেদ দূরীভুত। আহা কি আনন্দ.... আজ একথা স্বীকার করিতে দ্বিধা নাই যে এই পদ্ধতি আমেরিকার বাকি সকল বন্ধুর বাসগৃহেই সফলতাপূর্বক ব্যাবহৃত হইয়াছে।

দুইটি ঢাউস গাড়িতে মোট ১১ জন। চালকদ্বয় শ্রীমান ও শ্রীমতী সিয়াটল। শ্রীমান জিপিএস পদ্ধতিতে নেহাতই অপটু। তাই তিনি শাস্ত্রবিরুদ্ধ কাজ জানিয়াও প্রাণভরে স্ত্রীর অনুগমন করিলেন।

মেরা ভারত মহান কি সাধে বলে? এদেশে আপনার খুশিমত যত্র তত্র বৃক্ষের আড়ালে সবকিছুই ত্যাগ করিতে পারেন। কিন্তু 'মেরিকা এবিষয়ে বহু যোজন পিছাইয়া আছে। বিশ্রামগৃহ ব্যতিরেকে ওই সকল কর্ম করিবার কথা কেহ স্বপ্নেও ভাবিলে "জেল ও জরিমানা"। ওখানকার পুলিশ এতই নির্বোধ যে "কাঞ্চনরত্নের মূল্য" বোঝে না। "কিঞ্চিত দিয়া" যে আপনি পার পাইয়া যাইবেন সে গুড়েও বালি। এহ বাহ্য। গাড়ি জোরে চালাইলেও "টিকিট", ধীরে চালাইলেও "টিকিট"। জনৈক বং একদিনে দুইটি "টিকিট" খাইয়াছিলো। একটি জোরে চালানোর জন্য, অপরটি বুঝিবার জন্য "নাসা"র বৈজ্ঞানিক না হইলেও চলিবে - পার্শ্ববর্তিনী স্ত্রীর মুখঝামটা খাইয়া অতিরিক্ত আস্তে চালাইয়া।

শ্রীমতি সিয়াটলের নাম ও কার্য সমার্থক। ২০০ মাইল গাড়ী চালাইয়াও অক্লান্ত এই ভদ্রে সকলকে মৈত্রীবন্ধনে বাঁধিয়া নায়াগ্রা জলপ্রপাত দর্শনের সারিতে পংক্তিবদ্ধ করিলেন। বর্ষাতি লইয়া জাহাজে চড়া হইলো। জলকণা ক্রমশঃ সর্বাঙ্গ চুম্বন করিতে আরম্ভ করিলো। শীকরকণা চুম্বন ত্যাগ করিয়া স্নান করাইতে উদ্যত হইলো। ক্রমশ সিক্ত হইয়া, অবাংমনোসগোচরে মনোহর দৃশ্য অবলোকন করিয়া অনুপস্থিত প্রিয়জনের জন্য মন কেমন যেন উদাস হইয়া গেল।

**মেহেন্দি, সঙ্গীত, বিবাহ** ঃ নায়াগ্রা ভ্রমণের জন্য বিলম্বের কারণে মেহেন্দির মূল অনুষ্ঠান হইতে বঞ্চিত হইয়াছিলাম। সঙ্গীত অনুষ্ঠানটিতে আমাদের সতীর্থকূল ভরপুর দেখিয়া মন খুশিতে ডগমগ। সেই আসরে কে আসে নাই? সপরিবার বিশ্বজিত সেনগুপ্ত, সৌমিত্র সিংহ, বিশ্বজিত রায়, শংকর ঘোষ, হেমেন্দ্র তালেসরা, শুভাশীষ সাহা, প্রদীপ গোস্বামী, ভাস্কর দাশগুপ্ত, অগ্নিমিত্র ভট্টাচার্য ও অজয় চক্রবর্তী। গভীর রাত্রি অবধি আড্ডা চলিলো। সকলেই কৃতবিদ্য জানিয়া কলেজের জন্য গর্ব অনুভব করিলাম। সেই আসরে বিদেশবাসী হইয়াও বঙ্গসাহিত্যের এক নিরলস সাধকের পরিচয় পাইলাম। আমাদেরই কলেজের প্রীতম বসু - তিনি "পাঁচমুড়ার পঞ্চাননমঙ্গল" নামাঙ্কিত বঙ্গের গৌরবময় ইতিহাস আশ্রিত একখানি গ্রন্থ প্রণয়ন করিয়াছেন। গভীর নিশীথে আসর ভঙ্গ হইলো। পরদিন ঘড়ির কাঁটা ধরিয়া বিবাহের অনুষ্ঠান। সেই পাঠ মুখস্ত করিতে করিতে ঘুমাইয়া পড়িলাম। জেট ল্যাগ ভক্ষণ করে না মাথায় দেয় - তাহা আজও অধরাই রহিয়া গেল।

প্রাতঃকাল হইতেই সাজো সাজো রব, হৈ হৈ রৈ রৈ ব্যাপার।সেকি এলাহি আয়োজন। বর বাবাজীবন অশ্ব হইতে অবতরণ করিয়া মঞ্চে উপবেশন করিলেন। কন্যাশ্রীও পানপাতায় মুখ ঢাকিয়া পালকি চড়িয়া বরমাল্য লইয়া প্রস্তুত। বাঙ্গালী ও বাঙ্গালী সাহেব পন্ডিতেরা আপন আপন ভাষায় মন্ত্র পড়িলেন, মালাবদল হইল, কন্যা সাতপাকে বাঁধা পড়িলেন। অনুষ্ঠান সুসমপন্ন হইলো। ভারতীয় বলিয়াই বোধ করি ঐদিন সাহেব মেমদের ক্যামেরা লইয়া ছোটাছুটি, গলদঘর্ম হইয়া ড্রোণ পরিচালনা দেখিয়া বড়ই কৌতুক অনুভব করিয়াছি।

ঐদিন প্রথম বিদেশ যাত্রার আরো একটি উল্লেখযোগ্য দিন - যেজন্য সিয়াটলের নিকট চিরকৃতজ্ঞ। প্রবল আপত্তি গ্রাহ্য না করিয়া তিনি একটি আমেরিকার সিম কার্ড আমাকে বলপূর্বক প্রদান করেন। পরবর্তীকালে যে দুর্দশায় পতিত হইয়াছিলাম, ঐ কার্ডটি না থাকিলে কি যে হইতো - ভাবিতেও শিহরিত হইতেছি। যাই হোক, সন্ধ্যায় ককটেল পার্টি দিয়া বিবাহ অনুষ্ঠানের সমাপ্তি ঘটিল।



**বিবাহ উপলক্ষ্যে উপস্থিত বি ই কলেজের ১৯৮১ ব্যাচের আমেরিকা প্রবসী বেশ কিছু বন্ধু**

**মর্মান্তিক দুটি দিন ঃ** জিম্বাবোয়ের প্রেসিডেন্ট বলিয়াছেন - বর্ণবৈষম্য নিশ্চিহ্ন হইতে পারে না, কারণ গাড়ীর চাকা কালো হইবেই, বিবাহস্থলে শুভ্র কিন্তু মরিলে কালো পোষাক, এবং সর্বোপরি সরকার অসাধু ব্যবসায়ীকে “ব্ল্যাক লিস্ট” করিবেই। তাই “কালো দিন” না বলিয়া “মর্মান্তিক” কথাটি ব্যবহার করিলাম।

৭ই সেপ্টেম্বর কাকভোরে বিমনবন্দরে পৌছাইয়াও অতীব গোলযোগের সম্মুখীন হইলাম। “নেওয়ার্ক” যাইবার বিমান খারাপের কারণে আমাদের শিকাগো হইয়া যাইতে হইবে। সেখানে অতি কষ্টে পৌঁছাইয়া খাবার খাইতে গিয়া প্লেন মিস্ করিলাম। “লেবার ডে”র ছুটি কাটাইয়া বেবাক মার্কিন জনতা ঐদিন বুঝি প্লেন ধরিবে। কিছুতেই ঐদিন যাওয়া হইলোনা। ক্লান্ত, বিধ্বস্ত অবস্থায় চক্ষু ফাটিয়ী অশ্রু নির্গত হইলে কি হইবে? বাস্তব বড়ই কঠিন ও নির্মম - অশ্রুর ধার সে ধারিবে কেনো? চরম দূর্দশাগ্রস্ত অবস্থায় সিয়াটল প্রদত্ত সিম কার্ডটি প্রভূত কাজে লাগিলো। তারক হিসাবে অবতীর্ণ হইলেন শ্রীমান নিউ জার্সী। তিনি সুচারুরূপে হোটেল এবং পরদিনের টিকিটের ব্যবস্থা করিয়া দিলেন। ইহাকে কি বলিবেন সেই কোন যুগে ১৯৭৬ হইতে ১৯৮১ অবধি একত্রে বসবাসের ফলে ঘনীভুত বন্ধুত্ব - আন্তরিক নিঃশর্ত ভালবাসা - নাকি তদপেক্ষাও বেশী কিছু?

পরদিন অতি প্রত্যুষে বিমানবন্দর পৌঁছাইয়াও "সুরক্ষার" লাইনে ভিড় দেখিয়া হতোদ্যম হইয়া পড়া রোধ করিলেন সেই নিউ জার্সীই। বরাভয় দিলেন - "ঠেলে, গুঁতিয়ে লাইন ভেঙ্গে এগিয়ে যা। কে কি ভাবলো, বললো পরোয়া করিস নে, কেউ গালাগাল দিলে কিস্যু যায় আসে না"। সেই কথা হুবহু শুনিয়া পাগলের ন্যায় লাইন টপকাইয়া কিভাবে যে জাহাজে প্রবিস্ট হইলাম তাহা লিখিতে আজও গলদঘর্ম হইতেছি। নিউ জার্সীর বিমানবন্দর "নেওয়ার্কে" পৌঁছাইয়া তাঁহার সাক্ষাৎ পাইয়া অশ্রু সংবরণ করা দুঃসাধ্য হইলো।

হে পাঠক, মাফ করিবেন, ভুগোলে এই বান্দা বরাবরই গোলাকার। কি কোথায় কিজন্য বিখ্যাত বলিতে রাণীগঞ্জের কয়লা, শেফিল্ডের ছুরি কাঁচি, কৃষ্ণনগরের মাটির পুতুলের বাহিরে কিস্যু না জানা আমি কিরূপে জানিবো যে, নিউ ইয়র্ক ও নিউ জার্সীর মধ্যে শুধু হাডসন নদীর ব্যাবধান তবে শ্লাঘার কারণ - আর ভুল হইবে না।

নিউ জার্সীর বাটিতে আসিয়া শ্রীমতির সস্নেহ আদর আপ্যায়ন সকল ক্লেশ, দুঃস্বপ্নের ঘোর নিরসন করিল। বহুদিন পরে গৃহনির্মীত ডাল ভাত খাইয়া বড়ই তৃপ্ত হইলাম। পরদিন সেই লক্ষীস্বরূপিণী ভদ্রমহিলা চাকুরিস্থলে যাইবার পূর্বে বলিলেন - এখানে আসতে খুবই দূর্ভোগ পোয়াতে হয়েছে, তার পুনরাবৃত্তি যাতে না হয়, আমি মঙ্গল ঘট পেতে গেলাম, তোমাদের শুভযাত্রা কামনায়। তাঁহার এই আন্তরিকতায় আবেগমথিত হইয়া পড়িলাম, এত বৎসরব্যাপী প্রবাসী হইয়াও অতিথি সৎকার ও তাহাদের শুভাশুভের প্রতি সজাগ দৃষ্টি আনন্দিত করিলো।

শ্রীমান আজ ছুটি লইয়াছেন। প্রথমে সেই ঐতিহাসিক স্থল যাহা ৯/১১ নামে খ্যাত। গগনচুম্বি অট্টালিকাদ্বয় ধূলিস্যাৎ হইবার পরে সেখানে একটি জলাধার তৈয়ারী হইয়াছে। অবিরাম ধারায় বারিরাশি তাহার গাত্র ধৌত করিতেছে। উহার সম্মুখে দন্ডায়মান হইয়া ভাবিয়া পাইলাম না যে কে কাহাকে হিংসা পরিহার করার কথা বলিতেছে। অবশেষে বিদায়বেলা আসিয়া গেল। বন্ধু নেওয়ার্কে ছাড়িয়া দিতে এলেন। কিন্তু তিনি ও তাঁর স্ত্রী মনের মুকুরে আঁকিয়া দিলো চিরস্থায়ী সুখানুভূতি।

বিমানবন্দরে একটি দৃশ্য দেখিয়া স্থাণুবৎ হইলাম। সম্ভ্রান্ত এক মহিলা আপন বস্ত্রখন্ড দিয়া মেঝে মুছিতেছেন। বন্ধুকে প্রশ্ন করাতে তিনি সেই মহিলার পার্শ্বের সারমেয়টিক দেখাইয়া বলিল - কুকুরটাকে জল খাওয়াতে গিয়ে কিছু জল হয়তো মেঝেতে পড়ে গেছে, তাই তিনি অন্য যাত্রীদের অসুবিধার কথা চিন্তা করে মুছে দিচ্ছেন। শুনিয়া হেঁটমুন্ড হইলাম। এই জন্যই এঁরা সত্যই জাতি হিসাবে বহুযোজন অগ্রসর হইয়াছে।

**১০ - ১৭ই সেপ্টেম্বর ঃ** গাড়ী চালনার অভিজ্ঞতায় আমার দেখা সর্বোৎ কৃষ্ট সময়। এই কয়দিনে মেয়ের বাপ, বিবাহের মাত্র কয়েকদিনের মধ্যেই নিরলস ও নিপুণভাবে ১৭০০ কিমি পথ ঢাউস একটি গাড়ী

ছোটাইলেন। এ কয়দিনে অনেকানেক স্থান ভ্রমণ করিলাম যাহার মধ্যে বিশেষভাবে উল্লেখ্য ধ্যানগম্ভীর নিরহংকারী মনের গ্র্যান্ড ক্যানিয়ন, সেথা হইতে ফিতার ন্যায় কলোরাডো নদী, জুয়া খেলিবার স্বর্গ লাস ভেগাস, সি ওয়ার্ল্ড, ডিজনী ল্যান্ড, হলিউড ইত্যাদি প্রভৃতি .... বিশদ বিবরণে পাঠকের ধৈর্য্যচ্যুতি অবশ্যম্ভাবী - তাই নিরস্ত হইলাম। এরি মধ্যে একটি অভূতপূর্ব অভিজ্ঞতার কথা না বলিলেই নয়। একদিন প্রাতরাশ করিতে গিয়া দেখি কর্মচারীরা সকলেই বাংলাদেশ হইতে আগত। হঠাৎ দেখি রিসেপশনের বাঙ্গালী ললনা ভোজনরত এক সাহেব দম্পতিকে রাগতস্বরে কিছু বলিলো। তাহারা বিনা বাক্যব্যায়ে অভূক্ত খাদ্য ব্যাগস্থ করিয়া দুড়দাড় করিয়া চলিয়া গেল। শুনিলাম ইহারা অত্যন্ত অকিঞ্চন, বুভূক্ষু। গ্রাহক সাজিয়া এইরূপ করিয়া থাকে ...।

পাঠক হয়তো জানেন - রাত্রিকালীন উড়ানকে ওদেশে বলে রেড আই ফ্লাইট। জাগরণের ফলে চক্ষু রক্তাভ হয় তাই হয়তো ওইরূপ নাম। উহাতে চড়িয়া আমরা ১৭ই তারিখে ফিরিয়া আসিলাম। জাহাজ বন্দরে পৌঁছাইয়াছে কিন্তু মেয়ের বাপ তখনো নিদ্রাবিভোর, মুখমন্ডলে সুগভীর প্রশান্তি। কন্যার বিবাহ হইতে শুরু করিয়া এযাবৎ তাঁহার শ্রমের কথা অনুভব করিয়া চক্ষু বাষ্পাচ্ছন্ন হওয়া রোধ করিতে ব্যর্থ হইলাম। পরদিন দেশে ফিরিবার পালা।

**উপসংহার ঃ** বিবাহোপলক্ষ্যে আমেরিকা আসিয়া বান্ধবগণের সহিত একান্ত আলাপচারিতায় তাঁহাদের প্রাথমিক সংগ্রামের দিনগুলির কথা জ্ঞাত হইয়া শ্রদ্ধায় মস্তক অবনত হইয়া আসে। সামান্য কিছু বাড়তি উপার্জনের নিমিত্ত হেন কাজ নাই যাহা তাঁহারা করেন নাই। আজ তাঁহারা সফল কিন্তু মাথা ঘুরাইয়া দেয় নাই, পদযুগল মাটিতেই প্রোথিত। তাঁহাদের আন্তরিকতা, ভালোবাসা, বন্ধুত্বের মর্যাদা রক্ষা করিবার দুর্নিবার আকাঙ্খা কুর্নিশযোগ্য, ইহা আমার অত্যন্ত শ্লাঘার বিষয়।

১৯ শে সেপ্টেম্বর ঃ শত্তুরের মুখে ছাই দিয়া স্বাস্থবীমার পয়সা জলাঞ্জলি দিয়া সুস্থ শরীরে দিব্য ফিরিয়া আসিয়াছি।

পুনশ্চ ঃ পুনরাগমনের পরে ঝকঝকে দন্ত দেখিয়া কেহ শুধাইলো - কিরে পান খাওয়া ছেড়ে দিলি নাকি? মুচকি হাসিয়া পান, সুপারি, জর্দা কিনিতে ছুটিলাম। শুভায় মস্তু।

# আফ্রিকার গহনে

সৌমিত্র সিংহ
1981 MET

আমার ছোটবেলা থেকেই ইচ্ছে ছিল আফ্রিকার জন্তু-জানোয়ারদের একবার স্বচক্ষে দেখে আসা। চিড়িয়াখানায় তো দেখি তাতে তেমন যেন আশ মেটে না। তার ওপর ওদের বন্দী জীবন তাই উৎসাহটাও একটু ভাঁটা পড়ে যেতো। যখন একদিন Internet এ জানতে পারলাম যে আফ্রিকায় গেলে জন্তু-জানোয়ারদের একেবারে তাদের আস্তানায় দেখার সৌভাগ্য হবে, তখন আদা জল খেয়ে লেগে পড়লাম। বিভিন্ন রকম সাংসারিক ঝামেলা মিটিয়ে ২০১৪ সালের জুলাই মাসে আমাদের যাত্রা শুরু হল। তার আগে অবশ্য ইয়েলো ফিভার ও হেপাটাইটিস এ ও বি এর ইঞ্জেকশান নিতে হলো।

তবে একটু প্রারম্ভিক কথাবার্তা সেরে নি। Internet দেখে প্রথমেই Ket Safaries বলে একটা company এর সন্ধান পেলাম যারা আমাদের একটা reasonable দামে ঘোরাবে বললো। নেট দেখে বুঝতে পারছি না ভাল না খারাপ লোক, বাইরে থেকে যদি টাকা পাঠাই আর তার যদি সেটা মেরে দেয় তাহলে তো বেজায় মুশকিল। যাই হোক নাইরোবীতে বি ই কলেজের এক বন্ধু থাকতো। সে ওদের অফিস থেকে খোঁজ নিয়ে জানালো তাদের সত্যি সত্যি একটা অফিস আছে এবং genuine business করে। আমার বন্ধুর কথা শুনে আমরা ২০% টাকা পাঠিয়ে দিলাম। আমরা ঠিক করেছিলাম ১০দিন ৯ রাত থাকবো। তাতে ওরা জানালো $ 2900 বা ১,৭৪,০০০ টাকা লাগবে জন প্রতি। টাকার পরিমাণটা একটু বেশি কারণ আমরা অতোদিন থাকছি বলে। ট্রিপটা হাফ করলে টাকাটা কম হবে তবে কিনিয়া ঘুরেই ফেরত আসতে হবে। আমরা কেনিয়া ও টানজানিয়া দুটোই ঘুরেছিলাম। এই টাকার মধ্যে সমস্ত কিছু খরচ, মায় খাওয়ার জলের খরচও ওরা দেবে। শুধু জামাকাপড় কাচা ও মদের খরচ ওরা দেবে না। সোজা কথায় মানিব্যাগ ঢুকিয়ে রেখে বেড়াতে বেরনো।




**আমাদের যাত্রাপথ**

ওপরের ম্যাপে আমাদের যাত্রাপথ দেখলাম, নাইরোবী থেকে শুরু করে মাসাইমারা, সেরেঙ্গেটি, গোরংগোরো, লেক মানাইয়ারা, আরুশা, আম্বসেলি হয়ে আবার নাইরোবীতে ফেরত এলাম।



গাড়িগুলোর ছাদ খুলে ছবি তোলা যায়

দুবাই থেকে প্লেন ধরে নাইরোবীতে পৌঁছলাম একটা বিকেলে। পৌঁছে কেনিয়ার on arival ভিসা করলাম। বেরিয়ে দেখি Ket Safaries এর মালিক গাড়ী নিয়ে দাঁড়িয়ে, আমাদের নিয়ে চললো হোটেলে। মালিক অবশ্য অন্য গাড়ীতে গেলো।

আমরা Seattle থেকে Emirates Airlines এ কলকাতা গেলাম। সেখানে কিছুদিন থেকে ফেরার পথে দুবাইতে নামলাম। সেদিন ওই বি ই কলেজের বন্ধু আর এক স্কুলের বন্ধু jointly আমাদের নিমন্ত্রণ করেছিল, তাই ওই গাড়িটা করেই আমাদেরকে ওদের বাড়ি নিয়ে গেলো এবং নিমন্ত্রণ রক্ষার পর হোটেলে ফেরতও দিয়ে গেলো। আমরা শুধু বড় বড় মালগুলো বন্ধুর বাড়ি রেখে গেলাম, সাফারির পর নিয়ে যাবো এই মনস্থ করেছিলাম। আমার বন্ধুরা একটা অদ্ভুত কথা বললো, যে আমরা কখনই যেন রাস্তায় না হাঁটি, ছিনতাই বা অন্য খারাপ কিছু হতে পারে। সবসময় যেন গাড়িতে চলাফেরা করি। পরের দিন ভোরবেলা দেখি সংস্থার মালিক ও অন্য একটি জীপ হোটেলের সামনে দাঁড়িয়ে আছে। আমাদের কাছ থেকে বাকি ৮০% টাকা ডলারে নিয়ে নিলো। আমরা ভয়ে ভয়ে দিলাম, এরপর যদি বনের মাঝে ছেড়ে দেয় তাহলে কিছু করার নেই। কিন্তু পরে বুঝেছি এরা এই করেই খায় কোন রকম দুনম্বরী করে না।

জীপে ৫ দিনের মত রসদ তুলে রওয়ানা দিলো। আমাদের মালপত্র ও প্রচুর জলের বোতল। শুনলাম গাড়িতে ৭৫ লিটার ডিজেল ধরে। আর সঙ্গে walkie talkie আছে এটুকু যা ভরসার কথা শোনাল। আরও একটা ভরসার কথা শোনালো যে বনের মধ্যে যেখানে থাকার যায়গা সেখানে ইলেক্ট্রিক ফেন্সিং করা আছে অর্থাৎ কোন বন্য জন্তু হঠাৎ আক্রমন করতে না পারে। ড্রাইভারের কাছে কোন বন্দুক বা অস্ত্র নেই। এই ড্রাইভার ৫ দিনের রসদ নিয়েছে কারণ ৫ দিন পর বর্ডার পেরিয়ে টানজানিয়াতে ঢুকতে হবে তখন আবার নতুন ড্রাইভার আর নতুন গাড়ি। নতুন ভিসাও করতে হবে। মালপত্রও ওখানে transfer করতে হবে।

আমি যদি এই ১০ দিনের ঘটনা বলি পাঠকগণ board হয়ে যাবেন। ধৈর্যচ্যুতি ঘটে যাবে। তাই কিছু উল্লেখযোগ্য ঘটনা যা ড্রাইভাররা আমাদের বলেছে তা আপনাদের সামনে রাখছি। সিংহ, হাতি, চিতা, গন্ডার ও বন্য মোষ কে ওখানে বলে BIG 5, এদের পরাক্রম সাংঘাতিক। আমাদের journey ছিল দুরকমের। কোন কোন দিন সকালে বেরিয়ে বিকেলে ফেরা। হোটেলগুলো খাবার বানিয়ে বক্স এ প্যাক করে দিতো। কোন কোন দিন

সকালে বেরিয়ে দুপুরে ফিরতাম আবার খাবার খেয়ে নিয়ে আবার বেরতাম। ওরা walkie talkie তে খোঁজ রাখতো কোথায় কোন জন্তুগুলো বেরিয়েছে বা শিকার ধরেছে সেই অনুযায়ী পথ নিতো।

কেনিয়া বা টানজানিয়াতে বনের মধ্যে যে সব হোটেলে থেকেছি তারা আমেরিকার কোন হোটেল এর চেয়ে কোন অংশে কম নয়। আমরা ভাবতেই পারিনি বনের মধ্যে এইরকম হোটেল বানিয়ে রেখেছে। তবে সবই বাঁশ আর কাঠ দিয়ে তৈরি, তাতে আরও অপূর্ব দেখতে লাগছে। কেনিয়াতে যেমন হোটেল গুলো ইলেক্ট্রিক ফেন্সিং দিয়ে ঘেরা, টানজানিয়া কিন্তু তেমন নয়। ওখানে চারপাশ খোলা, সিংহ বাড়ির দোরগোড়ায় চলে আসতে পারে, তাই ওখানে রাতের বেলা খেতে যাওয়ার জন্যে ফোন করতে হতো, তখন এক আদিবাসী একটা বর্শা নিয়ে আসতো এবং খাবার খাওয়া হয়ে যাওয়ার পরে পৌঁছেও দিয়ে যেতো। বলতো শুধু রাতের বেলা বেরোবেন না। কিছু প্রয়োজন হলে আমাদের ফোন করবেন।



**কলতানরত জলহস্তীরা**



**আরেকটি কুৎসিত ও ভয়ঙ্কর প্রাণী কুমীর**

ড্রাইভার প্রথমে যে ভয়ের কথাটা শোনাল যে হোটেলে রাতের বেলা ১০০ মিটার দূরে গিয়ে central restaurant গিয়ে খেতে হবে, চারপাশ ঘুটঘুটে অন্ধকার, একটাই ভরসা ফেন্সিং করা আছে। তাতেই ভয়ে প্রাণ উড়ে গেছে। দূরে দূরে একটা দুটো আলো জ্বলছে, বুঝতে তো পারছি না কিরকম জায়গায় এসেছি। যাক সাহস করে খেয়ে এলাম। ফিরে এসে ঘরের পাশে জানলার ধারে অনেকক্ষণ ধরে ঘোঁত ঘোঁত শব্দ শুনলাম, অন্ধকারে তো আর দেখতে পাচ্ছি না, ভাবলাম কয়েকটা বন্য শুয়োর এসে তাদের গলা সাধছে। পরের দিন সারথী অর্থাৎ ড্রাইভারকে জিগ্যেস করে জানলাম যে ওর মোটেই শুয়োর নয়, নদীর পাশে বলে জলহস্তীরা চরতে এসেছিল। ফেন্সিং থাকার কারণে ওরা ঢুকতে পারেনি, ওরা আমার জানলা থেকে ১০ হাত দূরে থেকে আমায় গান শুনিয়ে গেছে। শুয়োর ভেবে নিশ্চিন্তে ঘুমোতে পেরেছি নাহলে ঘুমের দফারফা হয়ে যেতো।

হাতি দেখাতে নিয়ে গেছে, ৪০/৫০ টা বন্য হাতি, ড্রাইভার অবশ্য ৫০ গজ দূর থেকে দেখাচ্ছে, হাতিদের বাচ্ছাগুলো বেশ সুন্দর

দেখতে লাগে, গুট গুট করে পাশে পাশে যাচ্ছে, কিন্তু অতবড়ো দলের মাঝখানে তাদের প্রায় দেখাই যাচ্ছে না, তাই সারথীকে বললাম গাড়িটা হাতির পালের উল্টোদিকে দাঁড় করাও তাহলে ভালো ছবি তুলতে পারবো। সে একটু হেসে উল্টোদিকে নিয়ে গেলো, ওমা নিমেষে হাতির পালটা বাচ্চাগুলোকে অন্যদিকে নিয়ে নিলো, এরকম বার দুই তিন হলো। আমরা হাল ছেড়ে দিলাম, বুঝলাম হাতিরা বাচ্চাদের কিছুতেই আমাদের দিকে রাখবে না, যাতে না আমরা ওদের কোন ক্ষতি করতে পারি।

আফ্রিকাতে সব দলবদ্ধ (জেব্রা, মোষ, হরিণ, উইল্ডিবিস্ট) প্রাণীই প্রায় সারাবছর ধরে একজায়গা থেকে অন্য জায়গায় যায় খাবারের সন্ধানে। তাকে বলে Great Migration। একবছর পর আবার সেখানে ফেরত আসে। কিন্তু যাওয়ার পথে তাদের কয়েকবার মারা নদী পেরতে হয় আর সেখানেই তারা বিপদে পড়ে, কুমীররা অপেক্ষা করে থাকে, ওরা জলে নামলেই কিছু প্রাণীর প্রাণ যাবেই। জলে অবশ্য কুমীর ও জলহস্তী শান্তিপূর্ণ সহাবস্থান করে। সাধারণতঃ কোন ঝামেলা হয় না।



**দলের ঠিক মাঝখানে বাচ্চাদের রেখে নিয়ে যাচ্ছে**



**গাড়ি থেকে লোক নামছে দেখেই সিংহটা উঠে বসলো**

আর এক জায়গায় দেখলাম দুটো সিংহ পাশাপাশি বসে আছে, আমাদের থেকে ১৫ ফুট দূরে। আমি সারথীকে জিগ্যেস করলাম সিংহরা দলে থাকে এবং একটা পুরুষ সিংহ, কয়েকটা নারী সিংহ আর কতকগুলো বাচ্চা থাকে, এখানে ব্যতিক্রম কেন সোজা কথায় পুরুষ শাসিত সমাজ। যদিও আমি সিংহ, কিন্তু জীবনে সেরকম কিছু করে উঠতে পারি নি। সিংহ দুটোকে দেখছি, সার দিয়ে অনেকগুলো গাড়ি দাঁড়িয়ে আছে। এর মাঝে সারথী বললো ওরা দুজন ভাই মনে হচ্ছে। হঠাৎ দেখি আরেকটা গাড়ি আসছে তবে সেটা জীপ নয়, কলকাতার হন্ডা সিটি এর মত গাড়ি। আমরা ভাবছি এরকম গাড়ি আবার কেউ আনে নাকি বুকের পাটা আছে। বলতে বলতেই গাড়ির চাকা puncture হয়ে গেলো। সমূহ বিপদ। কোনরকমে গাড়িটা সিংহ থেকে ১৫০ গজ মতো সরিয়ে নিয়ে গেলো। আমরাও দেখছি, সিংহ দুটোও দেখছে। গাড়ি থেকে দুই ভদ্রলোক নামলেন, আর নামার সঙ্গে সঙ্গে সিংহ দুটো উঠে বসলো। কি হয়, কি হয়। আমাদের বুক দুরু

দুরু করছে, সিংহ দুটোর ওই ১৫০ গজ পেরতে ১০ সেকেন্ডও লাগবে না। আমাদের সারথী বেশ চালাক। সে করলো কি আমাদের গাড়িটা ওই সিংহ দুটোর মাঝে এগিয়ে দিলে যাতে সিংহ দুটো খারাপ গাড়িটা যেন দেখতে না পায়। এতে সিংহগুলো প্রচন্ড বিরক্ত হয়ে উঠে বনের মধ্যে ঢুকে গেলো। এতো tension এ ঘটনা প্রবাহ দেখছি, হঠাৎ খেয়াল করলাম গাড়ির বাম দিকে মাত্র ১০ ফুট দূরে একটা সিংহ আমার দিকে শ্যেন দৃষ্টিতে তাকিয়ে আছে। আমার শিরদাঁড়া দিয়ে একটা ভয়ের স্রোত নেমে গেলো। আমি যে অন্য মনস্ক সেটা খেয়াল করেছে, সারথীকে বলা মাত্রই সে গাড়িটা এগিয়ে নিলো যাতে গাড়ির ওপর ঝাঁপাতে না পারে। সিংহটাও বুঝলো ওকে আমরা দেখে ফেলেছি, তখন বিরক্তিতে অন্য গাড়ির দিকে মাথাটা ঘুরিয়ে নিলো।

সারথীরা walkie talkie তে কথা বলে জেনে নেয় কোথায় আছে তারা। এরকম একটা জায়গায় গিয়ে দেখি সিংহের দল সদ্য একটা মোষ মেরেছে, তার থেকে পচা গন্ধও বেরোতে শুরু করেছে, কিন্তু খাওয়ার কেউ নেই। সিংহ গুলো দল বেধে দূরে গল্প করছে, তাও আসছে না। সরথী বলল খিদে না পেলে আসবে না, আমরা কি করি ১ ঘন্টা অপেক্ষা করে চলে এলাম। বলতে ভুলে গেছি সারথীরা বেশ ভাল ইংরাজি জানে, তাই ভাষা কোন সমস্যাই নয় এখানে।

ওখানের মাসাই আদিবাসীরা বেশ ব্যবসায়িক বুদ্ধি ধরে। ওদের সঙ্গে ছবি তুলব বলাতে $5 চাইল, এরা সব হোটেলের কাছে মাসাই পোশাক দাঁড়িয়ে আছে, ছবি তুলে পয়সা নেওয়ার জন্যে। ওদের গ্রামে গিয়ে ছবি তুলতে গেলে $150 লাগবে বললো। আমাদের চার জনের $600 লাগবে, আমাদের কাছে সেটা খুব যুক্তিপূর্ণ বলে মনে হলো না। শহর থেকে বনের দিকে যাওয়ার পথে বেশ কিছু দোকান আছে সেখানে কিছু লোক গিফ্‌ট তৈরি করছে, তার একটা ছবি নেবো বলাতে $2 চাইলো। বেশি commercialize করে ফেলার ফল এটা। আরেকটা অসুবিধা হল জিনিসপত্র কিনলে বড় ঠকিয়ে দেয়, বাজে কাঠের তৈরি জিনিস বেচে দেয়, পরে ভেঙ্গে যায় সেগুলো। আমাদের সারথী কোথাও নামতে বারণ করে দিয়েছিলো, শুধু তাই নয় আদিবাসী লোকেদের সঙ্গে কথাও বলতে বারণ করে দিয়েছিলো। কি বিপদ ঠিক বলতে পারবো না আমরা সেই নিয়ম মেনে চলেছি।

আর একবার কি হল, বনের মধ্যে দিয়ে যাচ্ছি একটু দূরে ২/৩ টে হাতি দেখতে পাচ্ছি। বুনো হাতি এত কাছে, ছবি তোলার ইচ্ছে হচ্ছে আবার ভয়ও হচ্ছে। হঠাৎ গাড়িটা ঘ্যাঁচ করে থেমে গেলো, ভাবলাম ভাল কিছু দেখাবে না হয় গাড়ি বোধহয় ফেঁসে গেলো। কি আবার হলো বলাতে সারথী একটু দূরের দিকে আঙ্গুল দেখিয়ে একটা সরু ৮/১০ ফুটের বাদামী কালচে সাপ দেখাল। এত দূরে ভাল করে দেখতেও পাচ্ছি না। আমি বললাম সাপটা তো অনেক দূরে আছে গাড়িটা এগিয়ে নিয়ে চলো না। ছবি তুলবো। ও অবাধ্যের মত কথা শুনলো

না। আমি তো বেশ অবাক, এই কদিনে যা বুঝেছি ওরা tourist রা খুশী হবে বলে সব কিছু করে। এবারই ব্যতিক্রম। পরে ওর কাছ থেকে জানলাম ওটা ব্ল্যাক মাম্বা। ওর মুখের ভেতরটা কালো বলে ওইরকম নাম। ঘন্টায় ১২ মাইল দ্রুততায় তাড়া করতে পারে। মানুষের গতি অনেক কম। শুধু তাই নয় লেজের ওপর দাঁড়িয়ে ৮ ফুট ওপরে ছোবল মারতে পারে। আমি হিসেব করে দেখলাম গাড়ির মধ্যে থাকা অবস্থায় আমাকে অনায়াসে ছোবল মারতে পারে, তাই সারথী আর এগোতে চায়নি। আর এই সাপটা aggressive অর্থাৎ তাড়া করে এবং ছোবল মারলে ৪৫ মিনিট এর বেশি বাঁচা কঠিন।



জিরাফের আদর



উইল্ডিবিস্ট এর আড্ডা

ওখানে নিরীহ প্রাণীদের মধ্যে দলে দলে থাকে মোষেরা, উইল্ডিবিস্ট (গরুর প্রকারভেদ), জেব্রা, হরিণের মতো ১১০০ রকমের প্রাণী, আর পাখিও থাকে ২৬০০ রকমের। ওখানে মানুষ বেশী মারা যায় জলহস্তীর আক্রমণে। এদের নিয়ম যতই বনের মধ্যে ঘোরো, সন্ধ্যের মধ্যে গাড়ি হোটেলে ঢুকিয়ে দিতে হবে।

সুন্দর প্রাণীদের মধ্যে জিরাফ অন্যতম। তারা যখন একজন আর একজনকে গলা দুটো জড়িয়ে আদর করে দেখার মতো। এছাড়া জেব্রাও খুব সুন্দর দেখতে। কুৎসিত দেখতে হল হায়েনা আর তারা খায়ও খুব অদ্ভুতভাবে। তারা কোন প্রাণীকে মারতে পারে না, জীবন্ত অবস্থায় খেতে শুরু করে, তারপর প্রাণীটা মারা যায়।



লাখে লাখে পরিযায়ী পাখি



কটেজ হোটেলে থাকার জায়গা

পাঠকগণ আগেই আপনাদের বলেছি আমরা সারাদিনের জন্যে কোন কোন হোটেল থেকে বেরিয়েছি। অতক্ষণ বাইরে থাকার ফলে প্রাকৃতিক কাজের প্রয়োজন পড়তো। কোন কোন জায়গায় বাথরুম থাকতো। সেখানে অসুবিধা ছিল না। কিন্তু কোন কোন জায়গায় থাকতো না, তাই মাঝমাঠে গাড়ির পেছনে সারতে হতো। সারথী অবশ্য গাড়িতে বসেই সবদিক নজর রাখতো। আমরা গাড়ির দরজা খুলে রাখতাম যাতে বিপদ ঘটলে তাড়াতাড়ি ভিতরে ঢুকে পড়তে পারি। বনের মধ্যে যাওয়ার প্রশ্নই নেই। সেখানে বিপদ অনেক বেশী।

একবার একটা অদ্ভুত ঘটনা ঘটলো। আমাদের সেদিন গাড়ি নিয়ে ফিরতে একটু দেরি হয়ে গেছে, তখন সন্ধ্যে নেমে গিয়েছে। দেখি দূরে অনেকগুলো টিপ টিপ করে আলো জ্বলছে এবং সেগুলো চলাফেরা করছে বেশ বোঝা যাচ্ছে। তৎক্ষণাৎ সারথীর শরণাপন্ন হলাম। ও বললো ওগুলো বনের পুলিশ। ওরা রাতের বেলায় চোরা শিকারিদের ধরতে বেরিয়েছে। চোর শিকারিরা এই সময় সক্রিয় হয় বলে প্রাণ হাত করে হত্যা করা প্রাণীদের খোঁজ করছে, তারাও চালাক, রাতের অন্ধকারে সহজে সরিয়ে ফেলা যায়, সেই আশাতে থাকে, বনেতেও চোর পুলিশের লুকোচুরি আর কি।

নাইরোবিতে এসে নামকরা Carnivore restaurant এ খেতে গেলাম, খেয়ে দেয়ে মালপত্র তুলে airport এর গেট অব্দি সারথী পৌঁছে দিয়ে গেলো। আমরা স্বাভাবিক ভাবেই কিছু বখশিশ দিলাম। খুব খুশী। আমাদের যাত্রা শেষ হলো।

পাঠকগণ আপনারা একবার আফ্রিকা ঘুরে আসুন, এতো জীবন্ত প্রাণীর সমাহার তাতেই মনটা অন্যরকম হয়ে যাবে। আমাদের দেশের লোকেরা সুযোগ পেলেই ইউরোপ ঘুরে আসে। অনেকের কাছ সেটা একটা স্ট্যাটাস সিম্বল তাই আফ্রিকায় যাওয়া লোকের সংখ্যা নিতান্তই নগন্য।

"বন্যেরা বনে সুন্দর", তাদেরকে দেখার আনন্দই আলাদা, তাই আমি অনেক প্রয়োজনীয় তথ্য দিয়েছি যাতে আগ্রহী লোকেরা অনায়াসেই যেতে পারেন। আশা করবো আমার বর্ণনা আপনাদের ভাল লেগেছে এবং মনশ্চক্ষে দেখতে পাচ্ছি আপনারাও আমার এই লেখা পড়ে আফ্রিকা যাওয়ার ব্যাপারে আগ্রহী হতে চলেছেন।

# সেন্ট পিটার্সবার্গ

**শুভশ্রী নন্দী,**
(Wife of Nachiketa Nandi, 1981 ME)

